৬। উন্নয়নমূলক কর্মকান্ডে অংশগ্রহণ, বিশেষ করে স্বেচ্ছাভিত্তিক অংশগ্রহণ জনসাধারণকে উদ্বুদ্ধকরণ এবং এই লক্ষ্যের বাস্তবায়নে আলোচনা অনুষ্ঠান ও উন্নয়নমূলক প্রকল্পের ওপর যথাসম্ভব সচিত্র প্রতিবেদন উপস্থাপিত করতে হবে। শ্রমের মর্যাদা ও কায়িক পরিশ্রমের প্রয়োজনীয়তা সম্পর্কে জনসাধারণকে সচেতন করার প্রচেষ্টা চালাতে হবে। ব্যক্তিগত ও সামাজিক কল্যাণ এবং অর্থনৈতিক উন্নতির জন্য নিজ হাতে কাজ করা যে- অবমাননাকর নয় এবং এজন্য কোন পেশা বা বৃত্তি যে হেয় নয়, অনুষ্ঠানের মাধ্যমে তা ফুটিয়ে তুলতে হবে।

৭। সাংস্কৃতিক ও চিত্তবিনোদনমূলক অনুষ্ঠানের সঠিক মূলায়ন করে শ্রোতা-দর্শকদের নির্মল আনন্দ পরিবেশনের প্রচেষ্টা চালাতে হবে। বাংলাদেশী সংস্কৃতির সমৃদ্ধির জন্য বিভিন্ন অনুষ্ঠানে দেশের প্রত্যন্ত অঞ্চলের শিল্প ও শিল্পীদের অনুসন্ধান ও আবিষ্কার করে তাদেরকে অনুপ্রাণিত করতে হবে এবং জনসমক্ষে তুলে ধরতে হবে।

৮। বাংলা ভাষাকে রাষ্ট্র ভাষার যোগ্য মর্যাদায় সুপ্রতিষ্ঠিত করার লক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠানের এবং এই উদ্দেশ্যে সঠিক বাংলা উচ্চারণের একটি আদর্শ মান স্থাপনের চেষ্টা করতে হবে। সংবাদ পাঠ ও অনুষ্ঠান ঘোষণার ক্ষেত্রে কোনক্রমেই উচ্চারণের মান শিথিল করা যাবে না।

৯। রেডিও বাংলাদেশ ও বাংলাদেশ টেলিভিশনের অনুষ্ঠান মূলতঃ বাংলায় প্রচার করা হবে। সামগ্রিক অনুষ্ঠান নীতিমালার সঙ্গে সামঞ্জস্য রক্ষা করে সংবাদ, বিদেশী ছায়াছবি ও সংগীত প্রচারিত হবে এবং বিনিময়- অনুষ্ঠান প্রচারের ক্ষেত্রে প্রয়োজনবোধে এই নীতি শিথিল করা যাবে ।

১০। নাটক, লোক-সংস্কৃতিমূলক ও অন্যান্য অনুষ্ঠানের প্রয়োজনে আঞ্চলিক ভাষা ব্যবহার করা যাবে, তবে কোনক্রমেই কোন অঞ্চলের প্রতি কটাক্ষ করার জন্য আঞ্চলিক ভাষা ব্যবহার করা যাবে না।

১১। কৃষি ও শিল্প ক্ষেত্রে উৎপাদন বৃদ্ধি এবং দেশকে স্বনির্ভর করে গড়ে তোলার আন্দোলনে জনসাধরণকে অনুপ্রাণিত করতে হবে। বিশেষ করে কৃষক, শ্রমিক ও অন্যান্য কর্মীদেরকে গুরুত্বপূর্ণ ভূমিকা ও দায়িত্ব পালনে উদ্বুদ্ধ করতে হবে।

১২। জনসংখ্যা বৃদ্ধির ভয়াবহতা সম্পর্কে বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে জনগণকে সদা সচেতন রাখতে ও এ সম্পর্কে কার্যকর ব্যবস্থা গ্রহণে তাদেরকে আগ্রহী করে তুলতে হবে। শালীনতা, রুচি ও দেশীয় কৃষ্টির প্রতি যথেষ্ট দৃষ্টি রেখে জনসংখ্যা নিয়ন্ত্রণ কার্যক্রম প্রচার করা হবে।

১৩। দেশের প্রতিটি নিরক্ষর মানুষকে সাক্ষর হতে সচেতন ও আগ্রহী করার জন্যে অনুষ্ঠান রচনা ও প্রচার করা হবে।

১৪। জনসাধারণকে দেশের শিল্পের উন্নয়নের ও দেশের প্রযুক্তি উদ্ভাবনে উদ্বুদ্ধ করে তুলতে হবে।

১৫। যুব সম্প্রদায়ের সৃজনশীল চিন্তাধারা ও শক্তিকে কর্মক্ষেত্রে নিয়োগের পথনির্দেশ দিতে হবে এবং তাদের সমস্যা সমাধানের ফলপ্রসূ ইঙ্গিত প্রদান করতে হবে।

১৬। রাজনৈতিক, অর্থনৈতিক, ধর্মীয় তথা সমাজ জীবনের সর্বক্ষেত্রে পুরুষের পাশাপাশি মহিলাদের সমমর্যাদা ও সক্রিয় অংশগ্রহণের লক্ষ্যে অনুষ্ঠানের মাধ্যমে মহিলা সমাজকে উদ্বুদ্ধ করার বাস্তব পদক্ষেপ গ্রহণ করতে হবে, যেন মহিলা সমাজ আমাদের জাতিকে প্রত্যয়দীপ্ত রাখার ব্যাপারে সত্যিকারের অর্থপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

১৭। শিশুদের সৌজন্যে শিক্ষা, পরিষ্কার পরিচ্ছন্ন থাকা, ধর্ম, সমাজ ও জাতীয় জীবনের এবং বিশেষ করে ইসলামের মহাপুরুষদের আদর্শের প্রতি আকৃষ্ট করে তুলতে হবে। ছোটদের অনুষ্ঠানে ভাই-বোন, পিতা-মাতা, বয়োজ্যেষ্ঠ ও প্রতিবেশীদের সাথে শ্রদ্ধা, সৌহার্দ্য ও সহযোগিতামূলক সম্পর্কের প্রতিফলনকে প্রাধান্য দেওয়া হবে। ছোটদের

১০— নিন্দা, বিবাদ, কলহের দৃশ্য পরিহার করতে হবে। দেশপ্রেম ও চরিত্র গঠনের সুশিক্ষা প্রদানের দিকে বিশেষ লক্ষ্য রাখতে হবে।

১৮। নৈতিকতাবোধের উন্নয়ন, সামজিক কুসংস্কার থেকে মুক্তি এবং সমাজ বিরোধী কার্যকলাপ অবদমনের দায়িত্ব পালন করার লক্ষ্যে সকল প্রকার দুর্নীতি দমন ও সমাধানের সুস্পষ্ট ইঙ্গিত করতে হবে।

১৯। অনুষ্ঠানে কোন প্রকার অশোভন উক্তি উচ্চারণ করা যাবে না।

২০। অনুষ্ঠানে সরাসরি বা বিজ্ঞাপনের মাধ্যমে কোন রাজনৈতিক দলের বক্তব্য বা মতামত প্রচার করা যাবে না।

২১। জাতীয় সম্পদ রক্ষণাবেক্ষণের জন্য সংশিলষ্ট সকল কর্মচারী এবং জনসাধারণকে দায়িত্বশীল হওয়ার জন্য সচেতন করে তুলতে হবে।

২২। জাতীয় সম্পদ রক্ষণাবেক্ষণের জন্য সংশিলষ্ট সকল কর্মচারী এবং জনসাধারণকে দায়িত্বশীল হওয়ার জন্য সচেতন করে তুলতে হবে।

২৩। আইনের প্রতি শ্রদ্ধা প্রদর্শনের মনোভাব জাগরুক করে তুলতে হবে।

২৪। কোন মানুষ বা প্রাণী নির্যাতনের দৃশ্য অনুষ্ঠানে প্রচার করা যাবে না। নাটকের প্রয়োজনে বিশেষ ক্ষেত্রে এই নীতি শিথিল করা যেতে পারে।

২৫। অনুষ্ঠানে স্বাধীনতা সংগ্রামের প্রকৃত ও সর্বজন স্বীকৃত মুক্তিযোদ্ধাদের ভূমিকা গৌরবান্বিত করতে হবে।

২৬। দেশী ও বিদেশী ছবি/অনুষ্ঠানে অশলীল চুম্বনের দৃশ্য সর্বতোভাবে পরিহার করতে হবে। হিংসাত্মক, সন্ত্রাসমূলক এবং আমাদের সাংস্কৃতিক মূল্যবোধের পরিপন্থী কোন অনুষ্ঠান প্রচার করা যাবে না।

২৭। বিজ্ঞাপনে প্রদত্ত পণ্যের উৎকর্ষ প্রচার করতে গিয়ে অন্য কোন পণ্যকে হেয় করা যাবে না। বিজ্ঞাপনে কোন অশলীল বা অশোভন দৃশ্য বা উক্তি থাকতে পারবে না।

[তথ্য মন্ত্রণালয়ের স্মারকলিপি নম্বর এম/আই/৬এফ-১/৮৪-টিভি (অংশ)/ ৭২৬৮৮, তারিখ:২৮-১২-১৯৮৫]

২.৫ বাংলাদেশ টেলিভিশন চলচ্চিত্র
সেন্সর-বিধি

বাংলাদেশ টেলিভিশনের দর্শকরা প্রধানতঃ পরিবারের সদস্যবৃন্দ যাদের মধ্যে বয়সের তারতম্য আছে। দর্শকদের মধ্যে শিশু- কিশোর, তরুণ- তরুণী আছে যাদের ওপর টিভির অনুষ্ঠানসমূহ গভীর রেখাপাত করে। যেহেতু পরিবারের বিভিন্ন বয়োগোষ্ঠীর সদস্যবৃন্দ যুগপৎভাবে অনুষ্ঠান দেখেন, সেহেতু তাদের ওপর রেখাপাতের মাত্রারও হেরফের ঘটে। টিভির অনুষ্ঠানসমূহ বাংলাদেশের সামাজিক, সাংস্কৃতিক, ভৌগোলিক ও রাজনৈতিক ঐতিহ্য ও মূল্যবোধের সঙ্গে সঙ্গতিপূর্ণ কি না সেগুলিও বিচার বিবেচনা করে দেখতে হবে।

১। এসব বিবেচনার কথা মনে রেখেই প্রতিটি চলচ্চিত্রের নিজস্ব উৎকর্ষ-অপকর্ষের ভিত্তিতেই সংশিলষ্ট চলচ্চিত্রের বিচার-বিবেচনা করতে হবে।

(ক) যে সব চলচ্চিত্র দর্শকদের নৈতিক মানের অবনতি ঘটাতে পারে কিংবা অপরাধ, অপকর্ম, অশুভ বা পাপকাজে দর্শকদের সহানুভূতি আকর্ষণ করতে পারে সেগুলোকে হয় অনুমোদন দেয়া যাবে না অথবা সেগুলোকে যথাযথভাবে সেন্সর করতে হবে।

(খ) কোন দেশ বা জাতির আইন, ধর্মীয় বিশ্বাস ও রীতি, রাজনৈতিক মতবাদ, ঐতিহ্য, ইতিহাস, প্রথা ও আচরণ ইত্যাদিকে উপহাস করা চলবে না।

(গ) কাহিনীর পলট নির্মাণের জন্যে অত্যাবশ্যকীয় হলেও অপরাধ, অপকর্ম বা অবিমৃশ্যকারিতার উপস্থাপন করা যাবে না যাতে অপরাধকর্মের প্রতি দর্শকদের সহানুভূতি জন্মে অথবা ঐ অপরাধ অনুকরণের ইচ্ছায় অন্যকে অনুপ্রাণিত করে।

(ঘ) বিয়ে ও গৃহস্থালীর প্রাতিষ্ঠানিক পবিত্রতা সমুন্নত রাখতে হবে এবং দর্শকদের মধ্যে এমন ধারণার সৃষ্টি হবে না যাতে ইতর পর্যায়ের যৌন সম্পর্ককে সচরাচর ও স্বাভাবিক বিষয় বলে মনে করা হয়।

(ঙ) দর্শকদের সংবেদনশীলতার প্রতি লক্ষ্য রেখে সুরুচির ভিত্তিতে সংশিলষ্ট চলচ্চিত্রের বিচার বিশেলষণ করতে হবে। সংলাপ, অঙ্গভঙ্গী, ইঙ্গিত, গান অথবা হাসি-তামাশার মধ্যে অশলীলতা থাকবে না।

(চ) নগ্নতা, নগ্নছায়ামূর্তি, বস্ত্র উম্মোচন দৃশ্য অথবা দেহপ্রদর্শন, অশোভন অঙ্গভঙ্গী, নৃত্য, যৌনক্রিয়ার ইঙ্গিতসূচক বা প্রতীকী নাচ অথবা অশোভন প্রবৃত্তিমূলক কোনকিছু দেখানো যাবে না।

(ছ) গভীর রাতে প্রদর্শনের জন্যে নির্ধারিত চলচ্চিত্রগুলো শুধুমাত্র বয়স্কদের উপযোগী করে নির্মিত এবং সে অনুসারে কিছু ছাড় দেয়া যেতে পারে তবে সেখানেও সেন্সর-বিধির চেতনা অবশ্যই সমুন্নত রাখতে হবে।

২। উলিলখিত বিষয়ের আলোকে, নিম্নলিখিত উপাদান থাকলে টিভিতে প্রদর্শনীর জন্য চলচ্চিত্র অনুপযুক্ত বলে বিবেচিত হবেঃ

(ক) জাতীয় আদর্শ বা উদ্দেশ্যের প্রতি কোন প্রকার ব্যঙ্গ বা বিদ্রূপ,

(খ) বাংলাদেশ বা বাংলাদেশের জনগণের প্রতি অবমাননা বা ব্যঙ্গ কিংবা বাংলাদেশের জনগণের জাতীয় চরিত্রের প্রতি কটাক্ষ অথবা একটি স্বাধীন রাষ্ট্র হিসাবে বাংলাদেশের অখন্ডতা বা সংহতি ক্ষুণ্ণ হতে পারে এমন প্রবণতা,

(গ) বিচ্ছিন্নতা বা অসন্তোষের সৃষ্টির জন্য জাতি বা শ্রেণী বিদ্বেষ প্রচার,

(ঘ) রাষ্ট্রের নিরাপত্তা বিপন্ন করতে পারে এমন ধরনের সামরিক বা সরকারী গোপন তথ্য ফাঁস,

(ঙ) আইন- শৃঙ্খলা ভঙ্গ এবং আইন-শৃঙ্খলা ভঙ্গের প্রতি সহানুভূতি সৃষ্টি,

(চ) সশস্ত্র বাহিনী/পুলিশ বাহিনী অথবা দেশের আইন-শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত দায়িত্বশীল অন্য কোন বাহিনীর প্রতি কটাক্ষ, বিদ্রূপ বা অবমাননা,

(ছ) কোন বিদেশী রাষ্ট্রের অনুকূলে এমন ধরনের প্রচারণা যা বাংলাদেশ ও সংশিলষ্ট দেশের মধো বিরোধের কোন একটি বিষয়কে প্রভাবিত করতে পারে কিংবা একটি বন্ধুভাবাপন্ন বিদেশী রাষ্ট্রের বিরুদ্ধে এমন ধরনের প্রচারণা যার ফলে সেই রাষ্ট্র ও বাংলাদেশের মধ্যকার সুসম্পর্ক ক্ষতি হওয়ার আশংকা আছে।

(জ) কোন জনগোষ্ঠী, জাতি বা দেশের মর্যাদা বা ইতিহাসের ক্ষতিকর ঘটনা/দৃশ্য বিন্যাস,

(ঝ) ঐতিহাসিক তথ্যের বিকৃতি,

(ঞ) কোন ধর্মের প্রতি বিদ্রূপ, অবমাননা বা আক্রমণ,

(ট) বিভিন্ন ধর্মীয় সম্প্রদায়, বর্ণ বা মতাবলম্বীদের মধ্যে বিদ্বেষ বা বিভেদ সৃষ্টি,

(ঠ) নৈতিকতা বিবর্জিত কার্যকলাপের কথিত অনুমোদন,

(ড) সাধারণভাবে গ্রাহ্য শালীনতার আদর্শের অবমাননা,

(ঢ) দুষ্ট এবং নৈতিকতা বর্জিত চরিত্রের প্রতি সহানুভূতি বা প্রশংসা,

(ণ) হীন উপায়ে মহৎ উদ্দেশ্য অর্জনের প্রতি যুক্তি প্রদর্শন,

(ত) সামাজিক অনুষ্ঠান হিসাবে বিয়ের পবিত্রতা ক্ষুণ্ন করার প্রয়াস,

(থ) ধর্ষণ, ব্যভিচার, মহিলাদের ওপর অপরাধমূলক আক্রমণ, নারী ও শিশুদের নিয়ে অবৈধ ব্যবসা, উত্যক্তকরণ, পতিতাবৃত্তি এবং দালালী,

(দ) কামুক বা অশোভন দেহভঙ্গী,

(ধ) নৈতিক মান অনুযায়ী গ্রাহ্য শয্যাদৃশ্যের বহির্গত কোন দৃশ্য সংযোজন,

(প) শারীরিক নিগ্রহ অথবা মাত্রাতিরিক্ত প্রসব বেদনা প্রদর্শন,

(ফ) যৌন ব্যাধি, অতিমাত্রায় রক্তক্ষরণ, জখম ও ছেদন ইত্যাদি দৃশ্য,

(ব) সত্যিকার ফাঁসিতে লটকানো বা বীভৎস হত্যাকান্ড, শ্বাসরোধ করে হত্যা এবং আত্মহত্যার দৃশ্য প্রদর্শন,

(ভ) অপরাধীদের কার্যকলাপের কৌশল প্রদর্শন যা অপরাধ সংঘটনের ক্ষেত্রে নতুন পদ্ধতি প্রবর্তনে সহায়ক হতে পারে,

(ম) অপরাধ নিবারণ ও নির্ণয়ে অথবা অপরাধীদের দন্ডবিধানে নিয়োজিত সরকারী কর্মকর্তাদের হাস্যস্পদ করে তাদের ভাবমূর্তি বিনষ্ট করে এমন দৃশ্য প্রদর্শন ।

বিশেষ দ্রষ্টব্যঃ যদি কোন ছবি বা চলচ্চিত্র জনসাধারণকে অপরাধে প্ররোচিত করে বলে সাধারণ ধারণার জন্ম নেয় তাহলে সে ছবি বা চলচ্চিত্রকে সার্টিফিকেট দেয়া চলবে না যদিও তাতে এটা দেখানো হয় যে, অপরাধীরা তাদের দন্ডের জন্যে দন্ডিত হয়েছে।

৩। একটি চলচ্চিত্রকে সম্পূর্ণ নিষিদ্ধ করা কিংবা ঐ চলচ্চিত্রের কোন একটি অংশ বা কয়েকটি অংশ ছেঁটে দিয়ে সেটিকে সাধারণ প্রদর্শনীর উপযুক্ত করা হলে সেটিকে শুধুমাত্র গভীর রাতে প্রদর্শনের যোগ্য বলে সার্টিফিকেট দেয়াই উদ্দেশ্য নয়। সেন্সর- বিধির আওতাধীন শর্তাবলীর অধীনে যথাযথ ছাঁটাইয়ের পরও যদি কোন চলচ্চিত্রকে জনপ্রদর্শনীর উপযুক্ত করে তোলা সম্ভব না হয় তা হলে সেক্ষেত্রেই শুধু চলচ্চিত্রকে সম্পূর্ণ নিষিদ্ধ করার ব্যবস্থা অবলম্বন করা হবে।

[তথ্য মন্ত্রণালয়ের স্মারকলিপি নম্বর এম/আই/৬এফ-১/৮৪-টিভি (অংশ)/ ৭২৬৮৮, তারিখ:২৮-১২-১৯৮৫]

২.৬ বাংলাদেশ টেলিভিশনে সম্প্রচারের উদ্দেশ্যে বিদেশী ছবি নির্বাচনের নীতিমালা

বাংলাদেশ টেলিভিশনে প্রদর্শনের নিমিত্তে বিদেশী ছবি নির্বাচনের জন্য নিম্নে উলিলখিত নীতিমালা অনুসরণ করা হবেঃ -

১। বাংলাদেশ টেলিভিশনের অনুষ্ঠান নীতিমালা এবং বাংলাদেশ টেলিভিশন চলচ্চিত্র সেন্সর-বিধির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

২। সংশিলষ্ট ছবি দেশের সংবিধান বা রাষ্ট্রীয় মূলনীতির সাথে এবং বাংলাদেশের সামাজিক, ধর্মীয়, সাংস্কৃতিক, ভৌগোলিক ও রাজনৈতিক ঐতিহ্য ও মূল্যবোধের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।

৩। চলচ্চিত্র এমন হওয়া উচিত যা দর্শকদের নৈতিক মানের উন্নতি ঘটাতে পারে এবং হিংসা, বিদ্বেষ, অপরাধ, অশুভ বা পাপ কাজ থেকে তাদেরকে বিরত থাকতে উৎসাহিত করে বা ঐসব কাজের কৌশল সম্বন্ধে জ্ঞান না দেয় ।

৪। সামাজিক মূল্যবোধের নিরিখে তৈরী ছবি হতে হবে।

৫। ভৌতিক/অলৌকিক কর্মকান্ডের দ্বারা প্রভাবান্বিত ছবি যা' দর্শকদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি করে বিশেষ করে শিশু-কিশোরদের ব্যক্তিত্ব বিকাশে বাধার সৃষ্টি করতে পারে তা গ্রহণযোগ্য হবে না।

৬। ছবির কাহিনী, ঘটনা বিন্যাস এবং সংলাপ এমন হওয়া উচিত যাতে শিশু কিশোরদের মনে অপরাধ প্রবণতা না জন্মায় বা তাদের ওপর কোন বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি না করে ।

[তথ্য মন্ত্রণালয়ের স্মারকলিপি নম্বর তম/৫এফ-২/৮৫-টিভি/১০, তারিখ:৩-১-১৯৮৮]

২.৭ GUIDELINES FOR RADIO AND TELEVISION PROGRAMMES

The responsibilities of Radio and Television as powerful mass media are enormous. The basic objectives of broadcasting and telecasting are four–fold: dissemination of information, extension of education, motivation for development activities and entertainment. For realisation of these objectives, Radio Bangladesh and Bangladesh Television will follow the undermentioned guidelines in formulation of their programmes:

1. Programmes shall be formulated on the basis of the State policies and the Principles of the Govt. of Bangladesh.

2. Realistic steps shall be taken to make the people of Bangladesh responsible citizens imbued with political, State, social policies and principles of the Government of Bangladesh and above all with patriotism.

3. There shall be expression and development of Bangladeshi nationalism for defending the sovereignty of Bangladesh, for political stability and also for economic development.

4. Efforts shall be made to reflect the country's traditional and own Muslim culture, heritage and ideologies for the development of Bangladeshi culture, establishment of intimate relationship of the people with Bangladeshi culture by inspiring various regional cultural trends with the ideals of Bangladeshi nationalism and patriotism.

5. Full respect shall be shown to all religious feelings. There shall not be any humiliation, sarcasm, aspersion or criticism against any people, religion, sect or individual. Communalism must be avoided.

6. As far as practicable, there shall be pictorial presentation of people's participation in development activities, especially voluntary participation and motivation of the people in such programmes. To achieve this end, discussion programmes with pictorial presentation shall be arranged. Efforts shall be made to imbibe the people about the dignity of labour and utility of physical labour. It should be reflected through programmes that it is no disrespectful to work with own hands and no job or profession is lowly for personal and social welfare and economic development.

7. Efforts shall be made for presentation of healthy entertainment to the audience according to their cultural and recreational needs. Arts and artists of the remotest corners of the country shall be found out, patronised, encouraged and presented to the people through various programmes for harmonisation and enrichment of Bangladeshi culture.

8. Efforts shall be made to set a high standard for various programmes and for correct pronunciation of Bengali words. Bengali is our State Language. Under no circumstances, the standard of pronounciation shall be lowered in news bulletins and announcements.

9. The programmers of Radio Bangladesh and Bangladesh Television shall basically be broadcast in Bengali. These principles may be relaxed for news bulletins, foreign films,

songs, and exchange-programmes maintaining consistency with overall programme guidelines.

10. Regional language may be used, if required, in drama, folk programmes and other items. But utmost care should be taken to avoid belittling or hurting any region or regional dialect.

11 To make the country self-reliant, the peasants, the labourers and other work-force shall be motivated to increase agricultural and industrial production and they shall be inspired to play responsible and important role. Different programmes must reflect the problems of common men and their hopes and aspirations.

12. The people shall be made conscious of the gravity of the population explosion through different programmes and they shall be encouraged to adopt effective measures in this regard. The programme for population control should be broadcast with due regard to traditional decency and decorum.

13. To make unlettered citizens conscious and enthusiastic, there shall be programme and publicity on literacy drive.

14. The people shall be motivated towards the development of industries in the country and that of indigenous technologies.

15. Encouragement shall be given for utilizing the creative thinking and powers of the youth and indications should be given for solving their problems.

16 Positive steps should be taken through programmes to imbibe the womenfolk for equal and active participation along their counterparts in all spheres of life like politics, economic and religious fields so that they can play a real meaningful role in nation building activities.

17. Children shall be given proper training to be courteous. They shall be taught cleanliness and made interested in religion, social affairs and national life and specially the ideals of the great personalities of Islam. In the programmes for the minor children a sense of respect, co-operation and goodwill towards parents and elders, family members and the neighbours shall be prominently reflected. Calumny, dispute and scene of quarrels shall be avoided in the programmes for the children.

18. Corruptions in all forms must be eradicated and clear remedial measures must be identified with a view to heightening the moral values and removing all forms of anti- social activities.

19. No indecent utterances should be broadcast or telecast in the programmes.

20. No views or opinion of any political nature should be propagated directly or indirectly or through advertisements in the programmes.

21. The programme shall be designed to reflect honesty, loyalty, discipline, and patriotism. Frugality and civic responsibilities in the individual, family and social life.

22. All concerned employees and members of the public shall be made conscious of their responsibilities in the maintenance and the preservation of national properties.

23. Sense of respect for law shall be imbued among the people.

24 No programme showing cruelty to human being or animal shall be projected. This may be relaxed in the case of dramas with due moderation.

25. The role of the freedom fighters in the liberation war should be glorified in the programmes.

26. Vulgar scenes and kiss shall be totally avoided in all films and programmes, whether national or foreign. No programme of violence and terrorism or anything against our cultural values shall be projected.

27. White publicising the quality of any commodity in any advertisement no other commodity shall be undermined. The advertisement must not contain any indecent and obscene scene or utterance.

২.৮ BANGLADESH TELEVISION FILM CENSOR GUIDELINES AND RULES

১১—

Viewers of Bangladesh Television are mainly members of a family of different age-groups. Amongst the viewers there are children, juveniles and youths on whom TV programmes leave deep impression. Since the viewers are of different age groups, impact on them varies. Evaluation is to be made whether the Television programmes are compatible with the social, cultural, geographical and political traditions and values of Bangladesh.

1. Keeping these in view, each film is to be judged on its own merit.
   a) Films which are likely to degrade the moral value of viewers or create admiration of the viewers towards crime, heinous deeds and sin will either not be recommended at all or suitably censored.
   b) Law, religious belief, custom, political ideology, tradition, history, hertiage of no country shall be belittled.
   c) Act of crime, misdeed or hot-headedness that are likely to create sympathy in the mind of viewers shall not be incorporated in the plot even though these may be absolutely necessary for its development.
   d) Institution of marriage, domestic sanctity shall be held high and viewers must not have the feeling that sexual relationship of vulgar nature is acceptable and normal.
   e) Films are to be judged keeping in view the finer feeling of the viewers. There must not be any vulgarity in dialogues or physical postures.
   f) Nakedness, naked shadow of human beings, taking off clothes, vulgar physical postures, naked sexual acts, suggestive or symbolic dance or vulgar desire shall not be shown.
   g) Films for late night showings are earmarked for adults only. keeping this mind some concessions may be given but in that case also essence of censor guidelines must be kept in mind.
2. In view of the rules mentioned above film shall not be considered suitable for the Television screening if it contains the following elements:
   a) Ridicule national ideology or ambition,
   b) Insult or ridicule Bangladesh or people of Bangladesh, or cast asperion on the national traits of the people of Bangladesh or any tendency that may harm solidarity or integration of Bangladesh as an independent state,

c) Propaganda against any race or class with a view to encouraging distintegration or unrest,

d) Exposure of military or government secret information that may endanger security of the state,

e) Sympathetic attitude towards breaking law or encourage sympathy towards, breaking law,

f) Aspersion on armed forces/police or any other forces deputed for maintenance of law and order in the country,

g) Any publicity in favour of any state that may influence any dispute between Bangladesh and that state or any publicity that may damage friendly relationship between Bangladesh and that country,

h) Scenes detrimental to the prestige and history of any particular sect, race or country,

i) Distortion of historical fact,

j) Ridicule, insult or attack on any religion,

k) Creation of disharmony or hatred between different religious groups, caste or sect,

l) Approval of immoral activities,

m) Insult to generally accepted moral values,

n) Sympathy to or eulogy of wicked or immoral character,

o) Arguments in favour of attaining great things by evil design,

p) Attempt to degrade the sanctity of marriage as a social institution,

q) Rape, immoral sexual act, criminal assault on women, illegal trafficking of women and children, teasing, prostitution and pimping,

r) Alluring or obscene physical posture,

s) Addition of any bed- scene other than morally accepted ones,

t) Scene containing excessive horror, torture,

u) Scene of physical torture or excessive labour pain,

v) Sexual disease, excessive blood spilling injury and inflicting deep injury,

w) Real scene of hanging, gruesome murder, killing by strangulation and suicide,

x) Scenes that may encourage commissioning of crime innovative design,

y) Scenes ridiculing or tarnishing the image of Government official engaged in curbing or detecting acts of crime.

NB. If a film is deemed to have encouraged people to commit crime, it will not be given certificate even though in that film it may be seen that the criminals have been punished in the end.

3. The intention of issuing certificate for late night showing is not to ban a film as a whole or a part or some part of the film. If the film remains unsuitable for screening even after deleting portions properly, the film will be banned as a whole.

২.৯ GUIDELINES REGARDING SELECTION OF FOREIGN FILMS FOR TELECAST ON BANGLADESH TELEVISION

Bangladesh Television will follow the guidelines as under in regard to selection of foreign films telecast.

1. Films have to be consistent with the programme policy of Bangladesh Television and the Bangladesh Television film censor codes.

2. Concerned films should be inconformity with the constitution of the country and the fundamental principles of the state and its social, religious, cultural, geographical, political and traditional values.

3. Films should bear such contents as will help in developing moral standard of the viewers and encourage them to refrain from violence, hatred, crime, misdeeds or influence them to indulge in moral turpitude.

4. Films should be based on social values.

5. Films influenced by ghastly/miraculous sequences which create adverse reaction among the viewers and particularly hampers personality development of the children will not be acceptable.

6. Plot, episodes and dialogue of the films should be such that they do not give rise to the tendency of juvenile delinquency or create adverse reaction on the minds of the children.

২.১০ বাংলাদেশ টেলিভিশন বেসরকারী উদ্যোগে নির্মিত অনুষ্ঠান নীতিমালা

বর্তমান বিশ্বে টেলিভিশন একটি গুরুত্বপূর্ণ ও শক্তিশালী গণমাধ্যম। প্রযুক্তিগত উন্নয়নের ফলে সারা বিশ্বে স্যাটেলাইটের মাধ্যমে প্রচারিত বিভিন্ন টেলিভিশন সম্প্রচার সংস্থার অনুষ্ঠানমালা অবলোকনের দ্বার এখন বাংলাদেশেও উন্মুক্ত। আধুনিক বিশ্বের সকল টেলিভিশন নিজস্ব প্রযোজনার বাইরেও বেসরকারী/বহিরাগত সৃজনশীল ব্যক্তি অথবা প্রতিষ্ঠান কর্তৃক নির্মিত অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা নিয়ে থাকে। এতে করে টেলিভিশন প্রযোজিত ও বেসরকারী উদ্যোগে নির্মিত অনুষ্ঠানের মাঝে সৃজনশীল ও নান্দনিক অনুষ্ঠানের সুস্থ প্রতিযোগিতার পরিবেশ সৃষ্টি হয়। এই প্রেক্ষাপটে বাংলাদেশ টেলিভিশনের অনুষ্ঠান সম্প্রচারের ক্ষেত্রে বেসরকারী উদ্যোগে নির্মিত অনুষ্ঠান অন্তর্ভুক্ত হয়েছে।

১. কমিটিঃ

১.১ বেসরকারী উদ্যোগে নির্মিত অনুষ্ঠানের প্রচারোপযোগিতা ও গ্রহণযোগ্যতা পরীক্ষা করার জন্য তথ্য মন্ত্রণালয় কর্তৃক একটি বিশেষজ্ঞ কমিটি গঠিত হবে।

১.২ উল্লিখিত কমিটির সভায় সভাপতির অবর্তমানে ক্রমানুসারে সদস্যগণ সভা পরিচালনা করবেন।

১.৩ বিশেষজ্ঞ কমিটিতে অন্তর্ভুক্ত বেসরকারী সদস্যদের কেউ অপারগ বা অক্ষম হলে, পদত্যাগ করলে বা পরলোক গমন করলে তথ্য মন্ত্রণালয় তদস্থলে অন্য কোন যোগ্য ব্যক্তিকে নিয়োগ করতে পারবেন।

১.৪ ৪ (চার) সদস্যবিশিষ্ট একটি আপীল বোর্ড গঠন করা হবে। কমিটির সিদ্ধান্তে সন্তুষ্ট না হলে অনুষ্ঠান নির্মাতা আপীল বোর্ডের কাছে সিদ্ধান্ত পূনর্বিবেচনার জন্যে আবেদন করতে পারবেন। আপীল বোর্ডের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে। তথ্য সচিব এই বোর্ডের প্রধান হবেন। তথ্য মন্ত্রণালয় আরো ২ জন সদস্য এবং ১ জন সদস্য-সচিব মনোনয়ন করবেন।

১.৫ কমিটির কোন সম্মানিত সদস্য কোন অসুবিধার কথা না জানিয়ে পর পর তিনটি সভায় অনুপস্থিত থাকলে তার স্থলে নতুন সদস্যকে মনোনয়ন দেয়া যাবে।

১.৬ কমিটির সভায় আলোচনাপূর্বক প্রতি মাসে এক বা একাধিক সভা অনুষ্ঠি হবে।

১.৭ কমিটির সভায় কোন সিদ্ধান্ত সম্পর্কে মতভেদ দেখা দিলে গরিষ্ঠ সংখ্যক সদস্যদের মতের ভিত্তিতেই সিদ্ধান্ত গৃহীত হবে।

২. কমিটির কার্যপরিধিঃ

২.১ কমিটি বেসরকারী উদ্যোগে নির্মিত সকল অনুষ্ঠান অবলোকন করে প্রচারযোগ্যতা নির্ধারণ করবেন।
২.২ কমিটি অনুষ্ঠান সংযোজন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জনের পরামর্শ দেবেন।
২.৩ কমিটি অবলোকন করে টিভিতে প্রচার অনুপযোগী অনুষ্ঠান বাতিল করতে পারবেন।
২.৪ কমিটি বেসরকারী উদ্যোগে নির্মিত অনুষ্ঠান ক্রয়ের শ্রেণী নির্ধারণ করবেন।

৩. নির্মাতাঃ

৩.১ সৃজনশীল কর্মে উদ্যোগী ব্যক্তি বা প্রতিষ্ঠান বেসরকারী উদ্যোগে অনুষ্ঠান নির্মাণ করতে পারবেন।

৩.২ বেসরকারী উদ্যোগে অনুষ্ঠান নির্মাণের ক্ষেত্রে অত্যন্ত সততার সংগে অনুষ্ঠান নির্মাণের উদ্দেশ্য ও নীতিমালা অনুসরণ করতে হবে।

৩.৩ অনুষ্ঠান নির্মাতা একক প্রতিটি অনুষ্ঠান জমা দেয়ার সময় ফী বাবদ টাঃ ৫০০০/= (পাঁচ হাজার), ধারাবাহিক অনুষ্ঠান/নাটক ১৩ পর্ব পর্যন্ত টাঃ ১৫,০০০/= (পনের হাজার) এবং পরবর্তী প্রতি পর্বের জন্য টাঃ ১,০০০/= (এক হাজার) টাকার পে- অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরৎযোগ্য) জাসক (টিভি উহং) এর অনুকূলে জমা দেবেন। এই ফী অর্থ বিভাগে সংশ্লিষ্ট খাতে জমা দেয়া হবে। কমিটির সদস্যদের সিটিং ফী, আপ্যায়ন এবং আনুষঙ্গিক ব্যয় অর্থ বিভাগ কর্তৃক এতদসঙ্গে প্রদত্ত বাজেট থেকে নির্বাহ করা হবে।

৩.৪ টেলিভিশন কর্তৃপক্ষ বিটিভিতে প্রচারিত বিজ্ঞপ্তির মাধ্যমে একটি নির্দিষ্ট ছকে (পরিশিষ্ট- ক) বেসরকারী নির্মাতা প্রতিষ্ঠানের নিবন্ধীকরণের আবেদনপত্র আহবান করবে। নিবন্ধীকৃত প্রতিষ্ঠানই কেবল অনুষ্ঠান নির্মাণ করতে পারবে।

তবে, বিশেষ ক্ষেত্রে একক ব্যক্তি উদ্যোগেও অনুষ্ঠান নির্মাণের সুযোগ থাকবে।

আগ্রহী নতুন প্রতিষ্ঠান বছরের যে কোন সময় তালিকাভুক্তির আবেদন করতে পারবেন।

এই তালিকা প্রতি ইংরেজী বছরের প্রথম মাসে হাল নাগাদ করা হবে।

৩.৫ কেবলমাত্র বিটিভির তালিকাভুক্ত শিল্পীগণ বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন (ন্যূনতম ৮০%)। বিশেষ প্রয়োজনে তালিকাভুক্ত নন এমন কোন শিল্পীর অংশগ্রহণ অপরিহার্য্য হলে যোগ্যতা সাপেক্ষে ২০% শিল্পী অন্তর্ভুক্ত করা যেতে পারে।

৪. **অনুষ্ঠান ক্রয় ও স্পন্সরঃ**

৪.১ বেসরকারী উদ্যোগে নির্মিত অনুষ্ঠান যথাযথভাবে অনুমোদনের পর বাংলাদেশ টেলিভিশন অনুষ্ঠান নির্মাতার নিকট থেকে বাজেট বরাদ্দ সাপেক্ষে অনুষ্ঠান ক্রয় করতে পারবে। কোন অনুষ্ঠান নির্মাতা/নির্মাণ প্রতিষ্ঠান যদি স্পন্সরসহ অনুষ্ঠান জমা দিতে আগ্রহী হন, সে ক্ষেত্রে স্পন্সরের সম্মতিপত্র অনুষ্ঠানের সাথে জমা দিতে হবে। বেসরকারী উদ্যোগে নির্মিত অনুষ্ঠান ক্রয়কালে, বিশেষতঃ সুস্থ বিনোদন, জনকল্যাণ, দারিদ্র ও বিমোচন, মুক্তিযুদ্ধের চেতনা সমুন্নতকরণ, মানব সম্পদ উন্নয়ন বিষয়ক অনুষ্ঠান অগ্রাধিকার পাবে।

৪.২ অনুষ্ঠান ক্রয়ের ক্ষেত্রে সরকার কর্তৃক অনুমোদিত মূল্য হার অনুসৃত হবে।

৫. **অনুষ্ঠানের সীমারেখাঃ**

৫.১ বেসরকারী উদ্যোগে নির্মিত অনুষ্ঠান প্রচারের তারিখ ও সময় টিভি কর্তৃপক্ষ নির্ধারণ করবে। অনুষ্ঠান বিটিভিতে জমা দেয়ার তারিখের ভিত্তিতে গ্রহণযোগ্যতা অনুযায়ী 'আগে জমাকৃত অনুষ্ঠান আগে দেখানো হবে' এই নীতি অনুসৃত হবে। জাতীয় গুরুত্বপূর্ণ দিবস এবং উৎসবাদি অনুষ্ঠানের ক্ষেত্রে এই নীতি শিথিলযোগ্য।

৫.২ ধারাবাহিক নাটক, সিরিজ অনুষ্ঠান ন্যূনতম ৪ পর্ব এবং সর্বোচ্চ ১৩ পর্বের মধ্যে শেষ করতে হবে। তবে অনুষ্ঠানের স্বার্থে কমিটি শর্ত শিথিল করতে পারবে। জাতীয় গুরুত্বপূর্ণ দিবস ও উৎসবাদির অনুষ্ঠান নির্মাণের জন্য টিভি কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন নিতে হবে। এক্ষেত্রে প্রচার তারিখের কমপক্ষে ৪৫ দিন পূর্বে আবেদন করতে হবে।

৬. **অনুষ্ঠানের বিষয়বস্তুঃ**

৬.১ স্বাধীনতা, মুক্তিযুদ্ধের চেতনা, মূল্যবোধ ও আদর্শ সমুন্নত রাখতে হবে।

৬.২ রাষ্ট্র পরিচালনার মূলনীতি এবং বাংলাদেশ সরকারের রাষ্ট্রীয় আদর্শ ও নীতিমালার ওপর ভিত্তি করে অনুষ্ঠান নির্মাণ করতে হবে।

৬.৩ বাংলাদেশের মানুষের ইতিহাস ও ঐতিহ্য, শিক্ষা ও সংস্কৃতি, সামাজিক ও ধর্মীয় মূল্যবোধ, মন ও মানসিকতাকে শ্রদ্ধা প্রদর্শনপূর্বক অনুষ্ঠানের বিষয়বসুত রচিত হবে। স্বাধীনতা, সার্বভৌমত্ব, জাতীয় সংহতি, উন্নয়ন ও রাষ্ট্রীয় ভাবমূর্তির পরিপন্থী কোন অনুষ্ঠান তৈরী করা যাবে না।

৬.৪ হিংসাত্মক, সন্ত্রাসমূলক এবং বাঙালি সংস্কৃতি ও মূল্যবোধের পরিপন্থী কোন অনুষ্ঠান প্রচার করা যাবে না।

৬.৫ সকল ধর্মীয় অনুভূতির প্রতি পূর্ণ শ্রদ্ধা প্রদর্শন করা হবে। সাম্প্রদায়িকতা ও ধর্মান্ধতা পরিহার করতে হবে।

৬.৬ অনুষ্ঠানে উচ্চারণ, কন্ঠ, বাচনভঙ্গি, অভিনয়, উপস্থাপনা পদ্ধতির পেশাগত মান কোনক্রমে ক্ষুণ্ণ করা যাবে না।

৬.৭ বিদেশী ভাষায় নির্মিত কালজয়ী অনুষ্ঠান, বিশেষ করে শিশুতোষ অনুষ্ঠান বাংলাদেশে বাংলা ভাষায় ডাব করে প্রচার করা যাবে।

৬.৮ বাংলা ভাষাকে যোগ্য মর্যাদায় সুপ্রতিষ্ঠিত করার লক্ষ্যে সঠিক বাংলা উচ্চারণের একটি আদর্শমান স্থাপনের চেষ্টা করতে হবে।

৬.৯ নাটক, লোক সংস্কৃতিমূলক ও অন্যান্য অনুষ্ঠানের প্রয়োজনে আঞ্চলিক ভাষা ব্যবহার করা যাবে। তবে কোনক্রমেই কোন অঞ্চলের প্রতি কটাক্ষ করার জন্য আঞ্চলিক ভাষা ব্যবহার করা যাবে না।

৬.১০ ছোটদের অনুষ্ঠানে পরনিন্দা, বিবাদ, কলহের দৃশ্য পরিহার করতে হবে ও চরিত্র গঠনের সুশিক্ষা প্রদানের দিকে বিশেষ লক্ষ্য রাখতে হবে।

৬.১১ নৈতিক বোধের উন্নয়ন, সামাজিক কুসংস্কার থেকে মুক্তি এবং সমাজ- বিরোধী কার্যকলাপ রোধ করার সুস্পষ্ট দিক নির্দেশনা রাখতে হবে।

৬.১২ অনুষ্ঠানে স্বাধীনতা সংগ্রামের প্রকৃত ইতিহাস উপস্থাপন ও মুক্তিযোদ্ধাদের ভূমিকা গৌরবান্বিত করতে হবে।

৬.১৩ অনুষ্ঠান বিবেচনায় প্রযোজ্য ক্ষেত্রে ফিল্ম সেন্সর এ্যাক্ট-এর বিধানসমূহ কার্যকর থাকবে।

৬.১৪ অনুষ্ঠানে কোন প্রকার অশোভন উক্তি উচ্চারণ করা যাবে না।

৭. **প্রশিক্ষণঃ**

৭.১ বেসরকারী অনুষ্ঠান নির্মাণে জড়িত শিল্পী ও কলাকুশলীদের জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮. **কারিগরী তথ্যঃ**

৮.১ অনুষ্ঠান অবশ্যই যথাযথ কারিগরী ও পেশাগত মান সম্পন্ন হতে হবে।

৮.২ টেলিভিশনে প্রদর্শনের উপযোগী ক্যাসেট গ্রহণযোগ্য হবে।

৮.৩ কারিগরী বিষয়সমূহ ছাড়াও দৃশ্য, শব্দ, রংসহ যে কোন কারিগরী ত্রুটি অনুষ্ঠানটির প্রচারযোগ্যতার ক্ষেত্রে অনুপযুক্ত বিবেচিত হবে।

৯. **অনুষ্ঠানের স্বত্বঃ**

৯.১ নির্মাতাগণ যে সকল অনুষ্ঠান বাংলাদেশ টেলিভিশনের নিকট প্রচারের জন্য সরবরাহ করবেন সেগুলো বিটিভিতে প্রচারের পূর্বে অন্য কোন মাধ্যমে বিক্রয় বা প্রদর্শন করতে পারবেন না।

৯.২ কোন অনুষ্ঠান বিটিভিতে প্রচারের পরে অনুমতি সাপেক্ষে অন্য কোন মাধ্যমে প্রদর্শন করা যাবে।

৯.৩ টেলিভিশন কর্তৃক ক্রয়কৃত অনুষ্ঠানের সর্বস্বত্ব টিভি কর্তৃপক্ষের থাকবে।

৯.৪ স্পন্সরড্ অনুষ্ঠানের স্বত্ব সংশ্লিষ্ট নির্মাতার থাকবে।

৯.৫ স্পন্সরড্ অনুষ্ঠান পুনঃপ্রচারের ক্ষেত্রে নির্দিষ্ট বিজ্ঞাপন হারে (রেয়াত ছাড়া) পুনঃস্পন্সর করতে হবে।

১০. **যৌথ প্রযোজনা এবং বিদেশে স্যুটিংঃ**

১০.১ কোন নির্মাতা যদি বিদেশী কোন সংস্থার সাথে যৌথ প্রযোজনায় অনুষ্ঠান নির্মাণ অথবা বিদেশে স্যুটিং করার জন্য আগ্রহী হন, তবে তথ্য মন্ত্রণালয় থেকে পূর্বাহ্নে লিখিত অনুমতি নিতে হবে।

১০.২ বিদেশী কালজয়ী সাহিত্য মূল্য সম্পন্ন ও ক্লাসিক রচনা চিত্রায়ণের ক্ষেত্রে পূর্বাহ্নে তথ্য মন্ত্রণালয়ের লিখিত অনুমতি নিতে হবে।

* উল্লিখিত নীতিমালায় অন্তর্ভূক্ত নেই এমন কোন বিষয় উত্থাপিত হলে সেক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ প্রয়োজনীয় নির্দেশ এবং অনুমোদন প্রদান করতে পারেন।

[তম/১(১)/৯৬-টিভি/১৫৬, তারিখ ১১-৪- ২০০১]

পরিশিষ্ট-ক

বাংলাদেশ টেলিভিশন

বেসরকারী নির্মাতা/নির্মাতা প্রতিষ্ঠানের নিবন্ধীকরণের আবেদনপত্র
(শুধুমাত্র প্রযোজ্য অংশগুলো পূরণ করুন)

০১। (ক) নির্মাতা প্রতিষ্ঠান/ব্যক্তির নামঃ

(খ) মালিক/ব্যবস্থাপকের নামঃ

(গ) Proprietorship (একক ব্যক্তিমালিকানার) নাম ঃ

Partnership [Document] (অংশীদারী প্রতিষ্ঠান)
অংশীদারদের নামঃ
Limited Company [Memorandum of Article of Association]
(লিমিটেড কোম্পানী)- (মেমোরেন্ডাম অব আর্টিক্যাল অব এ্যাসোসিয়েশন)।ঃ

০২। ঠিকানাঃ

ফোন- ঃ

ফ্যাক্স-ঃ

ই-মেইল-ঃ

০৩। প্রতিষ্ঠার তারিখঃ

০৪। প্রতিষ্ঠানের নিজস্ব কার্যালয় (ঠিকানাসহ) (মালিকানা দলিল কিংবা ভাড়ার চুক্তির ফটোকপি সংযোজিত করতে হবে)/একক ব্যক্তির ঠিকানা।ঃ

০৫। পেশাদার কর্মী ও কলাকুশলীদের নাম, ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার বর্ণনা, পেশাগত প্রশিক্ষণের বর্ণনা।ঃ

০৬। অনুষ্ঠান নির্মাণ ও সম্প্রচারের ক্ষেত্রে আবেদনকারী প্রতিষ্ঠানের অভিজ্ঞতার সুনির্দিষ্ট বিবরণ (বিশেষ করে বাংলাদেশ টেলিভিশনের জন্য অনুষ্ঠান নির্মাণ করে থাকলে তার বিশদ তথ্য প্রদান করতে হবে)ঃ

০৭। নির্মাতা প্রতিষ্ঠানের নিজস্ব কারিগরি সুযোগ/সুবিধার বিবরণ।ঃ

০৮। একক নির্মাতার আবেদনে প্রস্তাবকারীর ইলেট্রনিক মাধ্যমে নির্মাণ সংক্রান্ত অভিজ্ঞতা, তাঁর নিজস্ব যোগ্যতা, শিল্প- সাহিত্য- সংস্কৃতিতে অবদান ইত্যাদি বিষয়ে বিস্তারিত জানাতে হবে।ঃ

* আবেদনপত্রের সঙ্গে ট্রেড লাইসেন্স এবং আর্থিক সংগতির অনুকূলে ব্যাংকের প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।ঃ

* পেশাদার কর্মী- কুশলীরা নির্মাতা প্রতিষ্ঠান কর্তৃক নিয়োগপ্রাপ্ত হয়ে থাকলে নিয়োগপত্রের কপি, চুক্তিভিত্তিক হয়ে থাকলে চুক্তির কপি, অথবা কুশলীর সম্মতিপত্র প্রদান করতে হবে।ঃ

* প্রয়োজনীয় ক্ষেত্রে তথ্যাদি লিপিবদ্ধ করার জন্য আলাদা কাগজ ব্যবহার করা যাবে।ঃ

{বাঃসঃমুঃ- ২০০০/২০০১-৪৬১২ কম(২)-৩০০ বই, ২০০১।

২.১১ সরকারী, বেসরকারী ও ব্যক্তিগত পর্যায়ে

অনুষ্ঠান সরবরাহ নীতিমালা

বিভিন্ন সময়ে বাংলাদেশ টেলিভিশনের নিজস্ব অনুষ্ঠান, সংবাদচিত্র ইত্যাদি সরকারী, বেসরকারী ও ব্যক্তিগত পর্যায়ে সরবরাহের অনুরোধ আসে। অথচ প্রচলিত বিধি অনুযায়ী কেবলমাত্র নির্ধারিত রেট ও চার্জে এগুলো দেবার কথা। অন্যথায় বিনামূল্যে ক্যাসেট প্রদানের কারণে অডিট আপত্তি হয়। এখানে উল্লেখ্য যে, ক্যাসেটের মূল্য ছাড়াও ট্রান্সফার করার জন্যও খরচ হয়ে থাকে। এ বিষয়ে বাংলাদেশ টেলিভিশন নিম্নবর্ণিত নীতিমালা অনুসরণ করবেঃ

১। প্রাকৃতিক দুর্যোগ বা যে কোন বিপর্যয় ও দুর্ঘটনা সম্পর্কিত অনুষ্ঠানঃ

Programmes relating to natural calamities and any other unforeseen disaster and accidents.

(ক) প্রাকৃতিক দুর্যোগ যেমন ——ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, টর্নেডো, বন্যা, দুর্ঘটনা ইত্যাদি সংঘটিত হওয়ার পরবর্তীকালে টেলিভিশন কর্তৃক যেসব অনুষ্ঠান, প্রতিবেদন, সাক্ষাৎকার, প্রামাণ্যচিত্র এবং সংবাদচিত্র প্রসুতত এবং প্রচারিত হয় সেগুলো কেবল সরকারী প্রয়োজনে ও কাজে ভিডিও টেপসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সরকারী সংস্থাকে বিনামূল্যে সরবরাহ করা যেতে পারে ;

(খ) প্রাকৃতিক দুর্যোগের সময়ে বৈদেশিক সাহায্য লাভের উদ্দেশ্যে বৈদেশিক দূতাবাস কর্তৃক অনুরোধে দূতাবাস থেকে টেপ সরবরাহ সাপেক্ষ অনুষ্ঠান বিনামূল্যে সরবরাহ করা যেতে পারে। এসব ক্ষেত্রে মহাপরিচালকের অনুমোদনের প্রয়োজন হবে ;

(গ) বৈদেশিক সংবাদ সংস্থাকে এবং বেসরকারী ও ব্যক্তিগত অনুরোধে প্রচলিত রেটে ও চার্জে অনুষ্ঠান সরবরাহ করা যেতে পারে। এসব ক্ষেত্রে মহাপরিচালকের অনুমোদন নেয়া যেতে পারে ;

২। **সাধারণ অনুষ্ঠানঃ**

Normal programmes recorded & produced by BTV.

(ক) সাধারণ অনুষ্ঠান যেমন ——তথ্যচিত্র, সংবাদচিত্র, সাক্ষাৎকার, বহিঃদৃশ্য ধারণকৃত অনুষ্ঠান, প্রয়াত ব্যক্তি সম্পর্কিত প্রচারিত অনুষ্ঠান ইত্যাদি সরকারী/জাতীয় পর্যায়ে প্রয়োজনে বিনামূল্যে ক্যাসেটে ধারণ করে সরবরাহ করা যেতে পারে, তবে সংশ্লিষ্ট সংস্থা বা মন্ত্রণালয় কর্তৃক ক্যাসেট সরবরাহ করতে হবে ;

(খ) বেসরকারী ও ব্যক্তিগত পর্যায়ে এইসব অনুষ্ঠান প্রচলিত নিয়ম ও চার্জে সরবরাহ করা যেতে পারে। তবে সংস্থা বা ব্যক্তি কর্তৃক ক্যাসেট সরবরাহ করতে হবে এবং এসব ক্ষেত্রে মহাপরিচালকের অনুমোদন প্রয়োজন হবে ;

(গ) উচ্চ পর্যায়ের রাষ্ট্রীয় অতিথির ক্ষেত্রে টেলিভিশনের নিজস্ব ক্যাসেটে বিনামূল্যে অনুষ্ঠান সরবরাহ করা যেতে পারে। এটি সৌজন্যমূলক সরবরাহ হিসেবে বিবেচিত হবে।

৩। **বিদেশী অনুষ্ঠানঃ**

Foreign programmes like English feature film, serial, documentary etc.

কপিরাইট আইনের প্রেক্ষিতে এবং বিদেশী প্রযোজনা ও পরিবেশনা সংস্থা কর্তৃক বিধি-নিষেধ থাকায় এগুলি ক্যাসেটে ট্রান্সফার করে সরবরাহ করা যাবে না ;

উপরে বর্ণিত বিভিন্ন সরকারী, বেসরকারী ও ব্যক্তিগত অনুরোধে সরবরাহ সম্পর্কিত নীতিমালার উল্লিখিত ব্যবস্থার কোন ব্যতিক্রম করা যাবে না। তবে অনিবার্য প্রয়োজনে বিশেষ ক্ষেত্রে কেবলমাত্র তথ্য মন্ত্রণালয়ই এই নিয়ম শিথিলের প্রয়োজনীয় নির্দেশ ও অনুমোদন প্রদান করতে পারেন।

[সূত্রঃ তম/১০ (১০)/৯১- টিভি/৭৪৯, ১৮-০৪-৯৮ বাং ০৪-০৮-৯১ ইং]

২.১২ নতুন কুঁড়ি [জাতীয় টেলিভিশন শিশু শিল্পী পুরস্কার প্রতিযোগিতা] নীতিমালা

শিশুরা সুন্দরের প্রতীক। সুখী, সুন্দর ও সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে তারাই আগামীর কান্ডারী। আগামী দিনের বাংলাদেশকে নেতৃত্ব দেবে তারাই। আবহমান বাংলার চিরায়ত সংস্কৃতির সংরক্ষণ করবে তারাই। শিশুদের সুনাগরিক হিসেবে গড়ে তোলার দায়িত্ব তাই সর্বব্যাপী। পরিবার, সমাজ ও রাষ্ট্রের। জাতিসংঘের শিশু অধিকার সনদের অনুস্বাক্ষরকারী দেশ বাংলাদেশ সরকারও শিশু কল্যাণে প্রতিশ্রুতিবদ্ধ। মেধা-বিকাশে রাষ্ট্রের অঙ্গীকারেরই একটি পূর্ণাঙ্গ আয়োজন 'জাতীয় টেলিভিশন শিশু শিল্পী পুরস্কার প্রতিযোগিতা' 'নতুন কুড়ি'। এই প্রতিযোগিতার মাধ্যমে শিশু প্রতিভার লালন ও পরিচর্যা যথাযথ হবে বলেই বাংলাদেশ টেলিভিশন কর্তৃপক্ষ বিশ্বাস করে।

এই প্রতিযোগিতা আয়োজন ও পুরস্কারের ক্ষেত্রে নিম্নরূপ নীতিমালা প্রযোজ্য হবে।

১. **প্রাথমিক তথ্য**

১.১ প্রতিযোগিতা ইংরেজী সালের হিসেবে অনুষ্ঠিত হবে।

১.২ নতুন কুঁড়ি অনুষ্ঠানের বিষয়বস্তুর ক্ষেত্রে বিটিভি'র অনুষ্ঠান নীতিমালা অনুসৃত হবে।

১.৩ দু'টি শাখার ১৫টি বিষয়ে মোট ৩০টি এবং দলীয় ৫টিসহ মোট ৩৫টি অনুষ্ঠান নতুন কুঁড়ি অনুষ্ঠান হিসেবে প্রচারিত হবে।

১.৪ এই নীতিমালা ২০০২ সালের প্রতিযোগিতা থেকে পরবর্তী সংশোধনীর পূর্ব পর্যন্ত বহাল থাকবে।

২. **প্রতিযোগিতার শাখা ও বয়স**

২.১ একক প্রতিযোগিতা 'ক' ও 'খ'- এই দুই শাখায় অনুষ্ঠিত হবে।

২.২ 'ক' শাখার প্রতিযোগীদের বয়স ৬ থেকে ৯ বছরের মধ্যে হতে হবে।
'খ' শাখার প্রতিযোগীদের বয়স হবে ৯ + থেকে ১২ বছরের মধ্যে ।

২.৩ দলীয় প্রতিযোগিতার ক্ষেত্রে প্রতিযোগীদের বয়স ৬ থেকে ১২ বছরের মধ্যে হতে হবে।

২.৪ দলীয় প্রতিযোগিতার ক্ষেত্রে দলের সদস্য সংখ্যা সর্বনিম্ন ৫ জন হতে সর্বোচ্চ ১০ জনের মধ্যে হতে হবে। দলনেতা দলীয় সদস্যদের নির্বাচন করবে।

২.৫ প্রতিযোগীদের বয়সের সময়সীমা নির্ধারণ হবে বিটিভিতে ঘোষণা করা নতুন কুঁড়ি প্রতিযোগিতার আবেদনপত্র পাঠানোর শেষ তারিখের দিনকে।

৩. **প্রতিযোগিতার বিষয়**

৩.১ ১৫টি একক বিষয়ে প্রতিযোগিতা ক ও খ শাখায় পৃথকভাবে অনুষ্ঠিত হবে।

৩.২ ক ও খ শাখার প্রতিযোগীরা মিলিতভাবে অভিন্ন একটি গ্রুপে দলগতভাবে অংশগ্রহণ করতে পারবে। দলগত প্রতিযোগিতার বিষয় ৫টি।

৩.৩ একক প্রতিযোগিতার বিষয়গুলো হচ্ছে ——

১. ক্বেরাত
২. ছড়াগান
৩. নজরুল সংগীত
৪. রবীন্দ্র সংগীত
৫. দেশাত্মবোধক গান
৬. পল্লীগীতি/লোকগীতি/আঞ্চলিক
৭. উচ্চাঙ্গ সংগীত
৮. যন্ত্র সংগীত
৯. অভিনয়

১০. গল্পবলা
১১. কবিতা আবৃত্তি
১২. নৃত্য (উচ্চাঙ্গ)
১৩. নৃত্য (সাধারণ/মিশ্র উচ্চাঙ্গ)
১৪. লোক নৃত্য
১৫. ছবি অাঁকা

৩.৪ দলীয় প্রতিযোগিতার বিষয়গুলো হচ্ছে—

১. দলীয় নৃত্য ঃ দেশাত্মবোধক/আধুনিক
২. দলীয় সংগীত ঃ ছড়াগান/নজরুল সংগীত/জারিগান
৩. দলীয় সংগীত ঃ ভক্তিমূলক
৪. দলীয় যন্ত্র সংগীত
৫. দলীয় অভিনয়

৪. **প্রতিযোগীদের অংশগ্রহণের সংখ্যা**

৪.১ ক ও খ উভয় শাখার প্রতিযোগীরা এককভাবে ৪টি বিষয়ে অংশগ্রহণ করতে পারবে।

৪.২ ক ও খ উভয় শাখার প্রতিযোগীরা একক বা দলীয়ভাবে সর্বোচ্চ ৫টি বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। অর্থাৎ একজন প্রতিযোগী এককভাবে ৪টি বিষয়ে অংশগ্রহণ করলে দলীয়ভাবে সে আর ১টি বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। কিন্তু প্রতিযোগী যদি এককভাবে ৪টির কম বিষয়ে প্রতিযোগিতা করে তবে দলীয়ভাবে আনুপাতিক হারে সে অংশগ্রহণ করতে পারবে।

৫. **আবেদনপত্র প্রেরণঃ**

৫.১ প্রত্যেক আবেদনকারীকে প্রতিটি বিষয়ের জন্যে দুই কপি পাসপোর্ট সাইজের ছবি, বয়স ও নাগরিকত্বের সার্টিফিকেটসহ বিষয় অনুযায়ী পৃথক পৃথক আবেদনপত্র পাঠাতে হবে।

৫.২ বয়স প্রমাণের সার্টিফিকেট অবশ্যই স্কুলের প্রধান শিক্ষক বা প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেটের স্বাক্ষরিত হতে হবে। নাগরিকত্বের সার্টিফিকেট ইউনিয়ন পরিষদ, পৌরসভা অথবা সিটি কর্পোরেশনের যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষরিত হতে হবে।

৫.৩ আবেদনপত্র রেজিস্টার্ড ডাক অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে পাঠাতে হবে। রেজিস্টার্ড ডাক/কুরিয়ার সার্ভিসের রশিদটি সংরক্ষণ করতে হবে। প্রাথমিক নির্বাচনের সময় অবশ্যই তা প্রতি বিষয় অনুযায়ী আলাদাভাবে জমা দিতে হবে।

৫.৪ দলীয় প্রতিযোগিতার ক্ষেত্রে অভিন্ন নিয়ম অনুসরণ করতে হবে এবং তা দলের প্রতি সদস্যের জন্যে প্রযোজ্য হবে। তবে দলগত ছবি হতে হবে থ্রি-আর সাইজের।

৫.৫ প্রতিযোগীর ফলাফল জানানোর জন্যে নিজ নিজ নাম, ঠিকানা ও ডাক টিকেটসহ একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে পাঠাতে হবে।

৬. **প্রাথমিক নির্বাচন**

৬.১ দেশের ৬টি বিভাগীয় সদর দপ্তরে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

৬.২ প্রাথমিক নির্বাচনে ঢাকা বাদে অন্যান্য বিভাগ থেকে প্রতি শাখার প্রতিটি বিষয়ে সর্বোচ্চ ১২ জন ও দলীয় বিষয়ের প্রতিটিতে সর্বোচ্চ ৪টি করে দলকে দ্বিতীয় নির্বাচনে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্যে মনোনীত করা হবে।

৬.৩ প্রতিযোগিতার বিভিন্ন পর্যায়ে বিচারকমন্ডলীর সিদ্ধান্ত এবং প্রতিযোগিতার অন্যান্য নিয়মাবলী মেনে নেয়ার অঙ্গীকারে অভিভাবকদের লিখিত সম্মতিপত্র প্রদান করতে হবে।

৬.৪ প্রতিযোগিতার প্রাথমিক নির্বাচনের তারিখ, সময় ও স্থান বিটিভির ঘোষণার মাধ্যমে প্রচার করা হবে।

৬.৫ প্রাথমিকভাবে নির্বাচিত সকল প্রতিযোগীর ফলাফল ডাকযোগে জানানো হবে।

৭. **প্রাথমিক নির্বাচন পরিচালনা**

৭.১ ঢাকা বিভাগের প্রতিযোগিতা পরিচালনা করবেন বাংলাদেশ টেলিভিশন কর্তৃপক্ষ।

৭.২ বাকী বিভাগগুলোর প্রতিযোগিতা পরিচালনার জন্যে ৭ সদস্যের একটি পরিষদ গঠন করা হবে। এর নাম হবে ''নতুন কুঁড়ি (বিভাগের নাম) বিভাগীয় পরিচালনা পরিষদ''। প্রতিটি পরিষদে জেলা প্রশাসক পদাধিকারবলে সভাপতি থাকবেন। চট্টগ্রাম বিভাগে চট্টগ্রাম টেলিভিশন কেন্দ্রের জেনারেল ম্যানেজার এবং অন্যান্য বিভাগে টেলিভিশন উপকেন্দ্রের প্রকৌশল অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা সমন্বয়কারীর দায়িত্ব পালন করবেন। পরিষদের বাকি ৫ সদস্য হলেনঃ আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ; শিল্পকলা একাডেমীর মনোনীত সদস্য দুজন; জেলা শিশু বিষয়ক কর্মকর্তা/জেলা সংগঠক, বাংলাদেশ শিশু একাডেমী এবং টিভি প্রতিনিধি (অনুষ্ঠান অধ্যক্ষ/নির্বাহী প্রযোজক বা সমমানের একজন কর্মকর্তা)।

৭.৩ চট্টগ্রাম কেন্দ্রের জেনারেল ম্যানেজারের অনুপস্থিতিতে প্রকৌশল অধ্যক্ষ এবং অন্যান্য বিভাগের উপকেন্দ্রের প্রকৌশল অধ্যক্ষের অনুপস্থিতিতে নিকটস্থ উপকেন্দ্রের প্রকৌশল অধ্যক্ষ সমন্বয়কারীর দায়িত্ব পালন করবেন।

৭.৪ বিভাগীয় পর্যায়ে প্রাথমিক নির্বাচনের সামগ্রিক সমন্বয়ের জন্যে একটি উপ-পরিষদও গঠন করা হবে। নিয়ন্ত্রক/অনুষ্ঠান অধ্যক্ষ/নির্বাহী প্রযোজক বা সমপর্যায়ের একজন কর্মকর্তা এই উপ-পরিষদের আহবায়ক থাকবেন। সদস্য থাকবেন দুজন; একজন প্রযোজনা সহকারী/সমমানের একজন কর্মচারী এবং হিসাব বিভাগের একজন প্রতিনিধি (বিচারকদের চেক বিতরণ ও অন্যান্য হিসাবরক্ষণের জন্যে)।

৭.৫ বিভাগীয় প্রতিযোগিতার প্রাথমিক নির্বাচনের স্থান, তারিখ ও সময় সংশিষ্ট জেলা প্রশাসককে সংশিষ্ট সমন্বয়কারী অবহিত করবেন।

৮. **দ্বিতীয় নির্বাচন**

৮.১ বিভাগীয় পর্যায়ে প্রাথমিকভাবে নির্বাচিত সকল প্রতিযোগীকে নিয়ে দ্বিতীয় পর্যায়ের নির্বাচন ঢাকায় অনুষ্ঠিত হবে।

৯. **চূড়ান্ত নির্বাচন ও অনুষ্ঠান**

৯.১ ৬টি বিভাগ থেকে বিষয় অনুযায়ী ২০ থেকে ২৫ জনকে চূড়ান্ত পর্যায়ে অংশগ্রহণের জন্যে মেধা ভিত্তিতে নির্বাচন করা হবে।

৯.২ সকল অনুষ্ঠানের সময়সীমা ৩.৩০মিনিট। তবে উচ্চাঙ্গ সংগীত ও উচ্চাঙ্গ নৃত্যের বিষয়ে সময়সীমা ৫মিনিট এবং দলীয় অভিনয় ৮মিনিট। সময়সীমা বেশী হবার কারণে উচ্চাঙ্গ সংগীত ও উচ্চাঙ্গ নৃত্যের প্রতিযোগীর সংখ্যা
১৫ থেকে ১৮ জন এবং দলীয় অভিনয়ের ক্ষেত্রে ১০ থেকে ১২টি দল অংশগ্রহণ করতে পারবে।

৯.৩ অনুষ্ঠানের প্রয়োজনে বা অন্য কোন কারণে উপস্থাপনার বিষয় পরিবর্তনের প্রয়োজন হলে তা অবশ্যই করতে হবে। পরিবেশনার বিষয়বসুত অবশ্যই হতে হবে ছোটদের উপযোগী। প্রত্যেক প্রতিযোগীকে প্রতিটি বিষয়ের জন্যে কমপক্ষে ৪টি বিকল্প বিষয় প্রস্তুত রাখতে হবে। একাধিক প্রতিযোগীর পরিবেশনার বিষয় এক হয়ে গেলে শ্রেষ্ঠটিকে রেখে অন্যদের বিষয় পরিবর্তন করে প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। পূর্বনির্বাচিত বিকল্প উপকরণ থেকে লটারির মাধ্যমে অন্যদের পরিবেশনার পরিবর্তিত বিষয় নির্ধারণ করা হবে।

৯.৪ জাতীয় পর্যায়ে উল্লিখিত মোট ৩৫টি অনুষ্ঠান নতুন কুঁড়ি অনুষ্ঠান হিসেবে ধারণ করা হবে। এর মাধ্যমেই জাতীয় পুরস্কার ও গোল্ডকাপ প্রদান করা হবে।

৯.৫ ১২০ মিনিট ব্যাপ্তিকালের অনুষ্ঠানগুলো প্রতি শুক্রবার সকালের অধিবেশনে প্রচার করা হবে।

১০. বিচারকমন্ডলী

১০.১ প্রাথমিক নির্বাচনে জাতীয় পর্যায়ে স্ব স্ব ক্ষেত্রে সুপ্রতিষ্ঠিত বিশেষজ্ঞ ৩ জন স্থানীয়ভাবে বিচারক সদস্য মনোনীত হবেন। ৫টি বিভাগে জেলা প্রশাসকের গঠিত কমিটি কর্তৃক বিচারকমন্ডলীর উল্লিখিত ৩ জন সদস্য বিচার কাজে অংশ নেবেন।

১০.২ কোন কারণে কখনও বিচারক পরিবর্তন অনিবার্য হয়ে পড়লে ঢাকা ও চট্টগ্রাম কেন্দ্রের জেনারেল ম্যানেজার এবং বিভাগীয় কেন্দ্রের প্রতিযোগিতা পরিচালনা কমিটির সমন্বয়কারীর পরামর্শক্রমে তা করতে হবে।

১০.৩ দ্বিতীয় ও চূড়ান্ত পর্যায়ের নির্বাচনে ঢাকা থেকে ৩ জন বিশেষজ্ঞ প্রতিনিধি ও ৫টি বিভাগ থেকে ৫ জন প্রতিনিধির সমন্বয়ে ৮ জন বিচারক থাকবেন।

১০.৪ বিচারকমন্ডলীর নির্ধারিত সদস্যদের কোন কারণে দ্বিতীয় ও চূড়ান্ত পর্যায়ের নির্বাচনের সময় পাওয়া না গেলে জরুরী ভিত্তিতে তাৎক্ষণিকভাবে ঢাকা কেন্দ্রের জেনারেল ম্যানেজারের সঙ্গে আলোচনা করে প্রতিযোগিতায় প্রধান সমন্বয়কারী বিকল্প বিচারক নিয়োগের ব্যবস্থা করবেন। এক্ষেত্রে পূর্বের পরিকল্পনার ঢাকা ও বাইরের বিভাগের বিচারকের সংখ্যার তারতম্য হতে পারে।

১০.৫ একক বিষয়ে প্রতিযোগিতার দু'টি শাখার ক্ষেত্রে বিচারকমন্ডলীর কোন সদস্য দ্বিতীয় নির্বাচনে থাকলে, চূড়ান্ত পর্যায়ে তিনি অন্য শাখায় থাকবেন।

১০.৬ বিচারকমন্ডলীর সকল সদস্যকে প্রচলিত নিয়ম অনুযায়ী পারিশ্রমিক ও টি. এ./ডি .এ, প্রদান করা হবে।

১১. নম্বর প্রদান

১৩— ৩ দলগত প্রতিটি বিষয়ের প্রতিযোগিতায় প্রতিটি পর্বে ১০০ নম্বরের ভিত্তিতে নম্বর দেয়া হবে। সকল বিচারকের প্রদত্ত নম্বর যোগ করে গড় অনুযায়ী প্রতিযোগীদের/দলের স্থান নির্ধারণ করা হবে। তবে কোন বিচারক অস্বাভাবিক বেশি বা কম হারে নম্বর দিলে তা বাদ দিয়ে অন্য বিচারকদের নম্বরগুলোর গড় হবে।

১১.২ বিচার্য বিষয়ের নম্বর বণ্টন হবে নিম্নরূপঃ

ক. ক্বেরাত

উচ্চারণ-৩০ অভিব্যক্তি-৩০ বাচনভঙ্গি-৩০ পরিবেশনা-১০ মোট=১০০

খ. কণ্ঠ/যন্ত্র সংগীত

সুর-৩০ তাল-৩০ লয়-৩০ পরিবেশনা-১০ মোট=১০০

গ. আবৃত্তি/গল্পবলা/অভিনয়

উচ্চারণ-৩০ অভিব্যক্তি-৩০ বাচনভঙ্গি-৩০ পরিবেশনা-১০ মোট=১০০

ঘ. নৃত্য

তাল-৩০ অভিব্যক্তি-৩০ সাজসজ্জা-৩০ পরিবেশনা-১০ মোট=১০০

ঙ. ছবি অাঁকা সামগ্রিক=১০০

১২. শৃঙ্খলা

১২.১ প্রতিযোগী বা অভিভাবকদের নীতি বহির্ভূত কোন আচরণের জন্য প্রতিযোগিতার যে কোন পর্যায় থেকে সংশ্লিষ্ট প্রতিযোগীকে প্রতিযোগিতা থেকে বিরত রাখার ক্ষমতা টেলিভিশন কর্তৃপক্ষের থাকবে।

১২.২ অনুষ্ঠান ধারণ ও নির্বাচনকালে প্রতিযোগিতার কক্ষে প্রতিযোগীর অভিভাবক বা অননুমোদিত কোন ব্যক্তির প্রবেশাধিকার থাকবে না।

১২.৩ চূড়ান্ত পর্বে বিচারকমন্ডলীর প্রদত্ত নম্বর অনুষ্ঠানে প্রচারিত হবে। সকল প্রতিযোগী এই রায় মেনে নিতে বাধ্য থাকবে। এ ব্যাপারে কোন প্রতিযোগী বা অভিভাবকের কোন প্রকার আপত্তি বা অভিযোগ অবাঞ্ছিত হিসেবে গণ্য হবে। প্রতিযোগিতায় তার অংশগ্রহণ বাতিল করার ক্ষমতা টেলিভিশন কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন।

১৩. **প্রতিযোগীর সম্মানী**

১৩.১ প্রাথমিক ও দ্বিতীয় নির্বাচনে অংশগ্রহণের জন্য প্রতিযোগীদের কোন সম্মানী বা আর্থিক সুবিধা দেয়া হবে না।

১৩.২ ধারণ পর্বে অংশগ্রহণকারী শিল্পী ও কলা-কুশলীদের সম্মানী কাঠামো অনুযায়ী সম্মানী প্রদান করা হবে।

১৩.৩ ধারণ পর্বে দলীয় বিষয়ে অংশগ্রহণকারী শিল্পীদের প্রতিটি অনুষ্ঠানের জন্য সর্বনিম্ন সম্মানী প্রচলিত বিধি অনুযায়ী প্রদান করা হবে। অংশগ্রহণকারী দলগুলোকে নৈমিত্তিক হিসেবে সম্মানী দেয়া হবে। এজন্য পৃথক অনুমোদনের প্রয়োজন হবে না। তবে সযত্নে সম্মানী প্রদান ও গ্রহণের রেকর্ড সংরক্ষণ করা হবে এবং প্রধান সমন্বয়কারী প্রতি মাসে একবার জেনারেল ম্যানেজার, ঢাকা কেন্দ্রের প্রতিস্বাক্ষরসহ একটি পরীক্ষিত বিবরণী মহাপরিচালক মহোদয় সমীপে পেশ করবেন।

১৪. **পুরস্কার ও গোল্ডকাপ**

১৪.১ বিষয়ানুযায়ী প্রথম স্থান অধিকারীকে নতুন কুঁড়ি'র প্রতীক ট্রফি, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীদের পদক এবং বিজয়ী প্রত্যেককে নতুন কুঁড়ি সনদপত্র দেয়া হবে।

১৪.২ উভয় শাখার সর্বোচ্চ শ্রেষ্ঠ স্থান ও নম্বরপ্রাপ্ত শিশু শিল্পীদের 'নতুন কুঁড়ি গোল্ডকাপ' প্রদান করা হবে। গোল্ডকাপ বিজয়ীকে অবশ্যই একাধিক বিষয়ে প্রথম স্থান অধিকার করতে হবে। কোন প্রতিযোগী একাধিক বিষয়ে প্রথম স্থান অধিকার করতে না পারলে সেই শাখায় গোল্ডকাপ প্রদান স্থগিত রাখা হবে।

১৪.৩ দলীয় সাফল্য একক কৃতিত্বের সঙ্গে যোগ হবে না।

উল্লিখিত নীতিমালায় অন্তর্ভুক্ত নেই এমন কোন প্রাসঙ্গিক বিষয় অনিবার্য কারণে বিশেষ ক্ষেত্রে উত্থাপিত হলে সেক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ প্রয়োজনীয় নির্দেশ এবং অনুমোদন প্রদান করতে পারেন।

২.১৩ ভিডিও টেপ ও ১৬ মিঃমিঃ ফিল্মে ধারণকৃত অনুষ্ঠান/সংবাদচিত্র আরকাইভিং নীতিমালাঃ

আর্থিক কারণে সম্প্রচার লোকে ধারণকৃত অনুষ্ঠান/সংবাদচিত্র মুছে ফেলে একই ভিডিও টেপ বারংবার ব্যবহার করা হয়। কিন্তু কিছু কিছু ক্ষেত্রে ধারণকৃত অনুষ্ঠান/সংবাদচিত্র বিভিন্ন মেয়াদে সংরক্ষণ করা হয়। সংরক্ষণের উদ্দেশ্যে সাধারণতঃ ৪ ভাগে বিন্যস্ত করা যায়ঃ (১) ঐতিহাসিক ও বিরল ঘটনাবলীর প্রামাণ্য দলিল (২) রাষ্ট্রীয় স্বার্থ সম্পর্কিত বিষয় (৩) জাতীয় এবং আন্তর্জাতিক ব্যক্তিত্বের/জনসমষ্টির জীবন চিত্র/ঘটনা
(৪) সৃজনশীল ও কারিগরি উৎকর্ষতায় শিল্পমন্ডিত জাতীয় ও আন্তর্জাতিক টিভি অনুষ্ঠান ইত্যাদি। বাংলাদেশ টেলিভিশনেও অনুরূপ ধরনের নির্মিত/ধারণকৃত অনুষ্ঠান/ সংবাদচিত্র সংরক্ষণের লক্ষ্যে নিম্নবর্ণিত নীতিমালা অনুসৃত হবেঃ

বিষয়বস্তুর গুরুত্ব বৈশিষ্ট্য, প্রকৃতি বিবেচনা করে সংরক্ষণকাল ৪টি শ্রেণীতে বিন্যাস করা হলো। শ্রেণীবিন্যস্ত মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্বে কোন অনুষ্ঠান/সংবাদচিত্র মুছে ফেলা যাবে না । দায়িত্বপ্রাপ্ত অধিকারিকগণ স্ব স্ব পর্যায়ে চিহ্নিত এবং উচ্চতর শ্রেণীতে সংরক্ষণযোগ্য অনুষ্ঠান সংবাদচিত্র উচ্চতর ধাপে সিদ্ধান্তের জন্য উপস্থাপন করবেনঃ

(১)	শ্রেণীঃ	''ক''	স্থায়ী
(২)	শ্রেণীঃ	''খ''	দীর্ঘমেয়াদী (প্রচারের দিন থেকে ৩ বৎসর)
(৩)	শ্রেণীঃ	''গ''	মধ্যমেয়াদী (প্রচারের দিন থেকে ৯০ দিন)
(৪)	শ্রেণীঃ	''ঘ''	স্বল্পমেয়াদী (প্রচারের দিন থেকে ৭ দিন)

১। **''ক'' শ্রেণীর সংরক্ষণঃ**

উপ-মহাপরিচালক (অনুষ্ঠান), অতিরিক্ত প্রধান প্রকৌশলী (রক্ষণাবেক্ষণ), উপ-মহাপরিচালক (বার্তা), পরিচালক (বার্তা), পরিচালক (অনুষ্ঠান), জেনারেল ম্যানেজার, ঢাকা টিভি/আঞ্চলিক টিভি কেন্দ্র এবং সমন্বয়ে একটি লেখ্যাপারকরণ (আরকাইভিং) কমিটি বৎসরে ২ বার (জানুয়ারী এবং জুলাই) সভা অনুষ্ঠান করে অনুষ্ঠান ও বার্তা বিষয়ে একত্রিতভাবে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

২। **''খ'' শ্রেণীর সংরক্ষণঃ**

জেনারেল ম্যানেজার, ঢাকা কেন্দ্র/আঞ্চলিক টিভি কেন্দ্র সকল প্রোগ্রাম ম্যানেজার- অনুষ্ঠান বিষয়ে এবং পরিচালক (বার্তা) ও মুখ্য বার্তা সম্পাদক ঢাকা/আঞ্চলিক কেন্দ্র, সংবাদ বিষয়ে এবং সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং ম্যানেজার উভয় বিষয়ে ৯০দিন পর পর
(মার্চ, জুন, সেপ্টেমবর, ডিসেম্বর) সভা অনুষ্ঠান করে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

৩। **''গ'' শ্রেণীর সংরক্ষণঃ**

সংশ্লিষ্ট প্রোগ্রাম ম্যানেজার এবং সংশ্লিষ্ট বার্তা সম্পাদক স্ব স্ব বিষয়ে সিদ্ধান্ত নেবেন।

৪। **''ঘ'' শ্রেণীর সংরক্ষণঃ**

অনুষ্ঠান বিষয়ে সংশ্লিষ্ট প্রযোজক ও উপস্থাপন সম্পাদক এবং বার্তা/সংবাদ বিষয়ে সংশ্লিষ্ট প্রযোজক (বার্তা), নির্বাহী প্রযোজক (বার্তা) সিদ্ধান্ত নেবেন।

৫। **পর্যালোচনা কমিটিঃ**

মহাপরিচালক, প্রধান প্রকৌশলী, উপ-মহাপরিচালক (অনুষ্ঠান) এবং উপ-মহাপরিচালক (বার্তা) সমন্বয়ে গঠিত একটি পর্যালোচনা কমিটি থাকবে। এই কমিটি প্রয়োজন অনুসারে পরামর্শ ও নির্দেশনা প্রদান করবে।

সংরক্ষণের কারিগরি ব্যবস্থাঃ

১) স্থায়ী সংরক্ষণযোগ্য অনুষ্ঠান/সংবাদচিত্র কেবলমাত্র ইউমেটিক ভিডিও টেপে স্থানান্তর করে রাখতে হবে। ১৬ মিঃমিঃ ফিল্মে ধারণকৃত চিত্র অপরিবর্তিত অবস্থায় থাকবে।

২) কেবল ৬০ মিঃ এর ইউমেটিক টেপে ধারণ করে সংরক্ষণের জন্য রাখা হবে। একই টেপের পূর্ণদৈর্ঘ্যের স্থায়ীত্বব্যাপ্তী একাধিক অনুষ্ঠান/সংবাদচিত্র সংরক্ষিত থাকবে।

৩) স্থায়ী সংরক্ষণযোগ্য অনুষ্ঠান/সংবাদচিত্রের বিস্তারিত অর্থাৎ বিষয়বস্তু, ধারণ তারিখ ও অন্যান্য তথ্য, মুখ্য গ্রন্থাগারিক পৃথক ক্যাটালগিং করবেন এবং কম্পিউটার স্মৃতিতেও সন্নিবেশকরণের ব্যবস্থা করবেন।

৪) ''ক'' শ্রেণীর সংরক্ষণযোগ্য অনুষ্ঠান/চিত্র ভিডিও টেপ লাইব্রেরীতে মুখ্য গ্রন্থাগারিকের তত্ত্বাবধানে সংরক্ষিত থাকবে।

৫) ২ ইউমেটিক ভি, টি, আর, যন্ত্র ভবিষ্যতে আরকাইভ বিষয়বস্তু পুনরুদ্ধার করার জন্য পৃথকভাবে সংরক্ষিত থাকবে । ভিটি, আর, ফরমাট নিশ্চিহ্ন হয়ে গেলেও চিহ্নিত যন্ত্র ২'টির আয়ুস্কাল দীর্ঘায়িত করার ব্যবস্থা নিতে হবে। যন্ত্র ২'টির জীবন মেয়াদ অতিক্রান্ত হওয়ার পূর্বেই ''ক'' শ্রেণীর অনুষ্ঠান/সংবাদচিত্র নতুন ফরমেটে পুনরায় স্থানান্তর করতে হবে। মুখ্য গ্রন্থাগারিক এবং সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং ম্যানেজার দীর্ঘমেয়াদী এবং স্থায়ী সংরক্ষিত ভিডিও টেপসমূহ বৎসরে কমপক্ষে ২ বার ''মেশিন-শাটল '' করার ব্যবস্থা করবেন।

সূত্রঃ [টিভি (প্রকৌঃ)/পরি- ২৩/৯২ তারিখ, ১৯-০২- ১৯৯২]

২.১৪ STANDARD LEASING RATE OF BTV'S FACILITIES (REVISED)

EFFECTIVE : 18 NOVEMBER 1991

TERMS & CONDITONS :

1. Payment to be made in advance or on commitment agreement.
2. Leasing of facilities is subject to availability.
3. Cost of Recording or Transfer Prectudes cost to lapes.
4. BTV's programmes not to be multiphcated or be used for commercial purposes. Rights of TV programmes are reserved by BTV.
5. Programme-transfer duration will mean tape length in time.
6. Blank tapes will not be available for general sale.
7. In the cases of reciprocation, separate charges will be decided by the Director General on individual merit basis.

A. SATELLITE TRANSMISSION/PLAY BACK/LIVE

	Facilities	Unit	For Foreign agencies U.S.$.	For National agencies (BD.TK.)
1.	Live Transmission Via Satellite including technical cost, excluding up and down link satellite charges & Right Fee (Right fee to be decided on event basis)	(a) First 90 min or less (b) Excess or 60 min.	1000.00 10.00 per min	-
2.	Play back of 3/4″ U-matic (High or low band) satellite transmission of leasee's own material excluding satellite charges	(a) Per 5 min for or less (b) Excess of 5 minutes	200.00 20.00 per min.	
3.	News item gathered by BTV's crew on film or U-matic tape including Right fee & technical cost excluding satellite charges	per minute	50.00	2000.00

	Facilities	Unit	For Foreign agencies U.S.$.	For National agencies (BD.TK.)
4.	Special News item excluding satellite charges	per 10 min or less	To be fixed on event basis To be	

approved by the Director General

B.	RECORDING/ENG RECORDING			
	Facilities	Unit	For F oreign agencies U.S.$	For National agencies (BD,TK.)
1.	ENG Equipment with crew (1Camera + 1 Portable U-matic + 1 Sungun with 1 Cameraman + 1 Sub-Asstt. Engineer + 1 Asstt.)	(a) 1 Unit 1st 1 hr. or less (Time-out Time –in Rampura TV House.	200.00	3.000.00
		(b) Excess of 1st 1 hr/per hour or less	60.00	1.500.00
2.	Renting of 16 mm Film Camera with one power operated sungun and Cameraman. (a) Silent (Motor or Non-motor)	First hour or less	20.00	500.00
		Excess of 1st hour	10.00 per hour	250.00
	(b) Sound on	First Hour or Less	30.00	800.00
		Excess of First hour	15.00 per hour	400.00
3.	Video Recording on U-matic/VHS with telop and film only including Voice mixing (for TV Commercials)	per 30min or less engagement	100.00	3.000.00
4.	Audio Recording for Voice	per 30 min or less engagement	10.00	300.00

C.	EDITING			
	Facilities	Unit	For Foreign agencies U.S.$	For National agencies (BD,TK.)
1.	U-matic Edit Set-up voice-over facility with operational staff.	(a) Engagement 1st hour or less.	100.00	3.000.00
		(b) Subsequent hour or less	50.00	1.500.00
2.	VHS to VHS	Engagement per hour less	15.00	1.000.00
3.	Audio Tape Editing Reel to Reel, Disc, Cassette etc.	Engagement per 1 hour or less	15.00	1.000.00

D.	PACKAGING PROGRAMME HIGH LIGHTS

	Facilities	Unit	For Foreign agencies U.S.$	For National agencies (BD,TK.)
1.	Programme pakage /high lights of sports and games.	per 1 hour less length , per copy	250.00	5.000.00

E.	PROGRAMME TRANSFER			
	Facilities	Unit	For Foreign agencies U.S.$	For National agencies (BD,TK.)
1.	Transfer of Leasee's Video material from 16 mm/35 mm film to U-matic or VHS.	per 1 Hr.or less, per copy	200.00	5.000.00
2.	Transfer of BTV's own Programme :			
	(a) BCN to U-matic/VHS	per copy per 60 min or less.	200.00	4.000.00
	(b) Film/U-matic to U-matic/VHS.	per copy	100.00	1.500.00
	(c) Audio only from BCN/U-matic/VHS to Audio Casseette, or Reel.	per 60 min or less	50.00	1.000.00
3.	Audio to Audio Transfer	per copy per 30 min or less	25.00	300.00

F.	PREVIEWING			
	Facilities	Unit	For Foreign agencies U.S.$	For National agencies (BD,TK.)
1.	Previewing of Video Tapped Programme from BCN machine at Rampura TV House.	60 min	50.00	1.500.00
2.	Previewing Video Programme	per 60 min or less.	50.00	1.000.00
3.	Previewing of 16 mm/35 mm Film on Video Monitor at TV House	per 60 min	50.00	1.000.00

G.	OTHERS			
	Facilities	Unit	For Foreign agencies U.S.$	For National agencies

				(BD,TK.)
1.	Re-production of satellite news photograph of BTV on newspaper	per photograph	-	1.000.00
2.	Cost of Tape (for the purpose of Programme transfer only not a general sale).			
	(a) U-matic	60 min	60.00	-
	(b) U-matic	20 min	20.00	-
	(c) VHS tape	180 min or less	25.00	-

সূত্র ০ঃ [পর (ক)-২৮.০৬/৯১/২০০ (৪), ১৮ই নভেম্বর ১৯৯১]

২.১৫ সংশোধিত টেলিভিশন বিজ্ঞাপন নীতিমালা (প্রস্তাবিত)

১৪—

টেলিভিশন একটি শক্তিশালী গণমাধ্যম। সংবাদ, অনুষ্ঠান ইত্যাদির পাশাপাশি টেলিভিশনে প্রচারিত বিজ্ঞাপন জনসাধারণকে ভীষণভাবে প্রভাবিত করে। টেলিভিশন বিজ্ঞাপন কোন একটি পণ্য বা সেবার খবর অগণিত দর্শক-শ্রোতার মাঝে ছড়িয়ে দেয়ার মাধ্যমে পণ্য ও সেবার বাজার সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। দেশের প্রচলিত আইন, রীতি-নীতি, ঐতিহ্য ও সংস্কৃতির সাথে বিজ্ঞাপন সামঞ্জস্যপূর্ণ হতে হবে, যাতে শ্রোতাগণ বিভ্রান্ত না হন। বিজ্ঞাপনের ভাষা ও উপস্থাপনা হবে শ্রুতিমধুর, শোভনীয় (decent), পরিমার্জিত ও নান্দনিক। সরকারী ও বেসরকারী টেলিভিশন চ্যানেলে বিজ্ঞাপন প্রচারের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করতে হবেঃ

১। টেলিভিশন বিজ্ঞাপন দেশের প্রচলিত আইন, রীতিনীতি, ঐতিহ্য ও সংস্কৃতির সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। বিজ্ঞাপনে রাষ্ট্রীয় অখন্ডতা বা সংহতি বিনষ্ট হয়, এমন কোন মনোভাব প্রদর্শন করা যাবে না। রাজনৈতিক উদ্দেশ্যে কোন বিদ্রোহ, নৈরাজ্য এবং হিংসাত্মক ঘটনা প্রদর্শন করা যাবে না। আইন-শৃঙ্খলা ভঙ্গ করে বা আইন অমান্য করার পক্ষে সহানুভূতি সৃষ্টি করে এমন কিছু দেখানো যাবে না।

২। বিভিন্ন ধর্ম বা মতাবলম্বীদের মধ্যে বিদ্বেষ বা বিভেদ সৃষ্টি করতে পারে, এমন বিজ্ঞাপন প্রচার করা যাবে না।

৩। বন্ধু রাষ্ট্রসমূহের সাথে মতবিরোধ সৃষ্টি করতে পারে, এমন বিজ্ঞাপন প্রচার করা যাবে না।

৪। দর্শক-শ্রোতাকে শুধুমাত্র পণ্যের ক্রেতা মনে না করে তাঁকে সৎ, চিন্তাশীল, জ্ঞানী, দূরদর্শী এবং মুক্তমনা মনে করতে হবে।

৫। টেলিভিশন বিজ্ঞাপন শোভনীয়, সুন্দর, সুরুচিপূর্ণ ও পরিমার্জিত হতে হবে। পরিবারের সকল সদস্যসহ একসাথে বসে উপভোগ করতে বিব্রতবোধ করতে হয় অথবা দৃষ্টিকটু মনে হয়, এমন বিজ্ঞাপন পরিহার করতে হবে।

৬। রাজনৈতিক ব্যক্তিবর্গ, বিদেশী কূটনীতিক এবং জাতীয় বীরদের পণ্যের বিজ্ঞাপনে অন্তর্ভুক্ত করা যাবে না। গণসচেতনতা ও সমাজ সংস্কারমূলক বিজ্ঞাপনে
দেশের স্বনামধন্য নাগরিকদের (Prominent Citizens) বিজ্ঞাপনে অন্তর্ভুক্ত করা যেতে পারে।

৭। বিজ্ঞাপনের ভাষা, দৃশ্য কিংবা নির্দেশনা কোন ধর্মীয় বা রাজনৈতিক অনুভূতির প্রতি পীড়াদায়ক হবে না। ধর্মীয় অনুভূতিকে ব্যবহারের মাধ্যমে পণ্যের বাণিজ্যিক উদ্দেশ্য হাসিলের লক্ষ্যে মসজিদ, মাজার, মন্দির, গীর্জা ইত্যাদি ধর্মীয় উপাসনালয়ের স্থির চিত্র কিংবা চলমান চিত্র প্রদর্শন করা যাবে না। তবে বিজ্ঞাপন চিত্রে ব্যবহৃত বিষয়বস্তুর প্রয়োজনে ধর্মীয় অনুভূতিকে আহত না করে এ ধরনের প্রতিষ্ঠানের চিত্র প্রদর্শন বিবেচনা করা যেতে পারে। উদাহরণস্বরূপঃ কোন একটি শিক্ষা প্রতিষ্ঠানের বিজ্ঞাপনে শিক্ষা প্রতিষ্ঠানের ক্যাম্পাসের দৃশ্যে অন্যান্য দৃশ্যের সাথে একই স্থানে অবস্থিত একটি মসজিদের দৃশ্য দেখানো যেতে পারে।

৮। টেলিভিশন বিজ্ঞাপনে সশস্ত্র বাহিনী, পুলিশ বাহিনী অথবা দেশের আইন-শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত অন্য কোন বাহিনীর প্রতি কটাক্ষ, বিদ্রুপ বা অবমাননা করা যাবে না। বাণিজ্যিক উদ্দেশ্যে নির্মিত কোন একটি পণ্যের বিজ্ঞাপনে মডেল হিসাবে প্রতিরক্ষা বাহিনী, পুলিশ বা অন্য কোন আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের প্রদর্শন করা যাবে না। তবে, জনস্বার্থে জনসচেতনতা ও সমাজ সংস্কারমূলক বিজ্ঞাপনে প্রয়োজনবোধে এসব বাহিনীর লোকদের বিজ্ঞাপনচিত্রে অন্তর্ভুক্ত করা যেতে পারে। আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নিজস্ব কোন ঘোষণা বা নিয়োগ বিজ্ঞপ্তি বিজ্ঞাপন হিসাবে প্রচার করা যেতে পারে।

৯। বিজ্ঞাপনে প্রতিযোগী পণ্যের তুলনা বা নিন্দা করে শ্রেষ্ঠত্ব দাবী করা যাবে না। বাজারে একই জাতীয় পণ্যের বিভিন্ন বিজ্ঞাপনদাতা রয়েছে। তাঁদের পণ্য সম্পর্কে বিজ্ঞাপনে অমর্যাদাকর বা তাচ্ছিল্য বা খাটো করে কোন উক্তি করা যাবে না।

১০। সংবাদের আকারে বিজ্ঞাপন প্রচার করা যাবে না। অনুষ্ঠান হতে বিজ্ঞাপন ভিন্নতর হতে হবে। নাটক বা যে কোন অনুষ্ঠানের ভিতরে বিজ্ঞাপন বা বিজ্ঞাপনের বিষয়বস্তু প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রচার করা যাবে না।

১১। বিজ্ঞাপনের অডিও মানসম্মত এবং শ্রুতিমধুর হতে হবে। অতি কোলাহলপূর্ণ ও কর্ণপীড়াদায়ক হবে না। বিজ্ঞাপনে নোংরা ও অশীল শব্দ, উক্তি, সংলাপ, জিংগেল ও গালিগালাজ ইত্যাদি অন্তর্ভুক্ত করা যাবে না।

১২। জ্ঞাতসারে নকল পণ্যের কোন বিজ্ঞাপন প্রচার করা যাবে না এবং কোন ধরনের নকল বিজ্ঞাপন প্রচার করা যাবে না।

১৩। বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউট (বি.এস.টি.আই)-এর তালিকাভুক্ত পণ্য সামগ্রীর বিজ্ঞাপন প্রচারের ক্ষেত্রে বি.এস.টি.আই প্রদত্ত মান নিয়ন্ত্রণ সনদপত্র উপস্থাপন করতে হবে। এছাড়া অন্যান্য ক্ষেত্রে (যেখানে প্রযোজ্য) সংশিষ্ট কর্তৃপক্ষের মান নিয়ন্ত্রণ সনদপত্র উপস্থাপন করতে হবে। পণ্য বা সেবার নিশ্চয়তা (Warranty/Guaranty) সম্পর্কিত তথ্য সঠিক এবং তা ক্রেতার আদায়যোগ্য হতে হবে। বিজ্ঞাপনে প্রচারিতব্য প্রশংসাপত্র/সনদপত্র (Certificates) এর মূলকপি সংশিষ্ট কর্তৃপক্ষকে দেখাতে হবে এবং সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

১৪। ঔষধপত্র ও ঔষধ জাতীয় পণ্য, হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনোষ্টিক সেন্টার, স্বাস্থ্য কেন্দ্র ইত্যাদির বিজ্ঞাপনের ক্ষেত্রে স্বাস্থ্য মন্ত্রণালয় অথবা তার অধীনস্থ অধিদপ্তরের অনুমোদন/ছাড়পত্র গ্রহণ করতে হবে এবং ছাড়পত্রের সত্যায়িত ফটোকপি জমা
দিতে হবে।

১৫। বিজ্ঞাপনচিত্রে পেশাগত পরামর্শ পরিহার করতে হবে। ঔষধপত্র, চিকিৎসা বিষয়ক পণ্যের বিজ্ঞাপনে বিশেষজ্ঞ চিকিৎসক, দন্ত চিকিৎসকদের বিশেষজ্ঞ হিসাবে পরামর্শ প্রদান করা যাবে না এবং তাদের পরিচয় প্রচার করা যাবে না। অনুরূপভাবে অন্যান্য ক্ষেত্রেও বাণিজ্যিকভাবে ব্যবহৃত পণ্যের বিজ্ঞাপনে পেশাগত পরামর্শ পরিহার করতে হবে। তবে, সচেতনতামূলক (Motivational) বিজ্ঞাপন যেমন —এইডস, ডায়েরিয়া, ডেঙ্গু, যক্ষ্মা, মহামারী ইত্যাদি প্রতিরোধ, মাদক নিয়ন্ত্রণ, এসিড নিক্ষেপ প্রভৃতি ক্ষেত্রে পরিচয়সহ সংশিষ্ট বিশেষজ্ঞের পেশাগত পরামর্শ দেখানো যেতে পারে।

১৬। বিজ্ঞাপনে এমন কোন বর্ণনা বা দাবী প্রচার করা যাবে না- যাতে জনগণ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রতারিত হতে পারে। যেমনঃ বিজ্ঞাপনে প্রদর্শিত পণ্যটি বা পণ্যের কাঁচামাল সম্পর্কিত কোন গুণের কথা দাবী করা হলো অথচ উক্ত দাবী

প্রমাণ করা সম্ভব নয়। বিজ্ঞাপনে প্রদর্শিত পণ্য/সেবা (Goods/Services) সর্বোৎকৃষ্ট বা বাজারের একমাত্র পণ্য/সেবা এমন দাবী করা যাবে না। তবে প্রযোজ্য ক্ষেত্রে সংশিষ্ট সরকারী দপ্তরের প্রমাণপত্র উপস্থাপন সাপেক্ষে বিজ্ঞাপন দেয়া যেতে পারে।

১৭। কোন দেশী-বিদেশী গান বা গানের অংশ বা গানের সুর সংশিষ্ট গানের সুরকার ও স্বত্বাধিকারীর অনাপত্তি নিয়ে বিজ্ঞাপনে ব্যবহার করা যেতে পারে। মূল গানের সুরকার ও স্বত্বাধিকারী না পাওয়া গেলে গান বা গানের সুর ব্যবহারের কারণে ভবিষ্যতে সৃষ্ট জটিলতার দায়-দায়িত্ব বহনের নিমিত্তে সংশিষ্ট বিজ্ঞাপনদাতাকে অঙ্গীকারপত্র প্রদান করতে হবে।

১৮। বৈজ্ঞানিক শব্দাবলী, পরিসংখ্যান, উদ্ধৃতি ইত্যাদি বিজ্ঞাপনে ব্যবহারের ক্ষেত্রে দায়িত্বশীলতার পরিচয় দিতে হবে, যেন সাধারণ দর্শকদের নিকট বিভ্রান্তি সৃষ্টি না হয়। এ ধরনের দাবীর সপক্ষে প্রমাণাদি থাকতে হবে। বিজ্ঞাপনদাতার পণ্যের এ ধরনের বর্ণনা/উক্তি/প্রমাণের সপক্ষে যথাযথ কর্তৃপক্ষের প্রয়োজনীয় কাগজপত্র উপস্থাপন করতে হবে। পরবর্তীতে সৃষ্ট কোন জটিলতার জন্য বিজ্ঞাপনদাতাকে দায়-দায়িত্ব বহন করতে হবে।

১৯। বিজ্ঞাপনে জাতীয় পতাকা, জাতীয় সঙ্গীত ও রণসঙ্গীত অন্তর্ভুক্ত করা যাবে না। তবে গণসচেতনতা সৃষ্টি কিংবা সমাজ সংস্কারমূলক (Motivational) বিজ্ঞাপনের ক্ষেত্রে বিষয়বস্তুর চাহিদা অনুযায়ী যথাযথ সম্মান এবং মর্যাদার সাথে জাতীয় পতাকা ও রণসঙ্গীত অন্তর্ভুক্ত করা যেতে পারে।

২০। স্যানিটারী ন্যাপকিন, কনডম প্রভৃতিসহ জন্মনিয়ন্ত্রণ সামগ্রীর বিজ্ঞাপন প্রচারকালে বিজ্ঞাপনের দৃশ্য ও সংলাপ মার্জিত ও শোভনীয় হতে হবে। এ জাতীয় পণ্যের নামসহ প্যাকেটের রুচিশীল দৃশ্য দেখানো যেতে পারে। এ সকল পণ্যের দৃষ্টিকটু দৃশ্য দেখানো যাবে না।

২১। জনসচেতনতা বা উদ্বুদ্ধকরণ (Motivational) বিজ্ঞাপনে বিজ্ঞাপনদাতা বা বিজ্ঞাপনদাতার কোন পণ্য/সেবার গুণাগুণ/বর্ণনার উলেখ করা যাবে না। তবে, এসকল বিজ্ঞাপনের শেষ দৃশ্যে (টেলপ) সৌজন্যকারী হিসাবে কিংবা অর্থায়নকারী হিসাবে কিংবা জনস্বার্থে সংশিষ্ট বিজ্ঞাপনদাতা বা পণ্যের নাম দেখানো যেতে পারে।

২২। বিজ্ঞাপন প্রচারের ফলে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হলে সংশিষ্ট বিজ্ঞাপনদাতা দায়-দায়িত্ব বহন করবে।

২৩। বিজ্ঞাপন বাংলা অথবা ইংরেজী ভাষায় হতে হবে। কোন আঞ্চলিক ভাষা ব্যবহার করতে হলে তা দেশের সাধারণ জনগণের নিকট বোধগম্য হতে হবে। তবে, অন্যান্য বিদেশী ভাষায় নির্মিত বিজ্ঞাপনের ক্ষেত্রে বাংলা বা ইংরেজী ভাষায় সাব-টাইটেল থাকতে হবে।

২৪। টেক্সট বই, নিবন্ধীকৃত সাময়িকী/ম্যাগাজিন ব্যতীত অন্যান্য পুস্তক বা প্রকাশনার বিজ্ঞাপন বাংলাদেশ টেলিভিশনে প্রচারের ক্ষেত্রে মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন- এর পূর্বঅনুমোদন গ্রহণ করতে হবে এবং অন্যান্য বেসরকারী চ্যানেলে প্রচারের ক্ষেত্রে তথ্য মন্ত্রণালয়ের পূর্বঅনুমোদন গ্রহণ করতে হবে।

২৫। ওয়াজ মাহফিল, ওরশ, পূজা, বড়দিন, বৌদ্ধ পূর্ণিমা ইত্যাদি ধর্ম বিষয়ক বিজ্ঞাপন প্রচারের পূর্বে তথ্য মন্ত্রণালয়ের অনুমোদন নিতে হবে।

২৬। নিম্নে বর্ণিত পণ্য ও সেবার বিজ্ঞাপন টেলিভিশনে প্রচারযোগ্য বিবেচিত হবে নাঃ

(১) বাংলাদেশ ব্যাংকের ছাড়পত্রবিহীন/অননুমোদিত অর্থলগ্নীকারী প্রতিষ্ঠান,

(২) পত্র মিতালী ক্লাব, নাইট ক্লাব, বার (Bar), পাব (Pub), সামাজিকভাবে স্বীকৃত নয় এমন ক্লাব বা সমিতি,

(৩) ভাগ্য গণনাকারী ও এতদসংক্রান্ত,

(৪) মৃত্যু বা অন্ত্যেষ্টিক্রিয়া সংক্রান্ত,

(৫) লাইসেন্সবিহীন কর্মসংস্থান প্রতিষ্ঠান/সার্ভিস/রেজিস্ট্রার/ব্যুরো,

(৬) বাজি ধরা, জুয়া খেলা বা এতদসংক্রান্ত সংস্থা/কোম্পানী/ব্যক্তি,

(৭) পুরুষ ও মহিলাদের ফাউন্ডেশন গার্মেন্টস (Foundation Garments) যেমন—ব্রেসিয়ার, আন্ডারওয়্যার ইত্যাদি,

(৮) সিগারেট, বিড়ি, চুরুট ইত্যাদি তামাকজাত পণ্য,

(৯) মদ, গাজা, চরস, হেরোইন ইত্যাদি মাদক/নেশাজাতীয় পণ্য,

(১০) অ্যালকোহল মিশ্রিত পণ্য (অ্যালকোহলের পরিমাণ যাই হোক না কেন),

(১১) মহিলাদের বক্ষ বর্ধন, পুরুষ ও মহিলাদের বা শিশু কিশোরদের সিমিং, ওজন হ্রাস অথবা সীমিতকরণ, ফিগার নিয়ন্ত্রণ- এর জন্য ব্যবহৃত ঔষধপত্র অথবা চিকিৎসা,

(১২) যৌন দুর্বলতা, অকাল বার্ধক্য ইত্যাদি বিষয়ক বিশেষ চিকিৎসা,

(১৩) স্বপ্নে প্রাপ্ত ঔষধ, মাদুলী, কবজ, যাদু ইত্যাদি,

(১৪) চাঁদা বা চাঁদা সংক্রান্ত,

(১৫) ব্যবসা বা শিক্ষা প্রতিষ্ঠানের বিবাদ সংক্রান্ত ইত্যাদি।

২৭। শিশুদের নৈতিক, মানসিক বা শারীরিকভাবে ক্ষতিগ্রস্ত করতে পারে এমন কোন বিষয় বিজ্ঞাপনে অন্তর্ভুক্ত করা যাবে না। শিশুদের স্বাভাবিক বিশ্বাস ও স্বভাব সুলভ সরলতার সুযোগকে প্রতারণাপূর্ণ ও চাতুর্য্যের সাথে কাজে লাগিয়ে কোন বাণিজ্যিক উদ্দেশ্য হাসিলের প্রয়াস গ্রহণযোগ্য হবে না।

২৮। গুঁড়ো দুধের বিজ্ঞাপনে ৫ (পাঁচ) বছরের কম বয়সের শিশুদের মডেল হিসাবে ব্যবহার করা যাবে না কিংবা ছবি প্রদর্শন করা যাবে না। এছাড়া গুঁড়ো দুধের বিজ্ঞাপনে নিম্নলিখিত দুইটি শোগান পৃথকভাবে সুপার ইম্পোজ করে স্পষ্টাক্ষরে দেখাতে হবেঃ (১) ''শিশুদের জন্য মায়ের দুধের বিকল্প নেই''। কমপক্ষে ৩ সেকেন্ড এবং ''এই গুঁড়ো দুধ অনূর্ধ্ব এক বছর বয়সের শিশুদের জন্য প্রযোজ্য নয়''—কমপক্ষে ৫ সেকেন্ড।

২৯। বিজ্ঞাপনে শিশুদের দ্বারা বিপদজনক কোন দ্রব্য যেমন —বিস্ফোরক, দিয়াশলাই, পেট্রোল বা দগ্ধকারক দ্রব্য, যন্ত্র বা বৈদ্যুতিক যন্ত্রপাতি, ঔষধপত্র ইত্যাদি ব্যবহারের দৃশ্য দেখানো যাবে না। অথবা এসব দ্রব্য শিশুদের নাগালের মধ্যে আছে তাও দেখানো যাবে না। যে কোন পরিস্থিতিতে শিশুদের অংশগ্রহণের ক্ষেত্রে তাদের নিরাপত্তার বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে। যেমন —শিশুদের রাস্তা পারাপার, রাস্তার উপর খেলাধুলা, উদাসীনভাবে রাস্তায় চলাফেরা, জানালা বা ওভারব্রীজে বিপদজনকভাবে ঝুঁকে পড়া, উঁচু পাহাড়ে আরোহণ ইত্যাদি ঝুঁকিপূর্ণ দৃশ্য বিজ্ঞাপনে দেখানো যাবে না।

৩০। বিজ্ঞাপনের বিষয়বস্তুর সাথে চিত্রায়ন সামঞ্জস্যপূর্ণ হতে হবে। বিজ্ঞাপনে পণ্য বা সেবা সম্পর্কিত তথ্য সঠিক হতে হবে।

৩১। বিজ্ঞাপনচিত্রে ভয়-ভীতি সৃষ্টিকারী কোন কিছু প্রদর্শন করা যাবে না। ফাঁসি, শ্বাসরোধ, আত্মহত্যা, অঙ্গ বিচ্ছেদ ইত্যাদি বীভৎস দৃশ্য দেখানো যাবে না। শিশু, কিশোর, বৃদ্ধ বা অসুস্থ ব্যক্তির স্নায়ুর উপর চাপ সৃষ্টি করতে পারে এরূপ দৃশ্য দেখানো যাবে না।

৩২। বিজ্ঞাপনে ধর্ষণ, ব্যাভিচার, অশীল জড়াজড়ি/ধরাধরি/ভঙ্গি ইত্যাদি দৃশ্য প্রদর্শন করা যাবে না।

৩৩। নারী নির্যাতন, কিশোরী ও মহিলাদের উত্যক্তকরণ (Teasing) এবং তাঁদের প্রতি অশোভন অঙ্গভঙ্গী বিজ্ঞাপনচিত্রে প্রদর্শন করা যাবে না।

৩৪। বিজ্ঞাপনে অংশগ্রহণকারী মডেলের পোষাক-পরিচ্ছদ শালীনতাপূর্ণ ও প্রচলিত পোষাক- পরিচ্ছদের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

৩৫। দেশে উৎপাদিত তথা দেশীয় পণ্য বা সেবার বিজ্ঞাপনে দেশীয় মডেল ব্যবহার করতে হবে। তবে, দেশীয় পণ্য বা সেবার বিজ্ঞাপনে সীমিত সংখ্যক বিদেশী মডেল ব্যবহার করা যেতে পারে। এক্ষেত্রে বিদেশী মডেল ব্যবহারের জন্য তথ্য মন্ত্রণালয়ের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।

৩৬। বিদেশে উৎপাদিত তথা বিদেশী পণ্য বা সেবার বিজ্ঞাপনে বিদেশী মডেল ব্যবহার করা যেতে পারে। তবে বাংলাদেশের অভ্যন্তরে উৎপাদিত পণ্য বা সেবার বিজ্ঞাপনে দেশীয় মডেল ব্যবহার করতে হবে।

৩৭। বিজ্ঞাপনে অংশগ্রহণকারী কোন মডেলের মৃত্যু ঘটলে তাকে আর বিজ্ঞাপনচিত্রে দেখানো যাবে না।

৩৮। পরিবেশ বিনষ্টকারী বা বন্ধুসুলভ নয় এমন দৃশ্য বিজ্ঞাপনে দেখানো যাবে না।

৩৯। রাষ্ট্রীয়ভাবে সংরক্ষিত গুরুত্বপূর্ণ ভবন, স্থাপনা, কার্যালয়, যেমন ——জাতীয় সংসদভবন, প্রধানমন্ত্রীর কার্যালয়, রাষ্ট্রপতির কার্যালয়, কোর্ট বা আদালত ও আদালতের কার্যক্রম, সেনানিবাস এলাকা, শহীদ মিনার, জাতীয় স্মৃতিসৌধ ইত্যাদি কোন পণ্যের বিজ্ঞাপনচিত্রে প্রদর্শন করা যাবে না।

৪০। মহান স্বাধীনতা দিবস, মুক্তিযুদ্ধ, গণঅভ্যুত্থান, ভাষা আন্দোলন ইত্যাদি জাতীয় পর্যায়ের বিষয়গুলোর মর্যাদা ও সম্মান সমুন্নত রাখার লক্ষ্যে এ বিষয়গুলো প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বিজ্ঞাপনচিত্রে অন্তর্ভুক্ত করা যাবে না।

৪১। কোন বিজ্ঞাপন শোভনীয়, সুন্দর, সুরুচিপূর্ণ ও পরিমার্জিত কিনা এ বিষয়ে কোনরূপ দ্বিধা/সন্দেহ দেখা দিলে সংশিষ্ট টিভি চ্যানেল কর্তৃপক্ষকে তথ্য মন্ত্রণালয়ে আবেদন করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

৪২। এ নীতিমালায় উলেখ নেই এমন বিষয়ে তথ্য মন্ত্রণালয় সিদ্ধান্ত দেবে। তাছাড়া বিজ্ঞাপনদাতা এবং টিভি চ্যানেল (সরকারী ও বেসরকারী)-এর মধ্যে বিজ্ঞাপন বিষয়ে মতবিরোধ হলে তথ্য মন্ত্রণালয়ের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৪৩। সকল টিভি চ্যানেলকে (সরকারী ও বেসরকারী) নিজ দায়িত্বে যথাযথভাবে টেলিভিশন বিজ্ঞাপন নীতিমালা অনুসরণ করে প্রয়োজনীয় ছাড়পত্র প্রদান করতে হবে। ছাড়পত্র প্রদানের ক্ষেত্রে ‘টেলিভিশন বিজ্ঞাপন নীতিমালা’ সঠিকভাবে অনুসরণ না করা হলে তথ্য মন্ত্রণালয় সংশিষ্ট টিভি চ্যানেলের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

৪৪। উপরোক্ত শর্তাবলী প্রতিপালনে ব্যর্থ হলে সংশিষ্ট টেলিভিশনের লাইসেন্স বাতিল করা হবে।

২.১৬ কেব্‌ল টেলিভিশন নেটওয়ার্ক কার্যক্রম পরিচালনা এবং আনুষঙ্গিক বিষয়াদি সম্পর্কে বিধানকল্পে প্রণীত আইন

জাতীয় সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ৯ই আশ্বিন, ১৪১৩ মোতাবেক ২৪শে সেপ্টেম্বর, ২০০৬ তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছেঃ —

২০০৬ সনের ৩৮নং আইন

কেব্‌ল টেলিভিশন নেটওয়ার্ক কার্যক্রম পরিচালনা এবং আনুষঙ্গিক বিষয়াদি সম্পর্কে বিধানকল্পে প্রণীত আইন

যেহেতু দেশে বাণিজ্যিক ভিত্তিতে কেব্‌ল টেলিভিশন নেটওয়ার্ক কার্যক্রম পরিচালিত হইয়া আসিতেছে; এবং

যেহেতু উক্তরূপ কার্যক্রম তদারকি, নিয়ন্ত্রণ ও পরিচালনার জন্য বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল **:**—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন :

(১) এই আইন কেব্‌ল টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন, ২০০৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা :

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে—

(১) **''অনুষ্ঠান''** অর্থে কেব্‌ল নেটওয়ার্কে সম্প্রচারিত অনুষ্ঠান যথা :—চলচ্চিত্র, ফিচার, নাটক, ধারাবাহিক নাটক, নৃত্য, সঙ্গীত, ক্রীড়া, বিজ্ঞাপন, ম্যাগাজিন অনুষ্ঠান, যে কোন সবাক বা নির্বাকশৈলী উপস্থাপন, যে কোন প্রতিবেদন ও সংবাদসহ প্রচারিত যে কোন অনুষ্ঠানকে বুঝাইবে; এবং ভিডিও ক্যাসেট রেকর্ডার, ভিডিও ক্যাসেট পেয়ার, ভিডিও ক্যাসেট ডিস্ক, ডিজিটাল ভিডিও ডিস্ক ও অন্যান্য প্রযুক্তি দ্বারা পরিবেশিত যে কোন অনুষ্ঠান এবং অশীল অনুষ্ঠানও উহার অন্তর্ভুক্ত হইবে;

(২) **''অশীল অনুষ্ঠান''** অর্থে ধারা ১৯ এর উপ- ধারা (৯) এ উলিখিত যে কোন বা সকল প্রকার সম্প্রচারিত অনুষ্ঠানকে বুঝাইবে;

(৩) **''কেব্‌ল অপারেটর''** অর্থ এমন কোন ব্যক্তি যিনি কেব্‌ল টেলিভিশন নেটওয়ার্কের মাধ্যমে এলাকাভিত্তিক ভূনির্ভর (টেরিস্ট্রিয়াল) চ্যানেল, উপগ্রহ বা স্যাটেলাইট চ্যানেল (ফ্রি টু এয়ার চ্যানেল ও পে- চ্যানেল), ইত্যাদি গ্রাহকদের উদ্দেশ্যে বাণিজ্যিক ভিত্তিতে সঞ্চালন এবং প্রেরণের জন্য কন্ট্রোল রুম হইতে সিগন্যাল প্রস্তুত করেন ও দর্শকের চাহিদা পূরণের লক্ষ্যে ফিড অপারেটর বা গ্রাহকের নিকট বিতরণ করেন; এবং মাল্টিপল সিস্টেম অপারেটরও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(৪) **''কেব্‌ল টেলিভিশন নেটওয়ার্ক''** অর্থে এমন একটি পদ্ধতিকে বুঝাইবে যাহার নিজস্ব, লীজ বা ভাড়াকৃত নিয়ন্ত্রিত সম্প্রচার লাইন বা মাল্টি চ্যানেল মাল্টি পয়েন্ট ডিস্ট্রিবিউশন সার্ভিস (এম.এম.ডি.এস) বা ডাইরেক্ট টু হোম (ডি.টি.এইচ) থাকিবে এবং সংযুক্ত সিগন্যাল প্রস্তুতকরণ, নিয়ন্ত্রণ ও বহুবিধ গ্রাহকের চাহিদা মিটাইবার জন্য প্রয়োজনীয় বিতরণ যন্ত্রপাতি থাকিবে;

(৫) **''গ্রাহক''** অর্থ এমন কোন ব্যক্তি যিনি কেব্‌ল টেলিভিশন নেটওয়ার্কের সিগন্যাল কেব্‌ল অপারেটরের নিকট হইতে তদ্দকর্তৃক নির্দিষ্টকৃত কোন স্থানে, অন্য কোন ব্যক্তির নিকট সঞ্চালন বা সম্প্রচার করা ব্যতিরেকে গ্রহণ করেন;

(৬) **''চ্যানেল''** অর্থ পে- চ্যানেল বা ফ্রি টু এয়ার চ্যানেল;

(৭) **''ডাউন লিংক''** অর্থ স্যাটেলাইট হইতে সিগন্যাল গ্রহণ করা;

(৮) **''ডি.টি.এইচ (DTH)''** অর্থে উপগ্রহের মাধ্যমে সম্প্রচারিত অনুষ্ঠানকে ক্ষুদ্রাকৃতির ডিশের মাধ্যমে সরাসরি গ্রহণ করিবার প্রযুক্তিকে বুঝাইবে;

(৯) **''ডিস্ট্রিবিউটর''** অর্থ এমন ব্যক্তি যিনি দেশী বা বিদেশী কোন চ্যানেলের ব্রডকাস্টারের স্থানীয় পরিবেশক হিসাবে ঐ চ্যানেলের অনুষ্ঠান ধারণের লক্ষ্যে ডিকোডার, চিপস ও আনুষঙ্গিক যন্ত্রপাতি আমদানী করিয়া বাণিজ্যিক ভিত্তিতে সেবাপ্রদানকারীর নিকট সরবরাহ করেন;

(১০) **''নির্ধারিত''**অর্থ বিধি দ্বারা নির্ধারিত বা অনুরূপ বিধি প্রণীত না হওয়া পর্যন্ত সরকার কর্তৃক সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা নির্ধারিত;

(১১) **''ফিড অপারেটর''** অর্থ এমন কোন ব্যক্তি যিনি কেব্‌ল অপারেটরের নিকট হইতে সিগন্যাল গ্রহণ করিয়া নির্ধারিত ফি'র বিনিময়ে গ্রাহককে সংযোগ প্রদান করেন;

(১২) **''বিধি''**অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(১৩) **''ব্যক্তি''**শব্দের আওতায় কোন প্রাকৃতিক ব্যক্তি স্বত্ববিশিষ্ট একক ব্যক্তি (individual) অংশীদারী কারবার, সমিতি, কোম্পানী, করপোরেশন, সমবায় সমিতি, এবং সংবিধিবদ্ধ সংস্থা (statutory body)

১৫— ন্তর্ভুক্ত;

(১৪) **''এম.এম.ডি.এস (MMDS)''** অর্থ ওয়ারলেস টেলিকমিউনিকেশন যন্ত্রের মাধ্যমে অডিও ভিডিও সিগন্যাল প্রেরণ করিবার জন্য মাল্টি চ্যানেল মাল্টি পয়েন্ট ডিস্ট্রিবিউশন সার্ভিস । তবে ইহা কোনমতে টেরিস্ট্রিয়ালে সম্প্রচার বুঝাইবে না;

(১৫) **''এম.এস.ও (MSO) বা মাল্টিপল সিস্টেম অপারেটর''** অর্থ এমন কেব্‌ল অপারেটর যিনি সিগন্যাল প্রস্তুত করিয়া অন্য কোন কেব্‌ল অপারেটর বা ফিড অপারেটরের নিকট সরবরাহ বা বিতরণ করেন;

(১৬) **''লাইসেন্সিং কর্তৃপক্ষ''**অর্থ জেলার ক্ষেত্রে স্ব স্ব জেলা প্রশাসক বা সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে নিযুক্ত যে কোন সরকারী কর্মকর্তা;

(১৭) **''সরকার''**অর্থ তথ্য মন্ত্রণালয়;

(১৮) **''সেবাপ্রদানকারী''**অর্থ এম.এম.ডি.এস, ডি.টি.এইচ বা অন্য কোন যন্ত্রের মাধ্যমে গ্রাহকদের মধ্যে চ্যানেল সঞ্চালন বা সম্প্রচার করে এমন কোন এম.এস.ও, কেব্‌ল অপারেটর, ফিড অপারেটর বা ব্যক্তি।

৩। চ্যানেল ডাউন লিংক, বিপণন, ইত্যাদি :

(১) কোন ডিস্ট্রিবিউটর বা সেবাপ্রদানকারী নির্ধারিত আবেদনপত্রের ভিত্তিতে সরকার কর্তৃক, অনুমোদিত চ্যানেল ব্যতীত অন্য কোন চ্যানেল বাংলাদেশে ডাউন লিংক, বিপণন, সঞ্চালন বা সম্প্রচার করিতে পারিবে না ।

(২) কোন ডিস্ট্রিবিউটর বা সেবাপ্রদানকারী সরকার অনুমোদিত চ্যানেল ব্যতীত নিজস্ব কোন অনুষ্ঠান যথা :- ভিডিও, ভিসিডি, ডিভিডি- এর মাধ্যমে বা অন্য কোন উপায়ে কোন চ্যানেল বাংলাদেশে বিপণন, সঞ্চালন ও সম্প্রচার করিতে পারিবে না ।

(৩) উপ- ধারা (১) এর অধীন চ্যানেল অনুমোদনের ক্ষেত্রে সরকার ধারা ১৯ এর বিধানাবলী অনুসরণের বাধ্যবাধকতা আরোপ করিবে ।

(৪) সরকারী অনুমোদন ও বিদেশে অর্থ প্রেরণের সরকারী অনুমতি না নেওয়া পর্যন্ত বিদেশী পে-চ্যানেল ডাউন লিংক, বিপণন, সঞ্চালন বা সম্প্রচার করিতে পারিবে না ।

৪। লাইসেন্স :

(১) এই আইনের অধীন লাইসেন্সপ্রাপ্ত না হইয়া কোন ব্যক্তি ডিস্ট্রিবিউটর বা সেবাপ্রদানকারী হিসাবে কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না ।

(২) এই আইন বলবৎ হইবার পূর্বে কোন ব্যক্তি ডিস্ট্রিবিউটর বা সেবাপ্রদানকারী হিসাবে কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রাপ্ত হইয়া থাকিলে উক্ত আইন বলবৎ হইবার অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তদ্কর্তৃক লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট লাইসেন্সের জন্য ধারা ৫ এর বিধান অনুসারে পুনরায় আবেদনপত্র দাখিল করিতে হইবে ।

(৩) লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক উপ- ধারা (২) এর অধীন দাখিলকৃত আবেদনপত্র অগ্রাহ্য বা প্রত্যাখ্যাত না হওয়া পর্যন্ত আবেদনকারী তাহার কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখিতে পারিবে ।

(৪) উপ- ধারা (২) এর অধীন নির্ধারিত সময়ের মধ্যে কোন ডিস্ট্রিবিউটর বা সেবাপ্রদানকারী কর্তৃক পুনরায় লাইসেন্সের জন্য আবেদনপত্র দাখিল করা না হইলে উক্ত নির্ধারিত সময় অতিক্রান্ত হইবার সঙ্গে সঙ্গে তদ্বরাবরে প্রদত্ত বা ইস্যুকৃত লাইসেন্স বাতিল হইয়াছে বলিয়া গণ্য হইবে ।

(৫) এই আইনের অধীনে লাইসেন্সপ্রাপ্ত না হইলে কোন ব্যক্তি ডি.টি.এইচ বা এম.এম.ডি.এস টার্মিনাল স্থাপন, ব্যবহার, বিপণন ও সঞ্চালন করিতে পারিবে না।

৫। লাইসেন্স প্রদান পদ্ধতি :

(১) ডিস্ট্রিবিউটর এবং সেবাপ্রদানকারী হিসাবে কার্যক্রম পরিচালনা করিতে ইচ্ছুক ব্যক্তিকে লাইসেন্সের জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট নির্ধারিত ফরম অনুসারে আবেদনপত্র দাখিল করিতে হইবে এবং আবেদনপত্রের সাথে নির্ধারিত লাইসেন্স ফি জমা দিতে হইবে।

(২) উপ-ধারা (১) এর অধীন আবেদনপত্র প্রাপ্তির পর লাইসেন্সিং কর্তৃপক্ষ আবেদনপত্রের সাথে দাখিলীয় সকল তথ্যাদির সঠিকতা সম্পর্কে নিশ্চিত হইবে।

(৩) লাইসেন্সিং কর্তৃপক্ষ -

(ক) সেবাপ্রদানকারী কর্তৃক আবেদনপত্র দাখিল হইবার অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সেবাপ্রদানকারী বরাবরে; এবং

(খ) ডিস্ট্রিবিউটর কর্তৃক আবেদনপত্র দাখিল হইবার পর উহা অনতিবিলম্বে সরকারের নিকট অনুমোদনের জন্য প্রেরণ করিবে এবং সরকারী অনুমোদন প্রাপ্তির অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ডিস্ট্রিবিউটর বরাবরে;নির্ধারিত ফরম অনুসারে লাইসেন্স ইস্যু করিবে।

(৪) উপ-ধারা (৩) এ নির্ধারিত সময়ের মধ্যে আবেদনটি নামঞ্জুর করিলে লাইসেন্সিং কর্তৃপক্ষ মঞ্জুর না করা সম্পর্কিত সিদ্ধান্ত গ্রহণের অনধিক ১৫ (পনের) দিনের মধ্যে যথাযথ কারণ উলেখপূর্বক সিদ্ধান্তটি আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে ।

৬। লাইসেন্স নামঞ্জুর সংক্রান্ত আপিল :

(১) ধারা ৫ এর উপ-ধারা (৪) এর অধীন লাইসেন্স সংক্রান্ত আবেদন নামঞ্জুর করা হইলে সংক্ষুব্ধ ব্যক্তি সিদ্ধান্ত সম্পর্কে অবহিত হইবার অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকার বরাবরে লাইসেন্সিং কর্তৃপক্ষের সিদ্ধান্ত রদ ও রহিত করিবার জন্য আপিল করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন আপিল আবেদন প্রাপ্তির পর সরকার আপিলকারীকে যুক্তিসঙ্গত সময়ে শুনানীর সুযোগ প্রদান করিয়া আপিলটি নিষ্পত্তির ব্যবস্থা করিবে।

(৩) সরকার কর্তৃক প্রদত্ত আদেশ চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৭। লাইসেন্সের মেয়াদ ও শর্তাবলী :

(১) ডিস্ট্রিবিউটর ও সেবাপ্রদানকারী প্রতিটি লাইসেন্সের মেয়াদ ২ (দুই) বৎসর হইবে।

(২) মেয়াদোত্তীর্ণ হইবার অন্যূন ৩০ (ত্রিশ) দিন পূর্বে ডিস্ট্রিবিউটর এবং সেবাপ্রদানকারীকে ইস্যুকৃত লাইসেন্সটি নবায়ন করিবার জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষ বরাবরে নির্ধারিত ফরম অনুসারে আবেদনপত্র দাখিল করিতে হইবে এবং আবেদনপত্রের সাথে নির্ধারিত নবায়ন ফি জমা দিতে হইবে।

(৩) এই আইনের অধীন প্রদত্ত লাইসেন্স হস্তান্তরযোগ্য নহে (non- transferable)।

(৪) লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত প্রতিটি লাইসেন্সে নিম্নবর্ণিত শর্তাবলী উলেখ থাকিবে, যথা :—

(ক) লাইসেন্স গ্রহীতা কর্তৃক এই আইন ও বিধি প্রতিপালন;

(খ) লাইসেন্স গ্রহীতা কর্তৃক সরকার অনুমোদিত চ্যানেল ব্যতীত অন্য কোন চ্যানেল ডাউন লিংক, বিপণন বা সঞ্চালন এবং নিজস্ব অনুষ্ঠান প্রদর্শন বা সম্প্রচার না করণ;

(গ) লাইসেন্স গ্রহীতা কর্তৃক মানসম্মত সেবাপ্রদানসহ কারিগরি মান বজায় রাখা ও অন্যান্য কারিগরি শর্তাবলী প্রতিপালন;

(ঘ) ভূ-গর্ভস্থ কেব্ল, শূন্যে ঝুলন্ত লাইন ও আনুষঙ্গিক স্থাপনা সংযোজনের বা ব্যবহারের কারণে ক্ষতি হইলে ক্ষতিগ্রস্ত ব্যক্তি বা সংস্থাকে লাইসেন্স গ্রহীতা কর্তৃক ক্ষতিপূরণ নিশ্চিতকরণ;

(ঙ) সরকার কর্তৃক অনুমোদিত নিম্নবর্ণিত জাতীয় গুরুত্বপূর্ণ অনুষ্ঠান বাধ্যতামূলকভাবে প্রচারকরণ, যথা :—

(অ) রাষ্ট্রপতি ও সরকার প্রধানের ভাষণ;

(আ) জনগুরুত্বপূর্ণ ঘোষণা বা প্রেসনোট;

(ই) জরুরী আবহাওয়া বার্তা;

(ঈ) সরকার কর্তৃক, সময়, সময় প্রচারিত গুরুত্বপূর্ণ সরকারী ও অন্যান্য অনুষ্ঠান;

(চ) লাইসেন্স গ্রহীতা কর্তৃক ব্যবসা বন্ধ বা পরিবর্তনের বিষয় অবহিতকরণ।

(৫) উপ- ধারা (৪) এ বর্ণিত লাইসেন্সে উলিখিত শর্তাবলীর শর্ত পালনে ব্যর্থতা হইবে এই আইনের অধীন একটি অপরাধ।

(৬) লাইসেন্স গ্রহীতা কর্তৃক পরিশোধিত চার্জ, সারচার্জ, নির্ধারিত ফি, ইত্যাদি বা উহাদের কোন অংশ ফেরতযোগ্য নহে (non- refundable)।

৮। লাইসেন্স প্রদানে অনুসরণীয় নীতি: লাইসেন্সিং কর্তৃপক্ষ, কোন ব্যক্তির আবেদনের ভিত্তিতে, উপযুক্ততা বিবেচনায় উহার এখতিয়ারাধীন এলাকায় কেব্ল টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনার জন্য একচেটিয়া ব্যবসা নিরুৎসাহিতকরণের লক্ষ্যে একাধিক ব্যক্তিকে লাইসেন্স প্রদান করিতে পারিবে।

৯। কতিপয় ব্যক্তির ক্ষেত্রে লাইসেন্স প্রদানের বাধা-নিষেধ :

নিম্নবর্ণিত ব্যক্তির ক্ষেত্রে লাইসেন্স ইস্যু করা যাইবে না, যদি আবেদনকারী—

(ক) বাংলাদেশের নাগরিক ও অধিবাসী না হন; বা

(খ) কোন বিদেশী কোম্পানী, যাহা বিদেশী আইনে নিবন্ধিত ও পরিচালিত; বা

(গ) কোন কোম্পানী যাহার ২০% এর অধিক শেয়ার কোন বিদেশী নাগরিকের বা কোম্পানীর; বা

(ঘ) বিদেশী নাগরিক এর মালিকানা দ্বারা পরিচালিত হয়।

১০। লাইসেন্সিং কর্তৃপক্ষের ক্ষমতা :

এই আইনের বিধানাবলী বাস্তবায়নের প্রয়োজনে লাইসেন্সিং কর্তৃপক্ষের নিম্নবর্ণিত ক্ষমতা থাকিবে, যথা :—

(ক) যে কোন যুক্তিসঙ্গত সময়ে যে কোন স্থানে প্রবেশ করিতে পারিবেন, যদি উক্ত কর্তৃপক্ষের এইরূপ বিশ্বাস করিবার যুক্তিসঙ্গত কারণ থাকে যে, উক্ত স্থানে—

(অ) এই আইনের অধীন অনুমোদিত নহে এইরূপ যন্ত্রপাতি বা প্রতিবন্ধকতা সৃষ্টিকারী যন্ত্রপাতি আছে বা ব্যবহার করা হইতেছে; বা

(আ) লাইসেন্স ব্যতিরেকে বা লাইসেন্সের শর্ত ভঙ্গ করিয়া সেবাপ্রদান বা সেবপ্রদানের উদ্দেশ্যে যন্ত্রপাতি স্থাপন বা পরিচালনা করা হইতেছে;

(খ) দফা (ক) এ বর্ণিত যন্ত্রপাতি পাওয়া গেলে উহা পরীক্ষা করিতে, উক্ত যন্ত্রপাতির দখলদার, ব্যবহারকারী বা নিয়ন্ত্রণকারীকে জিজ্ঞাসাবাদ করিতে এবং উক্ত যন্ত্রপাতি সরাইয়া ফেলিতে পারিবে;

(গ) সেবাপ্রদানের জন্য যে যন্ত্রপাতি অনুমোদিত নহে উহা আটক করিতে পারিবে।

১১। লাইসেন্স স্থগিত বা বাতিলকরণ :

(১) কোন ডিস্ট্রিবিউটর বা সেবাপ্রদানকারী লাইসেন্সে প্রদত্ত শর্তাবলী লঙ্ঘন করিলে লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত ডিস্ট্রিবিউটর বা সেবাপ্রদানকারীর লাইসেন্স সাময়িকভাবে স্থগিত বা বাতিল করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর আওতায় সাময়িকভাবে স্থগিত লাইসেন্স বাতিল করিবার পূর্বে সংশিষ্ট লাইসেন্স গ্রহীতাকে সাময়িকভাবে স্থগিত লাইসেন্স কেন বাতিল করা হইবে না সেই মর্মে অনধিক ৭ (সাত) দিনের মধ্যে কারণ দর্শানোর নোটিশ প্রদান করিতে হইবে।

(৩) উপ-ধারা (২) এর অধীন প্রদত্ত কারণ দর্শানোর নোটিশের জবাব প্রাপ্তির পর লাইসেন্সিং কর্তৃপক্ষ যদি মনে করে যে, —

(অ) সংশিষ্ট লাইসেন্স বাতিল করা প্রয়োজন তাহা হইলে উক্ত স্থগিত লাইসেন্স বাতিল করিতে পারিবে; বা

(আ) লাইসেন্স গ্রহীতা কর্তৃক লাইসেন্সে প্রদত্ত শর্তাবলী যথাযথভাবে পূরণ করা হইতেছে এবং লাইসেন্সটি বাতিল করিবার কোন যুক্তিযুক্ত কারণ নাই তাহা হইলে সাময়িকভাবে প্রদত্ত স্থগিত আদেশ বাতিল করিবে।

১২। পরামর্শক কমিটি :

(১) এই আইন বা বিধির বিধানাবলী বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনবোধে সরকার অনধিক ১১ (এগার) সদস্যবিশিষ্ট পরামর্শক কমিটি গঠন করিতে পারিবে।

(২) পরামর্শক কমিটির দায়িত্ব ও কার্যাবলী, সভা ও আনুষঙ্গিক বিষয়াদি বিধি দ্বারা নির্ধারিত হইবে।

(৩) পরামর্শক কমিটি, সময়, সময়, সরকার বরাবরে পরামর্শ বা, ক্ষেত্রমত, সুপারিশ প্রদান করিতে পারিবে।

১৩। ফ্রিকোয়েন্সী বরাদ্দ সম্পর্কিত লাইসেন্স গ্রহণ, ইত্যাদি :

প্রত্যেক সেবাপ্রদানকারীকে ফ্রিকোয়েন্সী ব্যবহারের ক্ষেত্রে ফ্রিকোয়েন্সী বরাদ্দ প্রাপ্তির জন্য বাংলাদেশ টেলিযোগাযোগ আইন, ২০০১ (২০০১ সনের ১৮নং আইন) এবং ফ্রিকোয়েন্সী বরাদ্দ সম্পর্কিত বিদ্যমান অন্যান্য আইনের অধীন লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

১৪। লাইসেন্সের ডুপিকেট বা অনুলিপি প্রদান :

কোন ডিস্ট্রিবিউটর বা সেবাপ্রদানকারীর লাইসেন্স হারাইয়া গেলে বা নষ্ট হইলে লাইসেন্স গ্রহীতা নির্ধারিত ফি প্রদানপূর্বক উহার ডুপিকেট কপি বা অনুলিপি লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট হইতে গ্রহণ করিতে পারিবেন।

১৫। অনুমোদিত চ্যানেল সঞ্চালন বা সম্প্রচার স্থগিতকরণ, ইত্যাদি :

(১) অনুমোদিত কোন চ্যানেল বিপণন, সঞ্চালন বা সম্প্রচারকালে যদি সরকারের নিকট এই মর্মে প্রতীয়মান হয় যে, উক্ত চ্যানেলে প্রচারিত অনুষ্ঠান ধারা ১৯ এর পরিপন্থী তাহা হইলে সরকার তাৎক্ষণিক বা, ক্ষেত্রমত যাচাইপূর্বক উক্ত চ্যানেলের বিপণন, সঞ্চালন বা সম্প্রচার সাময়িক বা স্থায়ীভাবে বন্ধ করিয়া দেওয়ার নির্দেশ দিতে পারিবে ।

(২) স্থায়ীভাবে বন্ধ করিয়া দেওয়া কোন চ্যানেলের বিপণন, সঞ্চালন বা সম্প্রচার উক্ত চ্যানেলের ডিস্ট্রিবিউটরের লিখিত আবেদনের প্রেক্ষিতে সরকার উপযুক্ত মনে করিলে, নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে, পুনরায় চালু করিবার নির্দেশ দিতে পারিবে।

১৬। সরকারী ও বেসরকারী চ্যানেল সঞ্চালন :

প্রত্যেক সেবাপ্রদানকারীকে -

(ক) তাহার সঞ্চালিত চ্যানেলের মধ্যে সরকারী চ্যানেলসমূহ, আবশ্যিকভাবে, অগ্রাধিকারক্রমে, প্রাইম ব্যান্ডে E2—E6 পর্যন্ত কোন প্রকার পরিবর্তন ব্যতিরেকে, অব্যাহতভাবে সঞ্চালন বা সম্প্রচার করিতে হইবে। অতঃপর সরকার অনুমোদিত বেসরকারী দেশীয় ফ্রি টু এয়ার চ্যানেলসমূহ অনুমোদনের তারিখ হইতে অগ্রাধিকারক্রমে প্রাইম ব্যান্ডে ও তৎপরবর্তী ব্যান্ডসমূহে, অব্যাহতভাবে সঞ্চালন বা সম্প্রচার করিতে হইবে;

ব্যাখ্যাঃ এই ধারায় প্রাইম ব্যান্ড বলিতে আন্তর্জাতিকভাবে স্বীকৃত E2—E12 পর্যন্ত ১১টি চ্যানেলকে প্রাইম ব্যান্ড বুঝাইবে। তৎপরবর্তী ব্যান্ড বলিতে X. Y. Z. ও S5—S10 কে বুঝাইবে।

(খ) তাহার সঞ্চালন প্রক্রিয়ায়, যদি কোন ক্ষেত্রে প্রাইম ব্যান্ড ও তৎপরবর্তী ব্যান্ড নির্ধারণ করা না যায়, আবশ্যিকভাবে, অগ্রাধিকারক্রমে, সরকারী চ্যানেলসমূহ, অতঃপর সরকার অনুমোদিত বেসরকারী ফ্রি টু এয়ার চ্যানেলসমূহ অনুমোদনের তারিখ হইতে অগ্রাধিকারক্রমে অব্যাহতভাবে সঞ্চালন বা সম্প্রচার করিতে হইবে;

(গ) বিদেশ হইতে সম্প্রচারিত কোন দেশীয় চ্যানেল এদেশে ডাউন লিংক, বিপণন, সম্প্রচার/সঞ্চালন করা যাইবে না।

১৭। গ্রাহক সেবা :

(১) সেবাপ্রদানকারী সরকার অনুমোদিত দেশী, বিদেশী পে- চ্যানেল এবং ফ্রি টু এয়ার চ্যানেল সঞ্চালন বা সম্প্রচার করিবে।

(২) উপ-ধারা (১) এর বিধান অনুসারে চ্যানেল সঞ্চালন বা সম্প্রচার করিবার লক্ষ্যে সেবাপ্রদানকারী গ্রাহকদের নিকট হইতে সরকার কর্তৃক, নির্ধারিত সার্ভিস ফি এর অতিরিক্ত ফি গ্রহণ করিতে পারিবে না।

(৩) কোন ডিস্ট্রিবিউটর পে-চ্যানেলের প্যাকেজ/বান্ডিল প্রথা করিতে পারিবে না। প্রতি চ্যানেলের মূল্য পৃথক পৃথক করে সরকার কর্তৃক নির্ধারিত বিধির আলোকে করিতে হইবে।

(৪) গ্রাহক চাহিদা অনুযায়ী এম.এস.ও এবং কেব্ল্ অপারেটরগণ পে- চ্যানেল ক্রয় করিতে পারিবেন এবং গ্রাহক চাহিদা না থাকিলে প্রয়োজনে ক্রয়কৃত পে- চ্যানেল ডিস্ট্রিবিউটরকে ফেরত প্রদান করিতে পারিবে।

(৫) প্রত্যেক এম.এস.ও/কেব্ল্ অপারেটর/ফিড অপারেটরগণ গ্রাহকদের পছন্দ অনুসারে সংযোগ প্রদান করিবেন। সেবাপ্রদানকারী কোন এম.এস.ও/কেব্ল্ অপারেটর/ফিড অপারেটর নিজে সীমানা নির্ধারণ করিয়া বা জোরপূর্বক এলাকার গ্রাহকদের ইচ্ছার বিরুদ্ধে সংযোগ নিতে বাধ্য করিতে পারিবে না।

(৬) সরকার বাংলাদেশে বিপণনের জন্য প্রয়োজন অনুযায়ী বিধির মাধ্যমে ফ্রি টু এয়ার এবং পে-চ্যানেলসহ চ্যানেল সংখ্যা সময়, সময় নির্ধারণ করিতে পারিবে।

(৭) সরকার যে সমস্ত বিদেশী পে-চ্যানেলের অনুমোদন প্রদান করিবেন তাহার মূল্য সরকার নির্ধারণ করিয়া দিবে।

১৮। গ্রাহকদের অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি :

(১) এই আইনের অধীন সেবাপ্রদানকারী কর্তৃক প্রদত্ত সেবা প্রাপ্তির ক্ষেত্রে গ্রাহকদের কোন অভিযোগ থাকিলে উহা সংশিষ্ট লাইসেন্সিং কর্তৃপক্ষ বরাবরে লিখিতভাবে পেশ করা যাইবে।

(২) উপ-ধারা (১) এর অধীন অভিযোগ প্রাপ্তির পর লাইসেন্সিং কর্তৃপক্ষ উহার যথার্থতা যাচাইপূর্বক সেবাপ্রদানকারীকে তদ্বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়টি অনধিক ৭ (সাত) দিনের মধ্যে নিষ্পত্তি করিবার জন্য নির্দেশ দিতে পারিবে এবং নির্দেশ পালনের ব্যর্থতার ক্ষেত্রে লাইসেন্সিং কর্তৃপক্ষ উহার লাইসেন্স বাতিল বা সাময়িকভাবে স্থগিত করিতে পারিবে।

১৯। সম্প্রচার বা সঞ্চালনের ক্ষেত্রে বাধা-নিষেধ :

সেবাপ্রদানকারী কেব্ল্ টেলিভিশন নেটওয়ার্কের মাধ্যমে যেসব অনুষ্ঠান সম্প্রচার বা সঞ্চালন করিতে পারিবে না তাহা নিম্নরূপ, যথা **:-**

১.দেশের অখন্ডতা স্বাধীনতা, সার্বভৌমত্ব ও মুক্তিযুদ্ধের চেতনা ও আদর্শের পরিপন্থী কোন অনুষ্ঠান;

২. রাষ্ট্র পরিচালনার মূলনীতি এবং রাষ্ট্রীয় নীতির পরিপন্থী কোন অনুষ্ঠান;

৩. হিংসাত্মক, সন্ত্রাস, বিদ্বেষ ও অপরাধসম্বলিত কোন অনুষ্ঠান;

৪.বাংলাদেশের ইতিহাস ও ঐতিহ্য, শিক্ষা ও সংস্কৃতি, সামাজিক ও ধর্মীয় মূল্যবোধ, জাতীয় সংহতি ও রাষ্ট্রীয় ভাবমূর্তির পরিপন্থী কোন অনুষ্ঠান;

৫. জাতীয় নিরাপত্তা ও জনস্বার্থ হানিকর কোন অনুষ্ঠান;

৬. দেশের কোন সম্প্রদায় বা গোষ্ঠীর আবেগ অনুভূতিতে আঘাত হানিতে পারে এমন কোন অনুষ্ঠান;

৭. The Censorship of films Act, 1963 (Act XVIII of 1963) বা উহার অধীন প্রণীত বিধি বা নীতিমালার পরিপন্থী কোন অনুষ্ঠান;

৮. অশালীন বা আক্রমণাত্মক কোন রসিকতা, অঙ্গভঙ্গি, নৃত্যগীত, বিজ্ঞাপন, সংলাপ বা সাবটাইটেল সম্বলিত কোন অনুষ্ঠান;

৯. নগ্নতা, নগ্ন ছায়াছবি, বস্ত্র উন্মোচন দৃশ্য, দেহ প্রদর্শন, অশোভন অঙ্গভঙ্গী, যৌনক্রিয়ার ইঙ্গিত সূচক বা প্রতীকী নাচ অথবা অশোভন দৃশ্যাবলী সম্বলিত এমন কোন অশীল অনুষ্ঠান;

১০. উচ্ছৃঙ্খলতা, ধ্বংসযজ্ঞ, শিশু-কিশোর অপরাধ বা অপ-সংস্কৃতিকে আকর্ষণীয় ও উৎসাহিত করিতে পারে বা শিশুদের বুদ্ধিমত্তা বিকাশে ক্ষতির কারণ হইতে পারে এমন কোন অনুষ্ঠান;

১১. মূল তথ্যের বস্তুনিষ্ঠতা অক্ষুন্ন না রাখিয়া সম্প্রচারিত এমন কোন অনুষ্ঠান;

১২. অন্য কোন আইন দ্বারা বারিত বা সেন্সরকৃত ছায়াছবি বা কোন অশীল অনুষ্ঠান;

১৩. বাংলাদেশের দর্শকদের জন্য বিদেশী কোন চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন;

১৪. সরকারের অনুমতি ব্যতিরেকে সুনির্দিষ্টভাবে বাংলাদেশের দর্শকদের উদ্দেশ্যে বিদেশী চ্যানেলের কোন অনুষ্ঠান সম্প্রচার।

২০। জনস্বার্থে কেব্ল্ টেলিভিশন নেটওয়ার্কের কার্যক্রম নিষিদ্ধকরণের ক্ষমতা :

সরকার যে কোন স্থানে যে কোন সময়ে, জনস্বার্থে যে কোন কেব্ল্ টেলিভিশন নেটওয়ার্কের কার্যক্রম সম্পূর্ণ বা আংশিকভাবে নিষিদ্ধ করিতে পারিবে।

২১। সেবাপ্রদানকারী কর্তৃক রেজিস্ট্রার সংরক্ষণ :

১৬— প্রদানকারীকে সংক্ষিপ্তভাবে তাহার দৈনিক সম্প্রচারিত অনুষ্ঠানের বিষয়বস্তু ও তারিখ নির্ধারিত ফরম রেজিস্ট্রারে লিপিবদ্ধপূর্বক উক্ত রেজিস্ট্রার অনুষ্ঠান সম্প্রচারের পর ১ (এক) বৎসর সময় পর্যন্ত সংরক্ষণ করিতে হইবে।

২২। চ্যানেলের মূল্য পরিশোধ, ইত্যাদি :

কোন ডিস্ট্রিবিউটর, সরকারের পূর্বানুমোদন ব্যতিরেকে, বিদেশী পে-চ্যানেল ডাউন লিংক করিবার লক্ষ্যে পরিশোধিতব্য চ্যানেলের মূল্য বিদেশে প্রেরণ করিতে পারিবে না।

২৩। আটককৃত যন্ত্রপাতির বাজেয়াপ্তকরণ, ইত্যাদি :

(১) ধারা ১০ এর অধীন যন্ত্রপাতি আটকের অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে লাইসেন্সবিহীন ব্যক্তিকে ধারা ৪ এর অধীন লাইসেন্স গ্রহণ করিতে হইবে, অন্যথায় আটককৃত যন্ত্রপাতি সরকার বরাবরে বাজেয়াপ্ত হইবে **:**

তবে শর্ত থাকে যে, আটককৃত যন্ত্রপাতি বাজেয়াপ্তির পূর্বে লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত ব্যক্তিকে লিখিতভাবে নোটিশ প্রদান করিয়া আত্মপক্ষ সমর্থনের যুক্তিসঙ্গত সুযোগ প্রদান করিবে ।

(২) উপ-ধারা (১) এর অধীন যন্ত্রপাতি বাজেয়াপ্তি সত্ত্বেও উক্ত ব্যক্তি বিনা লাইসেন্সে কেব্‌ল টেলিভিশন নেটওয়ার্ক কার্যক্রম পরিচালনা করিবার জন্য এই আইনের বিধান লঙ্ঘন করিয়াছেন বলিয়া গণ্য হইবেন।

২৪। ক্ষমতা অর্পণ :

লাইসেন্সিং কর্তৃপক্ষ ধারা ১০ এর অধীন তাহার কোন ক্ষমতা তাহার অধস্তন কোন কর্মকর্তাকে লিখিত আদেশ দ্বারা অর্পণ করিতে পারিবে।

২৫। অন্যান্য সংস্থার অনুমোদন গ্রহণ :

সেবাপ্রদানকারী কেব্‌ল সংযোগের কাজে কোন সরকারী, আধা- সরকারী বা স্বায়ত্তশাসিত সংস্থার স্থানীয় কার্যালয়ের লিখিত অনুমোদন ব্যতীত কোন স্থাপনা ব্যবহার বা সুবিধা গ্রহণ করিতে পারিবে না।

২৬। অপরাধের আমলযোগ্যতা ও জামিনযোগ্যতা :

এই আইনের অধীন অপরাধসমূহ অ-আমলযোগ্য (non-cognizable) ও জামিনযোগ্য (bailable) হইবে।

২৭। কোম্পানী কর্তৃক অপরাধ সংঘটন :

(১) কোন কোম্পানী কর্তৃক এই আইনের অধীন কোন অপরাধ সংঘটিত হইলে উক্ত অপরাধের সহিত প্রত্যক্ষ সংশিষ্টতা রহিয়াছে কোম্পানীর এমন প্রত্যেক মালিক, প্রধান নির্বাহী, পরিচালক, ম্যানেজার, সচিব বা অন্য কোন কর্মকর্তা বা কর্মচারী বা প্রতিনিধি উক্ত অপরাধ সংঘটন করিয়াছেন বলিয়া গণ্য হইবে, যদি না তিনি প্রমাণ করিতে পারেন যে, উক্ত অপরাধ তাহার অজ্ঞাতসারে হইয়াছে অথবা উক্ত অপরাধ রোধ করিবার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়াছেন।

ব্যাখ্যাঃ এই ধারায়-

(ক) ''কোম্পানী'' বলিতে কোন কোম্পানী, সংবিধিবদ্ধ সংস্থা, অংশীদারী কারবার, সমিতি বা একাধিক ব্যক্তি সমন্বয়ে গঠিত সংগঠনকেও বুঝাইবে;

(খ) ''পরিচালক'' বলিতে কোন অংশীদার বা পরিচালনা বোর্ড, যে নামেই অভিহিত হউক, এর সদস্যকেও বুঝাইবে।

(২) Code of Criminal Procedure, 1898 (Act V of 1898) এ যাহা কিছুই থাকুক না কেন, কোম্পানী কর্তৃক এই আইন বা বিধিতে বর্ণিত কোন অপরাধ সংঘটনের ক্ষেত্রে কোম্পানীর নিবন্ধিত কার্যালয় বা প্রধান কার্যালয় বা এইরূপ কার্যালয় না থাকিলে যে স্থান হইতে সাধারণতঃ উহার কর্মকান্ড পরিচালিত হয় বা যে স্থানে অপরাধ সংঘটিত হয় বা যে স্থানে কোম্পানীর সংশিষ্ট অপরাধীকে পাওয়া যায় সেই স্থানের উপর এখতিয়ারসম্পন্ন ম্যাজিস্ট্রেট আদালতই হইবে যথাযথ এখতিয়ারসম্পন্ন আদালত।

২৮। শাস্তি :

(১) এই আইনের অধীন ধারা ৩, ৪, ৭(৩) ও (৪), ১৬, ১৭(২), ১৭(৩), ১৭(৫), ১৯, ২১, ২২, ২৩ ও ২৫ এর কোন বিধান লঙ্ঘন হইবে একটি অপরাধ।

(২) যদি কোন ব্যক্তি এই আইনের অধীন কোন অপরাধ সংঘটন করেন, তাহা হইলে তিনি অনধিক ২(দুই) বৎসর সশ্রম কারাদন্ড বা অনধিক ১ (এক) লক্ষ টাকা কিন্তু অন্যূন ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদন্ড বা উভয়দন্ডে দন্ডনীয় হইবেন এবং অপরাধ পুনরাবৃত্তির ক্ষেত্রে তিনি অনধিক ৩ (তিন) বৎসর সশ্রম কারাদন্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা কিন্তু অন্যূন ১ (এক) লক্ষ টাকা অর্থদন্ড বা উভয়দন্ডে দন্ডনীয় হইবেন।

(৩) এই আইনের অন্যান্য বিধান সাপেক্ষে, বিধি দ্বারা কতিপয় অপরাধ চিহ্নিত এবং উক্ত অপরাধ সংঘটনের জন্য দন্ড নির্ধারণ করা যাইবে, তবে এইরূপ দন্ড ১ (এক) বৎসর সশ্রম কারাদন্ড বা ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদন্ড বা উভয় দন্ডের অতিরিক্ত হইবে না।

২৯। অপরাধের বিচার :

Code of Criminal Procedure, 1898 (Act V of 1898) বা অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনে বর্ণিত সকল অপরাধ প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটান এলাকায় মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট কর্তৃক বিচার্য হইবে।

৩০। অর্থদন্ড আরোপের ক্ষেত্রে ম্যাজিস্ট্রেটের বিশেষ ক্ষমতা :

Code of Criminal Procedure, 1898 (Act V of 1898) এ ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, কোন ব্যক্তির উপর ধারা ২৮ এর অধীনে অর্থদন্ড আরোপের ক্ষেত্রে একজন প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটান এলাকায় মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট উক্ত ধারায় উলিখিত অর্থদন্ড আরোপ করিতে পারিবেন।

৩১। সরল বিশ্বাসে কৃত কাজকর্ম রক্ষণ:

এই আইন বা বিধির অধীন সরল বিশ্বাসে কৃত কোন কাজের ফলে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হইলে বা ক্ষতিগ্রস্ত হইবার সম্ভাবনা থাকিলে তজ্জন্য সরকারের বা, ক্ষেত্রমত, লাইসেন্সিং কর্তৃপক্ষ বা লাইসেন্সিং কর্তৃপক্ষের অধীনস্থ অন্য কোন কর্মকর্তার বিরুদ্ধে কোন আইনগত কার্যক্রম গ্রহণ করা যাইবে না।

৩২। অন্যান্য আইনের প্রয়োগ :

(১) সকল ডিস্ট্রিবিউটরকে বিদেশী স্যাটেলাইট টিভি চ্যানেলের এজেন্ট হিসাবে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে The Foreign Exchange Regulation Act, 1947 (Act No. VII of 1947) এর অধীন বাংলাদেশ ব্যাংকের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(২) উপ-ধারা (১) এর অধীন অনুমোদিত হইলেও উক্ত ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার জন্য অন্যান্য সংশিষ্ট আইনের বিধানাবলী ডিস্ট্রিবিউটরের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

৩৩। অন্যান্য আইনের উপর প্রাধান্য:

অন্যান্য আইনে ভিন্নতর যাহা কিছু থাকুক না কেন, এই আইনের বিধানাবলী কার্যকর থাকিবে।

৩৪। বিধি প্রণয়নের ক্ষমতা :

সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বিধি প্রণয়ন করিতে পারিবে।

৩৫। আইনের ইংরেজী অনুবাদ প্রকাশ :

এই আইন প্রবর্তনের পর সরকার, যথাশীঘ্র সম্ভব, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের মূল বাংলা পাঠের ইংরেজীতে অনুদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে। তবে শর্ত থাকে যে, মূল বাংলা পাঠ এবং ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

[বাংলাদেশ জাতীয় সংসদ: ৯ই আশ্বিন, ১৪১৩/২৪শে সেপ্টেম্বর, ২০০৬]

২.১৭THE TELEVISION RECEIVING APPARATUS (Possession and Licensing) RULES, 1970.

(As amended up to 01. January, 1995)

No. SRO 1101(K)/70.—In exercise of the powers conferred by section 10 of the Wireless Telegraphy Act, 1933 (XVII of 1933), the Government is pleased to make the following Rules, namely :—

1. (1) These Rules may be called the Television Receiving Apparatus (Possession and Licensing) Rules, 1970.

(2) They shall come into force at once.

2. In these Rules, unless there is anything repugnant in the subject or context,—

(a) "Act" means the Wireless Telegraphy Act, 1933 (XVII of 1933);

(b) Omitted; Vide No. (S.R.O. 69-L/79 dt.24.03.1979)

(c) "Dealer" means any person who deals in television receiving apparatus, video cassette recorder or satellite TV receiver including parts and spare parts thereof and includes a person who manufactures, assembles or imports them for sale; (S.R.O. 271-Law/92 dt.24.12.1992) and S.R.O 2-Law/195, Datet 01.01.95

(d) "Form" means forms appended to these Rules;

(e) "Holder" means any person for the time being in possession of a television receiving apparatus, a video cassette recorder or satellite TV receiver and includes a person who runs a shop for repairing them; Vide (S.R.O. 271-Law/92 dt.24.12.1992)

(f) "Licence" means licence issued under these Rules;

(g) "Licensing Authority" means the "Director General, National Broadcasting Authority (Television Wing)"; (S.R.O. 271-Law/92 dt.24.12.1992)

(gg) "Satellite TV receiver" means any apparatus which is capable of being used for receiving satellite broadcast of a television programme of motion picture either by itself or with the addition of electric power, valves or similar other devices and includes any apparatus which is temporarily incapable of being so used by reason of a defect in its component parts or in the electric wiring; (S.R.O. 271-Law/92 dt.24.12.1992)

(h) Deleted; Vide (S.R.O. 285-Law dt.13.12.1987)

(i) "Television receiving apparatus" means any apparatus which is capable of being used for receiving any telecasts including video and audio telecast either by itself or with the addition of electric power, battery, dish antenna, aerials, valves or similar other devices and includes any apparatus which is temporarily incapable being so used by reason of a defect in its component parts or in the electric wiring; Vide (S.R.O. 271-Law/92 dt.24.12.1992)

(j) "Year" means calendar year.

3. (1) An application for a licence shall be made in Form-I in accordance with such instruction as the Licensing Authority may, from time to time, issue.

(2) (a) A holder in possession of a television receiving apparatus or video cassette recorder or satellite TV receiver who brings it from abroad or buys from a duty-free shop shall make an application not later than three office working days from the date of bringing it from abroad or buying it from a duty-free shop; (S.R.O. 285-Law dt.13.12.1987.

(b) A holder in possession of a television receiving apparatus or video cassette recorder or satellite TV receiver licensed under these Rules shall get his licence renewed by the 31st December, each year, unless the time for renewal is Decided by the Licensing Authority.

(S.R.O. 285-Law dt.13.12.1987 & S.R.O. 271-Law/92 dt.24.12.1992)

(3) Every application under sub-rule (1) shall be accompanied by a fee as the Government may, by notification in the official Gazette, specify from time to time for various kinds of television receiving apparatus and for various use thereof

including extension of connection from satellite TV receiver. (S.R.O. 2-Law/95 dt.01.01.1995)

3A. The Government may recognize the association of the commercial holders if such association is formed in accordance with the provisions of the Trade Organization Ordinance, 1961 (XLV of 1961).

Vide (S.R.O. 2-Law/95 dt.01.01.1995)

4. A license shall be issued—

(1) in the case of a holder other than a dealer or a holder of a satellite TV receiver, in Form-II.

(2) in the case of a holder who is a dealer, in Form-III.

(3) in the case of a holder of satellite TV receiver or any class of them, such form or forms and subject to such conditions as the Licensing Authority may prescribe**:**

Provided that in a license under this clause the following conditions shall be included, namely **:**—

(a) the holder shall not transmit through the satellite TV receiver any programme other than the programme of the television broadcasting agencies specified in the license;

(b) the holder shall not give connection more than the number specified in the license;

(c) the holder shall not transmit through his receiver any recorded television programme or any other programme otherwise recorded or produced;

(d) if the holder gives connection to more than 10 television receiving apparatus, he shall be treated as a commercial holder and he shall—

(i) at the relevant time, transmit instead of the normal programmes received by his receiver, the main English and Bangla news and such other national programmes broadcast by the Bangladesh Television as may be specified in the license;

(ii) ensure satisfactory service to the users of the connection;

(e) no holder shall give connection from his receiver to more than 100 television receiving apparatus.

Vide (S.R.O. 2-Law/95, dt.01.01.1995)

5. A licence shall not be transferable.

6. Every licence shall be valid for the period for which the fee payable, under rule 3 has been paid and shall have specified thereon the date up to which it shall be valid.

7. (1) A licence shall authorize the licensee to keep one television receiving apparatus or one video cassette recorder or one satellite TV receiver in one building specified therein**:** (S.R.O. 271-Law/92, dt.24.12.1992)

Provided that the Licensing Authority may permit a licensee to keep the apparatus in two or more buildings.

(2) The Licensing Authority may, on the application of a licensee during the currency of the licence, alter the specification of the Building specified therein.

8. If a holder maintains a television receiving apparatus without a license, or continues to maintain such apparatus after the expiry of the period of validity of his license, he shall, in

addition to the fee payable under rule 3(3), be liable to such surcharge as the Government may, by notification in the official Gazette, specify from time to time **:**

Provided that the rates of surcharge under this rule shall be specified and published at the same time when the rates of license fee are specified and published under rule 3(3). Vide (S.R.O. 2-Law/95, dt.01.01.1995)

9. Every dealer shall require every person selling, purchasing or acquiring a television receiving apparatus or a video cassette recorder or a satellite TV receiver to produce a valid license issued in such person's name.

Vide (S.R.O. 90-L/86, dt.17.03.1986 & S.R.O. 271-Law/92, dt.24.12.1992)

10. (1) Every dealer shall maintain a register of television receiving apparatus and shall cause to be entered therein the following information and such other information as may be required by the Licensing Authority from time to time : —

(a) The details of all television receiving apparatus in his possession together with the dates on which such apparatus came into his possession and the sources from which he obtained them;

(b) The name and address of every person to whom he sells or otherwise transfers a television receiving apparatus with the date of the transaction.

(2) Every dealer shall submit such periodical returns to the Licensing Authority regarding the Television receiving apparatus purchased, manufactured, imported or otherwise procured and sold or otherwise disposed of by him as the Licensing Authority may, from time to time, require.

11. Where the Licensing Authority is satisfied that licence has been lost or accidentally destroyed, he may issue a duplicate or substitute licence on payment of a fee of Taka twenty. Vide (S.R.O. 271-Law/92, dt.24.12.1992)

12. (1) The Licensing Authority by order in writing, appoint Inspectors for the purposes of these Rules.

(2) Such Inspectors may inspect any television receiving apparatus in the possession of any person, and such person shall, if so required by an Inspector, give, to the best of his knowledge, the name and address of any person to whom he may have transferred or from whom he may have received any television receiving apparatus.

(3) On demand from such Inspector, every person holding a licence shall produce his licence for inspection.

(4) On demand from such Inspector, every dealer shall produce the register maintained under sub-rule (1) of the rule 10 and shall permit the Inspector to make extracts therefrom.

(5) In case of default in producing the register maintained under sub-rule (1) of rule 10 to such Inspector, every dealer shall produce it to the office of the Licensing Authority on demand, as and when required. (S.R.O. 271-Law/92, dt.24.12.1992)

12A. (1) The Licensing Authority may, by order in writing, suspend or cancel any licence issued to any person for breach of any of the provisions of these Rules. (S.R.O. 90-L/86, dt.17.09.1986)

(2) Any person aggrieved by an order under sub-rule (1) may, within thirty days from the date of receipt of the order, file a review petition to the Director General,

National Broadcasting Authority (Television Wing). (S.R.O. 271-Law/92, dt.24.12.1992)

(3) Director General, National Broadcasting Authority (Television Wing) may, after giving an opportunity of being heard, give his decision and his decision in such review petition shall be final. (S.R.O. 271-Law/92, dt.24.12.1992)

13. (1) The Licensing Authority may, during the currency of a Licence, alter, amend or vary and entry made therein.

(2) The Licensing Authority may cancel any licence issued to any person who has been convicted to a breach of these Rules or an offence punishable under section 6 of the Act.

(3) Without prejudice to the provision of sub-rule (2), the Licensing Authority may, at any time, cancel a licence either by a specific notice in writing sent by registered post to the Licensee at the address shown on the licence or by a notice published in the official Gazette addressed to all licensees; and such cancellation shall not entitle the Licensee to the refund of the fee paid by him under rule 3 or of any part of such fee.

14. No refund shall be granted of any fees paid under these Rules.

15. Any breach of these Rules, other than a breach which is an offence under section 6 of the Act, shall be punishable with fine which may extend to Taka one hundred. **[SRO 271-Law/92, Dated : 24.12.1992]**

২.১৮ বাংলাদেশ টেলিভিশনের জন্য টেরেস্ট্রিয়াল টেলিভিশন সম্প্রচার সুবিধা সংরক্ষণ করার উদ্দেশ্যে প্রণীত অধ্যাদেশ

১৭—

নং-৬৩৮ (পাঃ)-গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ২৩ অক্টোবর, ২০০৬ইং মোতাবেক ০৮ কার্তিক, ১৪১৩ বাং তারিখে প্রণীত নিম্নে উল্লিখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

অধ্যাদেশ নং-৩, ২০০৬

বাংলাদেশ টেলিভিশনের জন্য টেরেস্ট্রিয়াল টেলিভিশন সম্প্রচার সুবিধা সংরক্ষণ করার উদ্দেশ্যে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু বাংলাদেশ টেলিভিশন একটি রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ;

এবং যেহেতু জনস্বার্থে বাংলাদেশ টেলিভিশনের সম্প্রসারন এবং উন্নয়ন অপরিহার্য ;

এবং যেহেতু বাংলাদেশ টেলিভিশনের টেরেস্ট্রিয়াল সম্প্রচার সুবিধা সংরক্ষণ করার লক্ষ্যে বিধান প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয় ;

এবং যেহেতু সংসদ অধিবেশনে নাই এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে ;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেনঃ

১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তনঃ

(১) এই অধ্যাদেশ বাংলাদেশ টেলিভিশনের জন্য টেরেস্ট্রিয়াল টেলিভিশন সম্প্রচার সুবিধা সংরক্ষণ অধ্যাদেশ, ২০০৬ নামে অভিহিত হইবে।

(২) এই অধ্যাদেশ সমগ্র বাংলাদেশে প্রয়োগ হইবে।

(৩) এই অধ্যাদেশটি অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা ঃ বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই অধ্যাদেশে—

(ক) 'টেরেস্ট্রিয়াল' অর্থ ভূনির্ভর সম্প্রচার যন্ত্রের মাধ্যমে টেলিভিশন অনুষ্ঠান সম্প্রচার করা;

(খ) 'টেরেস্ট্রিয়াল' সম্প্রচার অর্থ ভূ-পৃষ্ঠে টাওয়ার, এ্যান্টেনা এবং ট্রান্সমিটার স্থাপনক্রমে এমন টেলিভিশন সম্প্রচার পদ্ধতি যাহা ITU (International Telecomunication Union) কর্তৃক নির্ধারিত VHF Band-111, UHF Band-1V এবং UHF Band-V এর Frequency ব্যবহার করিয়া প্রতিষ্ঠিত;

(গ) 'বিটিভি' অর্থ বাংলাদেশ টেলিভিশন;

(ঘ) 'ব্যক্তি' শব্দের আওতায় কোন প্রাকৃতিক ব্যক্তি স্বত্ববিশিষ্ট একক ব্যক্তি (individual) অংশীদারী কারবার, সমিতি, কোম্পানী, কর্পোরেশন, সমবায় সমিতি এবং সংবিধিবদ্ধ সংস্থা (statutory body) অন্তর্ভুক্ত;

(ঙ) 'সম্প্রচার পদ্ধতি' অর্থ সম্প্রচার কেন্দ্রের আওতাভুক্ত গ্রাহক টেলিভিশন সেট দ্বারা সরাসরি অনুষ্ঠান অবলোকন এবং শ্রবণ করিতে পারিবেন;

(চ) 'সরকার' অর্থ তথ্য মন্ত্রণালয়;

(ছ) 'VHF Band-111' অর্থ Very High Frequency, 174-230 Mhz;

(জ) 'UHF Band-1V' অর্থ Ultra High Frequency, 470-606 Mhz;

(ঝ) 'UHF Band-V' অর্থ Ultra High Frequency, 606-862 Mhz.

৩। টেরেস্ট্রিয়াল সম্প্রচার, সংরক্ষণ, ইত্যাদিঃ ইন্টারন্যাশনাল টেলিকমিউনিকেশন ইউনিয়ন কর্তৃক টেরেস্ট্রিয়াল টেলিভিশন সম্প্রচারের জন্য নির্ধারিত VHF Band-111, UHF Band-1V এবং UHF Band-V কেবলমাত্র বিটিভি'র জন্য সংরক্ষিত থাকিবে।

৪। যন্ত্রপাতি ক্রয়, সংগ্রহ বা অধিকারে রাখার উপর বাধা-নিষেধঃ বিটিভি ব্যতীত অন্য কোন ব্যক্তি কর্তৃক টেরেস্ট্রিয়াল সম্প্রচার সুবিধার লক্ষ্যে এতদসংক্রান্ত কোন যন্ত্রপাতি ক্রয় বা সংগ্রহ করিতে বা অধিকারে রাখিতে পারিবে না।

৫। অপরাধ ও দন্ডঃ

(১) এই অধ্যাদেশের অধীনে ধারা ৪-এর বিধান লংঘন হইবে একটি অপরাধ।

(২) যদি কোন ব্যক্তি উপ-ধারা (১) এর কোন অপরাধ করেন, তাহা হইলে তিনি অনধিক ২(দুই) বৎসর সশ্রম কারাদন্ড বা অনধিক ১(এক) লক্ষ টাকা কিন্তু অন্যূন ৫০(পঞ্চাশ) হাজার টাকা অর্থদন্ড বা উভয়দন্ডে দন্ডনীয় হইবেন এবং অপরাধ পূনরাবৃত্তির ক্ষেত্রে তিনি অনধিক ৩(তিন) বৎসর সশ্রম কারাদন্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা কিন্তু অন্যূন ১ (এক) লক্ষ টাকা অর্থদন্ড বা উভয়দন্ডে দন্ডনীয় হইবেন।

(৩) উপ-ধারা (১) এ বর্ণিত যন্ত্রপাতি কোন ব্যক্তি ক্রয় বা সংগ্রহ করিলে বা অধিকারে রাখিলে অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন সরকার উক্ত যন্ত্রপাতি তাৎক্ষণিকভাবে বাজেয়াপ্ত করিতে পারিবে।

৬। বিধি দ্বারা অপরাধ নির্ধারণ ও দন্ডারোপঃ এই অধ্যাদেশের অন্যান্য বিধান সাপেক্ষ, বিধি দ্বারা কতিপয় অপরাধ/চিহ্নিত এবং উক্ত অপরাধ সংঘটনের জন্য দন্ড নির্ধারণ করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, এইরূপ দন্ড ১(এক) বৎসর সশ্রম কারাদন্ড বা ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদন্ড বা উভয়দন্ডের অতিরিক্ত হইবে না ।

৭। কোম্পানী কর্তৃক অপরাধ সংঘটনঃ

(১) কোন কোম্পানী কর্তৃক এই আইনের অধীনে কোন অপরাধ সংঘটিত হইলে উক্ত অপরাধের সহিত প্রত্যক্ষ সংশ্লিষ্টতা রহিয়াছে কোম্পানীর এমন প্রত্যেক মালিক, প্রধান নির্বাহী, পরিচালক, ম্যানেজার, সচিব বা অন্য কোন কর্মকর্তা বা কর্মচারী বা প্রতিনিধি উক্ত অপরাধ সংঘটন করিয়াছেন বলিয়া গণ্য হইবে, যদি না তিনি প্রমাণ করিতে পারেন যে, উক্ত অপরাধ তাহার অজ্ঞাতসারে হইয়াছে অথবা উক্ত অপরাধ রোধ করিবার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়াছেন।

ব্যাখ্যাঃ এই ধারায়—

(ক) 'কোম্পানী' বলিতে কোন কোম্পানী, সংবিধিবদ্ধ সংস্থা, অংশীদারী কারবার, সমিতি বা একাধিক ব্যক্তি সমন্বয়ে গঠিত সংগঠনকে বুঝাইবে;

(খ) 'পরিচালক' বলিতে কোন অংশীদার বা পরিচালনা বোর্ড, যে নামে অভিহিত হউক, এর সদস্যকেও বুঝাইবে।

(২) Code of Criminal Procedure, 1898 (Act V of 1898) এ যাহা কিছুই থাকুক না কেন, কোম্পানী কর্তৃক এই অধ্যাদেশ বা বিধিতে বর্ণিত কোন অপরাধ সংঘটনের ক্ষেত্রে কোম্পানীর নিবন্ধিত কার্যালয় বা প্রধান কার্যালয় বা এইরূপ কার্যালয় না থাকিলে যে স্থান হইতে সাধারণতঃ উহার কর্মকান্ড পরিচালিত হয় বা যে স্থানে অপরাধ সংঘটিত হয় বা যে স্থানে কোম্পানীর সংশ্লিষ্ট অপরাধীকে পাওয়া যায় সেই স্থানের উপর এখতিয়ারসম্পন্ন ম্যাজিস্ট্রেট আদালতই হইবে যথাযথ এখতিয়ারসম্পন্ন আদালত।

৮। অপরাধের আমলযোগ্যতা ও জামিনযোগ্যতাঃ এই অধ্যাদেশের অধীন অপরাধসমূহ আমলযোগ্য (non-cognigable) ও জামিনযোগ্য (bailable) হইবে।

৯। অপরাধের বিচারঃ Code of Criminal Procedure,1898 (Act V of 1898) বা অন্য কোন আইন বা অধ্যাদেশে যাহা কিছুই থাকুক না কেন, এই অধ্যাদেশে বর্ণিত সকল অপরাধ প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটন এলাকায় মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কর্তৃক বিচার্য হইবে।

১০। অর্থদন্ড আরোপের ক্ষেত্রে ম্যাজিস্ট্রেটের বিশেষ ক্ষমতাঃ Code of Criminal Procedure,1898 (Act V of 1898) এ ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, কোন ব্যক্তির উপর ৫ ও ৬ এর অধীন অর্থদন্ড আরোপের ক্ষেত্রে একজন প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটন এলাকায় মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট উক্ত ধারায় উল্লেখিত অর্থদন্ড আরোপ করিতে পারিবেন।

১১। সরল বিশ্বাসে কৃত কাজকর্ম রক্ষণএই অধ্যাদেশ বা বিধির অধীন সরল বিশ্বাসে কৃত কোন কাজের ফলে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হইলে বা ক্ষতিগ্রস্ত হইবার সম্ভাবনা থাকিলে তজ্জন্য সরকারের বিরুদ্ধে কোন আইনগত কার্যক্রম গ্রহণ করা যাইবে না।

১২। বিধি প্রণয়নের ক্ষমতাঃ সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে বিধি প্রণয়ন করিতে পারিবে।

১৩। অসুবিধা দূরীকরণঃ এই অধ্যাদেশের বিধানাবলী কার্যকর করিবার ক্ষেত্রে উক্ত বিধানে কোন অস্পষ্টতার কারণে অসুবিধা দেখা দিলে সরকার উক্ত অসুবিধা দূরীকরণার্থে সরকারী গেজেটে প্রকাশিত আদেশ দ্বারা প্রয়োজনীয় যে কোন ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

১৪। অধ্যাদেশের ইংরেজী অনুবাদ প্রকাশঃ এই অধ্যাদেশ প্রবর্তনের পর সরকার, যথাশীঘ্র সম্ভব, সরকারী গেজেট প্রজ্ঞাপন দ্বারা, এই অধ্যাদেশের মূল বাংলা পাঠের ইংরেজীতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবেঃ

তবে শর্ত থাকে যে, মূল বাংলা পাঠ এবং ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

[কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত, অতিরিক্ত গেজেট, মঙ্গলবার, ৩১, অক্টোবর, ২০০৬]

২.১৯ এই বিধিমালা বাংলাদেশ টেলিভিশন (গেজেটেড ও নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯২ সংশোধিত

এসআরও নং-২৫৫-আইন/৯২-National Broadcasting Ordinance, 1986 (XXXII of 1986) এর Section ১৬ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম :**

এই বিধিমালা বাংলাদেশ টেলিভিশন (গেজেটেড ও নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯২ সংশোধিত নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা :**

বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এ বিধিমালায় —

(ক) ''জাতীয় সম্প্রচার কর্তৃপক্ষ'' অর্থ National Broadcasting Authority ;

(খ) ''কমিশন'' অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন ;

(গ) ''তফসিল'' অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল ;

(ঘ) ''নিয়োগকারী কর্তৃপক্ষ'' অর্থ সরকার বা এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা ;

(ঙ) ''পদ'' অর্থ তফসিলে উল্লেখিত কোন পদ ;

(চ) ''প্রয়োজনীয় যোগ্যতা'' অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লেখিত যোগ্যতা ;

(ছ) ''ফিডার পদ'' অর্থ কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে যে পদ হইতে পদোন্নতি দেওয়া যায় মর্মে তফসিলের ৪নং কলামে উল্লেখ আছে সেই পদ ;

(জ) ''শিক্ষানবিস'' অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি ;

(ঝ) ''স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়'' বা ''স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড'' বা ''স্বীকৃতিপ্রাপ্ত ইনস্টিটিউট'' বা ''স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান'' অর্থ অপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান বুঝাইবে এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড, ইনিস্টিটিউট বা প্রতিষ্ঠান ইহার অন্তর্ভূক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি :**

(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯ (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে পদ সংরক্ষণ সংক্রান্ত সরকারী নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্ন বিধৃত পদ্ধতিতে নিয়োগদান করা হইবেঃ

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে ;

(খ) পদোন্নতির মাধ্যমে ;

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয়ঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে এই বিধিমালা জারীর পূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ সময়সীমা শিথিল করা যাইতে পারে।

৪। **সরাসরি নিয়োগ :**

(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না ।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা চলিবে না ।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি-

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন ; অথবা

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন ।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি-

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য পরিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড বা ক্ষেত্রবিশেষে তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যায়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে ; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন ।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি-

(K) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন ; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালীন স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ:**

(১) এতদুদ্দেশ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ৩য় ও ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশ ব্যতীত পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না ।

(২) যদি কোন ব্যক্তির চাকুরী বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না ।

(৩) তফসিলের ক্রমিক নং ৭, ৭৭, ১০২, ১১৮, ১৩০, ১৪৮ ও ১৯৬ এর যথাক্রমে প্রযোজক গ্রেড-২, চিত্রগ্রাহক গ্রেড-২, সহকারী পরিচালক (অর্থ) গ্রেড-২, টিভি প্রকৌশলী গ্রেড-২, সহকারী শীতাতপ রক্ষণ প্রকৌশলী গ্রেড-২, সহকারী পরিচালক (প্রশাসন) গ্রেড-২, বিজ্ঞাপন আধিকারিক গ্রেড-২ পদে পদোন্নতি ও সরাসরি নিয়োগের কোটা নির্ধারণের ক্ষেত্রে ঐ সকল পদের এক স্তর উচ্চতর ধাপের গ্রেড-১ পদের সংখ্যাসহ হিসাব করিয়া কোটা নির্ধারণ করিতে হইবে । এই ক্ষেত্রে গ্রেড-২ পদসমূহে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাদিগকে গ্রেড-১ পদে পদোন্নতি পাওয়ার পরও পদোন্নতি কোটায় নিযুক্ত বলিয়া ধরিতে হইবে, অপর দিকে, গ্রেড-২ পদে সরাসরি নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদিগকে

গ্রেড-১ পদে পদোন্নতি পাওয়ার পরও সরাসরি কোটায় নিয়োগপ্রাপ্ত বলিয়া ধরিতে হইবে ।

৬। **শিক্ষানবিসি :**

(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্তরে —

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবেঃ

তবে র্শত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসি মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সে ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন ;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ —

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে (৪) উপবিধির বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন ; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন ; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয় সেই পরীক্ষায় তিনি পাস করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। রহিতকরণ :

এতদ্বারা ৯ই মার্চ, ১৯৯২ ইং/২৫শে ফালগুন, ১৩৯৮ বাংলা তারিখের এস,আর,ও নং ৫৫-আইন/৯২ মাধ্যমে জারীকৃত বাংলাদেশ টেলিভিশন (গেজেটেড ও নন- গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯২ রহিত **(Repealed)** করা হইল ।

তফসিল

তফসিল অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল

-১৮—

	নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	যোগ্যতা
১	২	৩	৪	৫
১।	মহা পরিচালক	..	(ক) উপ-মহাপরিচালক (অনুষ্ঠান)/ উপ-মহাপরিচালক (বার্তা)/প্রধান প্রকৌশলী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে	**পদোন্নতির ক্ষেত্রেঃ** এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ৩ (তিন) বৎসরের চাকুরী।

			বদলীর মাধ্যমে ।	
	অনুষ্ঠান শাখাঃ			
২।	উপ-মহাপরিচালক (অনুষ্ঠান)	..	(ক) পরিচালক (অনুষ্ঠান ও পরিকল্পনা)/ পরিচালক ইন্টারন্যাশনাল রিলেশন, ফরেন প্রোগ্রাম এন্ড লিয়াজোঁ/ জেনারেল ম্যানেজার/ পরিচালক(বহিঃদৃশ্য নির্ভর তথ্যচিত্র ও ভিডিও ইউনিট)/পরিচালক (উন্নয়নমূলক অনুষ্ঠান সংক্রান্ত চলচ্চিত্র ইউনিট) পদ হইতে পদোন্নতির মাধ্যমে । (খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে ।	**পদোন্নতির ক্ষেত্রেঃ** এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী ।

১	২	৩	৪	৫
৩।	পরিচালক (অনুষ্ঠান ও পরিকল্পনা)/ পরিচালক (ইন্টারন্যাশনাল রিলেশন,ফরেণ প্রোগ্রাম এন্ড লিয়াজোঁ)/ জেনারেল ম্যানেজার/ পরিচালক (বহিঃদৃশ্য নির্ভর তথ্যচিত্র ও ভিডিও ইউনিট)/ পরিচালক (উন্নয়নমূলক অনুষ্ঠান সংক্রান্ত চলচ্চিত্র ইউনিট) পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।	..	(ক) ক্রমিক ৪ এ উল্লিখিত অনুষ্ঠান নির্বাহী/ কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার) পদ হইতে পদোন্নতির মাধ্যমে । (খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	**পদোন্নতির ক্ষেত্রেঃ** এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের চাকুরী।
৪।	অনুষ্ঠান	..	(ক) নির্বাহী প্রযোজক	পদোন্নতির ক্ষেত্রেঃ

	নির্বাহী/ কন্ট্রোলার/ প্রোগ্রাম ম্যানেজার পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।		এবং উপস্থাপন সম্পাদক পদ হইতে পদোন্নতির মাধ্যমে । (খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে ।	এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের চাকুরী ।
৫।	নির্বাহী প্রযোজক	..	প্রযোজক (গ্রেড-১) ও প্রযোজক (গ্রেড-২) পদ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে প্রথমোক্ত পদধারীগণ অগ্রাধিকার পাইবেন ।	এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে মোট ৭(সাত) বৎসরের চাকুরী ।
১	২	৩	৪	৫
৬।	প্রযোজক (গ্রেড-১)	..	প্রযোজক (গ্রেড-২) পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।	ফিডার পদে কমপক্ষে ৪(চার) বৎসরের চাকুরী।
৭।	প্রযোজক (গ্রেড-২)	..	(১) ৫০% পদ নিম্নলিখিত গ্রুপের পদসমূহ হইতে পদোন্নতির মাধ্যমে তবে (ক) গ্রুপের পদধারীগণ অগ্রাধিকার পাইবেনঃ (ক) সহযোগী প্রযোজক এবং (খ) প্রযোজনা সহযোগী/প্রযোজনা সহকারী; এবং	(১) পদোন্নতির ক্ষেত্রেঃ ৪নং কলামে (ক) গ্রুপের ফিডার পদে কমপক্ষে ০৩(তিন) বৎসর চাকুরী এবং (খ) গ্রুপের ফিডার পদে কমপক্ষে ১০ (দশ) বৎসরের চাকুরী ।
		অনূর্ধ্ব ৩০ বৎসর	(২) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে (৩) বিধি ৫(৩) অনুসারে প্রযোজক (গ্রেড-১) এবং প্রযোজক (গ্রেড-২) উভয়ের মোট পদ একত্রে হিসাব করিয়া উপরোক্ত কোটা নির্ধারণ করিতে হবে ।	(২) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃতপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী ।
৮।	সহযোগী প্রযোজক	..	প্রযোজনা সহযোগী/ প্রযোজনা সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।	এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ০৬(ছয়) বৎসরের চাকুরী।
৯।	প্রযোজনা সহযোগী/ প্রযোজনা সহকারী	..	(১) ৭৫% পদ অনুলিপিকার-কাম-মুদ্রাক্ষরিক/নথি রক্ষক এবং অনুষ্ঠান তথ্য সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে ঃ তবে শর্ত থাকে যে, উপরোক্ত তিনটি ফিডার	(১) পদোন্নতির ক্ষেত্রেঃ- এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ০৭(সাত) বৎসরের চাকুরী ।

		অনূর্ধ্ব ৩০ বৎসর	পদ অবলুপ্তির পরে এই কোটার পদে সরাসরি নিয়োগের মাধ্যমে নিয়োগ করা হইবে । (২) ২৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে ।	(২) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃতপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতক ডিগ্রী।
১	২	৩	৪	৫
১০।	অনুলিপিকার-কাম-মুদ্রাক্ষরিক		সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত The Typist (Ministries/ Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 No. S.R.O. 275-L/78-ED/(R-II)R-১০/৭৮ এবং এস.আর ও ২৮৬-আইন/৮৭ সঃ মঃ/বিধি-১/আর- ৩০-৮৭, তারিখঃ ১৪-১২-৮৭ ইং অনুযায়ী।	
১১।	অনুষ্ঠান তথ্য সহকারী	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃতপ্রাপ্ত শিক্ষাবোর্ড হইতে কমপক্ষে দ্বিতীয় বিভাগসহ উচ্চমাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ।
১২।	মুখ্য সম্পাদক (উপস্থাপনা এবং মনিটরিং)	..	(১) নিম্নলিখিত গ্রুপের পদসমূহ হইতে পদোন্নতির মাধ্যমে তবে (ক) গ্রুপের পদধারীগণ অগ্রাধিকার পাইবেনঃ (ক) অডিয়েন্স রিসার্চ অফিসার/স্ক্রিপট এন্ড মনিটরিং এডিটর (গ্রেড-১) এবং (খ) অডিয়েন্স রিসার্চ অফিসার/ স্ক্রিপট এন্ড মনিটরিং এডিটর (গ্রেড-২)।	এক বা একাধিক ফিডার পদে মোট কমপক্ষে ৭(সাত) বৎসরের চাকুরী।

১৩।	অডিয়েন্স রিসার্চ অফিসার/স্ক্রিপট এন্ড মনিটরিং এডিটর (গ্রেড-১)	..	অডিয়েন্স রিসার্চ অফিসার/ স্ক্রিপট এন্ড মনিটরিং এডিটর (গ্রেড-২) পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ৪(চার) বৎসরের চাকুরী।
১	২	৩	৪	৫
১৪।	অডিয়েন্স রিসার্চ অফিসার/ স্ক্রিপট এন্ড মনিটরিং এডিটর (গ্রেড-২)	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃতপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী ।
১৫।	উপস্থাপন সম্পাদক	..	অধিবেশন নিয়ন্ত্রক (গ্রেড-১) ও অধিবেশন নিয়ন্ত্রক (গ্রেড-২) পদ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে প্রথমোক্ত পদধারী অগ্রাধিকার পাইবেন।	এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে মোট ৭(সাত) বৎসরের চাকুরী ।
১৬।	অধিবেশন নিয়ন্ত্রক (গ্রেড-১)	..	অধিবেশন নিয়ন্ত্রক (গ্রেড-২) পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।	ফিডার পদে কমপক্ষে ৪(চার) বৎসরের চাকুরী।
১৭।	অধিবেশন নিয়ন্ত্রক (গ্রেড-২)	..	(১) ট্রান্সমিশন/ভিটিআর রেকর্ড কিপার পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	(১) পদোন্নতির ক্ষেত্রেঃ ফিডার পদে কমপক্ষে ১০ (দশ) বৎসরের চাকুরী ।
		অনূর্ধ্ব ৩০ বৎসর	(২) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	(২) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃতপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী ।
১৮।	ট্রান্সমিশন/ভিটিআর রেকর্ড কিপার ।	..	(১) এক তৃতীয়াংশ পদ ট্রান্সমিশন এ্যাসিসটেন্ট পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।	(১) পদোন্নতির ক্ষেত্রেঃ ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী ।

		অনূর্ধ্ব ৩০ বৎসর	(২) দুই তৃতীয়াংশ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	(২) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃতপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতক ডিগ্রী।
১	২	৩	৪	৫
১৯।	ট্রান্সমিশন এ্যাসিসটেন্ট	..	ট্রান্সমিশন টাইপিষ্ট পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী ।
২০।	ট্রান্সমিশন টাইপিষ্ট	..	সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত The Typist (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 No. S.R.O. 275-L/78/ED/(R-II)R-১০/৭৮-৬৩ এবং নং-এস, আর, ও, ২৮৬-আইন/৮৭ সঃ মঃ/বিধি-১/আর-৩০/৮৭, তারিখ ১৪-১২-৮৭ অনুযায়ী।	
	বাদ্যযন্ত্রী শাখাঃ			
২১।	প্রযোজক (সংগীত)	..	মিউজিক কম্পোজার/মুখ্য বাদ্যযন্ত্রী পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।	এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ০৩(তিন) বৎসরের চাকুরী ।
২২।	মিউজিক কম্পোজার/মুখ্য বাদ্যযন্ত্রী	..	সিনিয়র বাদ্যযন্ত্রী পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ৪(চার) বৎসরের চাকুরী ।
২৩।	সিনিয়র বাদ্যযন্ত্রী	..	বাদ্যযন্ত্রী পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।	ফিডার পদে কমপক্ষে ০৩(তিন) বৎসরের চাকুরী ।
২৪।	বাদ্যযন্ত্রী	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃতপ্রাপ্ত সংগীত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বাদ্যযন্ত্রে কমপক্ষে স্নাতক ডিগ্রী।
১	২	৩	৪	৫

মেকআপ শাখাঃ

২৫।	মুখ্য রূপকার	..	সহকারী মুখ্য রূপকার পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।	ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী ।
২৬।	সহকারী মুখ্য রূপকার	..	উর্ধ্বতন রূপকার ও রূপকার পদ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে প্রথমোক্ত পদধারী অগ্রাধিকার পাইবেন।	উর্ধ্বতন রূপকার পদে কমপক্ষে ০৩(তিন) বৎসরের চাকুরী এবং রূপকার পদে কমপক্ষে ০৬ (ছয়) বৎসরের চাকুরী ।
২৭।	উর্ধ্বতন রূপকার	..	রূপকার ও মহিলা রূপকার পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।	এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ০৩(তিন) বৎসরের চাকুরী ।
২৮।	রূপকার	..	(ক) ১/৬ পদ সহকারী মহিলা রূপকার পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।	(ক) পদোন্নতির ক্ষেত্রেঃ ফিডার পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।
		অনূর্ধ্ব ৩০ বৎসর	৫/৬ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃতপ্রাপ্ত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে ০৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা ।
২৯।	মহিলা রূপকার	..	সহকারী মহিলা রূপকার পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।	ফিডার পদে কমপক্ষে ০৫(পাঁচ) বৎসরের চাকুরী ।

১	২	৩	৪	৫
৩০।	সহকারী মহিলা রূপকার	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃতপ্রাপ্ত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে ০৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা ।

	শিল্প নির্দেশনা শাখাঃ			
৩১।	পরিচালক (শিল্প নির্দেশনা)	..	(১) নিয়ন্ত্রক/মুখ্য শিল্প নির্দেশক পদ হইতে পদোন্নতির মাধ্যমে । (২) পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রেঃ ফিডার পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী ।
৩২।	নিয়ন্ত্রক/মুখ্য শিল্প নির্দেশক	..	(১) উর্ধ্বতন শিল্প নির্দেশক পদ হইতে পদোন্নতির মাধ্যমে । (২) পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রেঃ ফিডার পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী ।
৩৩।	উর্ধ্বতন শিল্প নির্দেশক	..	নিম্নলিখিত গ্রুপের ফিডার পদসমূহ হইতে পদোন্নতির মাধ্যমে। তবে (ক) গ্রুপের পদধারীগণ অগ্রাধিকার পাইবেনঃ- (ক) শিল্প নির্দেশক/গ্রাফিক শিল্প নির্দেশক/দৃশ্য পটকার (গ্রেড-১), এবং (খ) শিল্প নির্দেশক/গ্রাফিক শিল্প নির্দেশক/ দৃশ্য পটকার (গ্রেড-২)।	এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ০৭ (সাত) বৎসরের চাকুরী।

১	২	৩	৪	৫
৩৪।	শিল্প নির্দেশক/গ্রাফিক শিল্প নির্দেশক/দৃশ্য পটকার (গ্রেড-১)	..	শিল্প নির্দেশক/গ্রাফিক শিল্প নির্দেশক/ দৃশ্য পটকার (গ্রেড-২) পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ০৪ (চার) বৎসরের চাকুরী।
৩৫।	শিল্প নির্দেশক/গ্রাফিক শিল্প নির্দেশক/দৃশ্য পটকার	অনূর্ধ্ব ৩৫ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান হইতে এম, এফ, এ ডিগ্রীপ্রাপ্ত অথবা ০২ (দুই) বৎসরের

	(গ্রেড-২)			অভিজ্ঞতাসহ বি, এফ, এ, ডিগ্রীপ্রাপ্ত।
৩৬।	সহকারী ডিজাইনার	..	নিম্নলিখিত গ্রুপের পদসমূহ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে (ক) গ্রুপের পদধারীগণ অগ্রাধিকার পাইবেনঃ (K) হেড কার্পেন্টার / বার্নিশ কার্পেন্টার ; এবং সেট সুপারভাইজার।	৪ নং কলামের (ক) গ্রুপের এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ০৪ (চার) বৎসরের চাকুরী অথবা ৪ নং কলামের (খ) গ্রুপের ফিডার পদে কমপক্ষে ০৮ (আট) বৎসরের চাকুরী।
৩৭।	প্রপার্টি পারচেজ অফিসার	..	(ক) সিনিয়র প্রপার্টি সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) পদোন্নতিযোগ্য সিনিয়র প্রপার্টি সহকারী না পাওয়া গেলে প্রপার্টি সহকারী পদ হইতে পদোন্নতি মাধ্যমে।	ফিডার পদে (ক) এর ক্ষেত্রে কমপক্ষে ০৪ (চার) বৎসরের চাকুরী এবং (খ) এর ক্ষেত্রে ০৭ (সাত) বৎসরের চাকুরী।
৩৮।	সিনিয়র প্রপার্টি সহকারী	..	প্রপার্টি সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী।
৩৯।	প্রপার্টি সহকারী	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতক ডিগ্রী।

১	২	৩	৪	৫
৪০।	ওয়াড্রোব পারচেজ অফিসার/ সিনিয়র ওয়াড্রোব সহকারী	..	ওয়াড্রোব সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী।
৪১।	ওয়াড্রোব সহকারী	অনূর্ধ্ব্র ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতক ডিগ্রী।
৪২।	হেড	..	সিনিয়র কার্পেন্টার পদ	ফিডার পদে কমপক্ষে

	কার্পেন্টার		হইতে পদোন্নতির মাধ্যমে।	০৩ (তিন) বৎসরের চাকুরী।
৪৩।	সিনিয়র কার্পেন্টার	..	কার্পেন্টার পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী।
৪৪।	কার্পেন্টার	.. অনূর্ধ্ব ৩০ বৎসর	(K) দুই তৃতীয়াংশ পদ সেট সংস্থাপক পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	(ক) পদোন্নতির ক্ষেত্রেঃ ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী।
			(খ) এক তৃতীয়াংশ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কমপক্ষে অষ্টম শ্রেণী পাস এবং স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কার্পেন্টারীতে সার্টিফিকেট প্রাপ্ত।
৪৫।	বার্নিশ কার্পেন্টার	..	সিনিয়র পেইন্টার পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী।
৪৬।	সিনিয়র পেইন্টার	..	পেইন্টার পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী।
৪৭।	পেইন্টার	..	পেইন্টিং সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে	ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী।
১	২	৩	৪	৫
৪৮।	পেইন্টিং সহকারী	.. অনূর্ধ্ব ৩৫ বৎসর	(K) ৫০% পদ সেট সংস্থাপক পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	(ক) পদোন্নতির ক্ষেত্রেঃ- ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী।
			(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ- কোন স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষাবোর্ড হইতে কমপক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের

				পরীক্ষায় পাস এবং কোন বিজ্ঞাপনী সংস্থায় পেইন্টিং কাজে ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা।
৪৯।	সেট সুপারভাইজার	..	সেট সংস্থাপন পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী।
৫০।	সেট সংস্থাপক	..	নিম্নলিখিত গ্রুপের পদসমূহ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে (ক)-তে উল্লিখিত পদধারী অগ্রাধিকার পাইবেনঃ (K) সিনিয়র মঞ্চ সহায়ক (L) মঞ্চ সহায়ক এবং কষ্টিউম আইরনার	ফিডার পদে (ক) গ্রুপের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী এবং (খ) গ্রুপের ক্ষেত্রে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী।
৫১।	সিনিয়র মঞ্চ সহায়ক	..	মঞ্চ সহায়ক পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী।
৫২।	মঞ্চ সহায়ক	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কমপক্ষে অষ্টম শ্রেণী পাস এবং কার্পেন্ট্রী কাজে বাস্তব অভিজ্ঞতার সার্টিফিকেট।
৫৩।	কষ্টিউম আইরনার	ঐ	ঐ	কমপক্ষে অষ্টম শ্রেণী পাস এবং লন্ড্রী কাজে বাস্তব অভিজ্ঞতার সার্টিফিকেট।
১	২	৩	৪	৫
৫৪।	টেইলর সহকারী	ঐ	ঐ	কোন স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হইতে দর্জি বিজ্ঞান বিষয়ে সার্টিফিকেট প্রাপ্ত এবং দর্জির কাজে ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা।

৫৫।	অনুষ্ঠান ক্রয় বিক্রয় ম্যানেজার।	অনূর্ধ্ব ৩০ বৎসর	(K) শিপিং এবং ক্রয় বিক্রয় নির্বাহী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (L) পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রেঃ ফিডার পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী।
৫৬।	শিপিং এবং ক্রয় নির্বাহী	..	শিপিং অফিসার পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ০৭ (সাত) বৎসরের চাকুরী।
৫৭।	শিপিং অফিসার	.. অনূর্ধ্ব ৩০ বৎসর	(K) উচ্চমান সহকারী (শিপিং) পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (L) পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) পদোন্নতির ক্ষেত্রেঃ- ফিডার পদে কমপক্ষে ১২ (বার) বৎসরের চাকুরী। (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে যে কোন বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।

১	২	৩	৪	৫
৫৮।	উচ্চমান সহকারী (শিপিং)	..	এলডিএ-কাম-টাইপিষ্ট পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ০৩(তিন) বৎসরের চাকুরী।
৫৯।	প্যাকার	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কমপক্ষে অষ্টম শ্রেণী পাস।
৬০।	ম্যানেজার (ভিসিআর এন্ড ফিল্ম এডিটিং)।	অনূর্ধ্ব ৩০ বৎসর	(ক) মুখ্য চলচ্চিত্র সম্পাদক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রেঃ- ফিডার পদে কমপক্ষে ০৫(পাঁচ) বৎসরের চাকুরী।

৬১।	মুখ্য চলচ্চিত্র সম্পাদক	..	ঊর্ধ্বতন চলচ্চিত্র সম্পাদক (গ্রেড-১) ও ঊর্ধ্বতন চলচ্চিত্র সম্পাদক (গ্রেড-২) পদ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে প্রথমোক্ত পদধারীগণ অগ্রাধিকার পাইবেন।	এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে মোট ০৭ (সাত) বৎসরের চাকুরী।
৬২।	ঊর্ধ্বতন চলচ্চিত্র সম্পাদক (গ্রেড-১)	..	ঊর্ধ্বতন চলচ্চিত্র সম্পাদক (গ্রেড-২) পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে মোট ০৪ (চার) বৎসরের চাকুরী।
৬৩।	ঊর্ধ্বতন চলচ্চিত্র সম্পাদক (গ্রেড-২)	..	চলচ্চিত্র সম্পাদক পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে মোট ০৩ (তিন) বৎসরের চাকুরী।
৬৪।	চলচ্চিত্র সম্পাদক	..	(ক) সহকারী চলচ্চিত্র সম্পাদক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) পদোন্নতিযোগ্য সহকারী চলচ্চিত্র সম্পাদক না পাওয়া গেলে প্রজেক্টর অপারেটর, চলচ্চিত্র সংযোজক কাম-প্রজেক্টর অপারেটর, চলচ্চিত্র সংযোজক পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে ৪ নং কলামের (ক) এর ক্ষেত্রে কমপক্ষে ৪ (চার) বৎসর এবং (খ) এর ক্ষেত্রে কমপক্ষে ০৬ (ছয়) বৎসরের চাকুরী।
১	২	৩	৪	৫
৬৫।	সহকারী চলচ্চিত্র সম্পাদক	অনূর্ধ্ব ৩০ বৎসর	চলচ্চিত্র সংযোজক-কাম-প্রজেক্টর অপারেটর/ প্রজেক্টর অপারেটর/ চলচ্চিত্র সংযোজক পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী।
৬৬।	ক) প্রজেক্টর অপারেটর খ) চলচ্চিত্র সংযোজক-কাম-প্রজেক্টর অপারেটর গ) চলচ্চিত্র সংযোজক	অনূর্ধ্ব ৩৫ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাস এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। সংশ্লিষ্ট সংস্থা

				হইতে প্রদত্ত সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
	ল্যাবরেটরী শাখাঃ			
৬৭।	ম্যানেজার (ল্যাবরেটরী)	..	(ক) গবেষণাগার নিয়ন্ত্রক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	(ক) পদোন্নতির ক্ষেত্রেঃ ফিডার পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী।
৬৮।	গবেষণাগার নিয়ন্ত্রক	..	(ক) সহকারী গবেষণাগার নিয়ন্ত্রক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) পদোন্নতি যোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	(ক) পদোন্নতির ক্ষেত্রেঃ ফিডার পদে কমপক্ষে ০৭(সাত) বৎসরের চাকুরী।
৬৯।	সহকারী গবেষণাগার নিয়ন্ত্রক	.. অনূর্ধ্ব ৩০ বৎসর	(ক) সিনিয়র ল্যাবঃ টেকনিশিয়ান পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) পদোন্নতির ক্ষেত্রেঃ ফিডার পদে কমপক্ষে ০৬ (ছয়) বৎসরের চাকুরী। (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদালয় হইতে কমপক্ষে রসায়ন বিদ্যায় প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।

১	২	৩	৪	৫
৭০।	সিনিয়র ল্যাবঃ টেকনিশিয়ান	..	ল্যাবঃ টেকনিশিয়ান পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী।
৭১।	ল্যাবঃ টেকনিশিয়ান	..	ডেভেলপার/প্রিন্টার পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকরী।
৭২।	ডেভেলপার/ প্রিন্টার	অনূর্ধ্ব ৩৫ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাস এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৫

				(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। কোন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/পেশাদার সংগঠন হইতে সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
	ক্যামেরা শাখাঃ			
৭৩।	পরিচালক (ফটোগ্রাফী)	..	(ক) নিয়ন্ত্রক/মুখ্য চিত্রগ্রাহক (অনুষ্ঠান) এবং মুখ্য চিত্রগ্রাহক (বার্তা) পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রেঃ এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ০৫(পাঁচ) বৎসরের চাকুরী।
৭৪।	(ক) নিয়ন্ত্রক/ মুখ্য চিত্রগ্রাহক (অনুষ্ঠান) (খ) মুখ্য চিত্রগ্রাহক (বার্তা)	..	(ক) উর্ধ্বতন চিত্রগ্রাহক (অনুষ্ঠান)/ উর্ধতন চিত্রগ্রাহক (বার্তা) পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রেঃ এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী।

১	২	৩	৪	৫
৭৫।	উর্ধ্বতন চিত্রগ্রাহক (অনুষ্ঠান)/ উর্ধতন চিত্রগ্রাহক (বার্তা)	..	চিত্রগ্রাহক (গ্রেড-১) ও চিত্রগ্রাহক (গ্রেড-২) পদ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে প্রথমোক্ত পদধারীগণ অগ্রাধিকার পাইবেন।	এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে মোট ০৭ (সাত) বৎসরের চাকুরী।
৭৬।	চিত্রগ্রাহক (গ্রেড-১)	..	চিত্রগ্রাহক (গ্রেড-২) পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ০৪ (চার) বৎসরের চাকুরী।
৭৭।	চিত্রগ্রাহক (গ্রেড-২)	..	(ক) ২৫% পদের $^{৪}/_{৫}$ পদ সহকারী চিত্রগ্রাহক (অনুষ্ঠান)/সহকারী চিত্রগ্রাহক (বার্তা) পদ হইতে এবং অবশিষ্ট $^{১}/_{৫}$	(ক) পদোন্নতির ক্ষেত্রেঃ সহকারী চিত্রগ্রাহক (বার্তা) বা সহকারী চিত্রগ্রাহক (অনুষ্ঠান) পদে কমপক্ষে ০৩

		অনূর্ধ্ব ৩০ বৎসর	পদ স্থির চিত্রগ্রাহক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) ৭৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। (গ) বিধি ৫(৩) অনুসারে (গ্রেড-১ এবং (গ্রেড-২) উভয়ের মোট পদ একত্রে হিসাব করিয়া উপরোক্ত কোটা নির্ধারণ করিতে হইবে।	(তিন) বৎসরের চাকুরী এবং স্থির চিত্রগ্রাহক পদে কমপক্ষে ০৬ (ছয়) বৎসরের চাকুরী। (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে দ্বিতীয় বিভাগে স্নাতক ডিগ্রীসহ ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা।
৭৮।	সহকারী চিত্রগ্রাহক (অনুষ্ঠান)/ সহকারী চিত্রগ্রাহক (বার্তা)	..	(ক) ৫০% পদ সিনিয়র লাইটিং সহকারী ও লাইটিং সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে প্রথমোক্ত পদধারীগণ অগ্রাধিকার পাইবেন। (খ) ৫০% পদ সিনিয়র ক্যামেরাম্যান সহকারী ও ক্যামেরাম্যান সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে প্রথমোক্ত পদধারীগণ অগ্রাধিকার পাইবেন।	(ক) সিনিয়র লাইটিং সহকারী পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসর, লাইটিং সহকারী পদে ১১ (এগার) বৎসরের চাকুরী। (খ) সিনিয়র ক্যামেরাম্যান সহকারী পদে কমপক্ষে ১০ (দশ) বৎসর, ক্যামেরাম্যান সহকারী পদে ১৫ (পনের) বৎসরের চাকুরী।

১	২	৩	৪	৫
৭৯।	স্থির চিত্রগ্রাহক	অনূর্ধ্বর্ ৩০ বৎসর অনূর্ধ্বর্ ৩৫ বৎসর	(ক) এক তৃতীয়াংশ পদ ডার্করুম সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) দুই-তৃতীয়াংশ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) পদোন্নতির ক্ষেত্রেঃ ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী। (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে ০৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
৮০।	ডার্করুম সহকারী	অনূর্ধ্বর্ ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উর্ত্তীর্ণ এবং সংশ্লিষ্ট বিষয়ে ০৩ (তিন)

				বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
৮১।	সিনিয়র লাইটিং সহকারী	..	লাইটিং সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ০৬ (ছয়) বৎসরের চাকুরী।
৮২।	লাইটিং সহকারী	অনূর্ধ্ব ৩৫ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃতিপ্রাপ্ত ভকেশনাল ট্রেনিং ইনষ্টিটিউট বা টেকনিক্যাল ট্রেনিং সেন্টার বা কোন সরকারী টেকনিক্যাল ইনষ্টিটিউট হইতে ইলেকট্রিক্যাল কোর্সে ট্রেড সার্টিফিকেটধারী।
৮৩।	সিনিয়র ক্যামেরাম্যান সহকারী	..	ক্যামেরাম্যান সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী।
৮৪।	ক্যামেরাম্যান সহকারী	.. অনূর্ধ্ব ৩০ বৎসর	(ক) ৭৫% পদ এম, এল, এস, এস এবং ক্যামেরা ইকুইপমেন্ট কিলনার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) ২৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) পদোন্নতির ক্ষেত্রেঃ এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ০৪ (চার) বৎসরের চাকুরী। (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

১	২	৩	৪	৫
৮৫।	ক্যামেরা ইকুইপমেন্ট কিলনার	অনূর্ধ্বর্ ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কমপক্ষে অষ্টম শ্রেণী পাস।
	বার্তা শাখাঃ			
৮৬।	উপ-মহাপরিচালক (বার্তা)	..	(ক) পরিচালক (বার্তা)/মূখ্য বার্তা সম্পাদক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	(ক) পদোন্নতির ক্ষেত্রেঃ এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী।
৮৭।	পরিচালক (বার্তা)/মুখ্য বার্তা	..	(ক) বার্তা সম্পাদক পদ হইতে পদোন্নতির	(ক) পদোন্নতির ক্ষেত্রেঃ ফিডার পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের

	সম্পাদক		মাধ্যমে। (খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	চাকুরী।
৮৮।	বার্তা সম্পাদক	..	(ক) নির্বাহী প্রযোজক (বার্তা) পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	(ক) পদোন্নতির ক্ষেত্রেঃ ফিডার পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী।
৮৯।	নির্বাহী প্রযোজক (বার্তা)	..	প্রযোজক (বার্তা), (গ্রেড-১) ও প্রযোজক (বার্তা) (গ্রেড-২) পদ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে প্রথমোক্ত পদধারীগণ অগ্রাধিকার পাইবেন।	এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে মোট ০৭ (সাত) বৎসরের চাকুরী।
৯০।	প্রযোজক (বার্তা) (গ্রেড-১)	অনূর্ধ্বর্ ৩০ বৎসর	প্রযোজক (বার্তা) (গ্রেড-২) পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ০৪ (চার) বৎসরের চাকুরী।
১	২	৩	৪	৫
৯১।	প্রযোজক (বার্তা) (গ্রেড-২)	অনূর্ধ্বর্ ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিষয়ে কমপক্ষে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।
৯২।	মূখ্য বার্তা গ্রন্থাগারিক	..	গ্রন্থাগারিক এবং পান্ডুলিপি গ্রন্থাগারিক পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী।
৯৩।	গ্রন্থাগারিক	..	(ক) ৫০% পদ নিউজ ফিল্ম ক্যাটালগার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) ৫০% পদ সরাসরি	(ক) পদোন্নতির ক্ষেত্রেঃ ফিডার পদে কমপক্ষে ০৪ (চার) বৎসরের চাকুরী।

			নিয়োগের মাধ্যমে।	(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগারিক বিজ্ঞানে কমপক্ষে স্নাতকোত্তর ডিগ্রী।
৯৪।	পান্ডুলিপি গ্রন্থাগারিক	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে কমপক্ষে স্নাতকোত্তর ডিগ্রী।
৯৫।	নিউজ ফিল্ম ক্যাটালগার	ঐ	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা।
৯৬।	টেলিকমিউনিকেশন সুপারভাইজার	..	টেলিপ্রিন্টার অপারেটর পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী।

১	২	৩	৪	৫
৯৭।	টেলিপ্রিন্টার অপারেটর	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাস এবং টি এন্ড টি বোর্ড হইতে টেলিপ্রিন্টার-এ সার্টিফিকেট প্রাপ্ত।
	অর্থ ও হিসাব শাখাঃ	..		
৯৮।	পরিচালক (অর্থ)	..	(ক) অতিরিক্ত পরিচালক (অর্থ) পদ হইতে পদোন্নতির মাধ্যমে। [(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	(ক) পদোন্নতির ক্ষেত্রেঃ ফিডার পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী।
৯৯।	অতিরিক্ত পরিচালক (অর্থ)	..	(ক) উপ-পরিচালক (অর্থ) পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে	(ক) পদোন্নতির ক্ষেত্রেঃ ফিডার পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী।

			প্রেষণে বদলীর মাধ্যমে।	
১০০।	উপ-পরিচালক (অর্থ)	..	সহকারী পরিচালক (অর্থ) (গ্রেড-১) ও (গ্রেড-২) পদ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে প্রথমোক্ত পদধারীগণ অগ্রাধিকার পাইবেন।	এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে মোট ০৭ (সাত) বৎসরের চাকুরী।
১০১।	সহকারী পরিচালক (অর্থ) (গ্রেড-১)	..	সহকারী পরিচালক (অর্থ) (গ্রেড-২) পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ০৪ (চার) বৎসরের চাকুরী।
১০২।	সহকারী পরিচালক (অর্থ) (গ্রেড-২)	অনূর্ধ্ব ৩০ বৎসর	(ক) ২/৩পদ উর্ধ্বতন হিসাব রক্ষক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) ১/৩পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। (গ) বিধি ৫(৩) অনুসারে গ্রেড-১ এবং গ্রেড-২ উভয়ের মোট পদ একত্রে হিসাব করিয়া উপরোক্ত কোটা নির্ধারণ করিতে হইবে।	(ক) পদোন্নতির ক্ষেত্রেঃ ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী। (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতক সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।

১	২	৩	৪	৫
১০৩।	উর্ধ্বতন হিসাব রক্ষক	.. অনূর্ধ্বর্ ৩০ বৎসর	(ক) ৭৫% পদ হিসাব রক্ষক ও সহকারী হিসাব রক্ষক হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) ২৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) পদোন্নতির ক্ষেত্রেঃ ফিডার পদে হিসাব রক্ষক পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসর, সহকারী হিসাব রক্ষণ পদের ক্ষেত্রে ০৭ (সাত) বৎসরের চাকুরী। (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে বাণিজ্য বিভাগে স্নাতকোত্তর ডিগ্রী।
১০৪	হিসাব রক্ষক	..	সহকারী হিসাব রক্ষক পদ হইতে পদোন্নতির	ফিডার পদে কমপক্ষে ০৪ (চার) বৎসরের চাকুরী।

			মাধ্যমে।	
১০৫।	সহকারী হিসাব রক্ষক	..	(ক) ৫০% পদ হিসাব সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	(ক) পদোন্নতির ক্ষেত্রেঃ ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী।
		অনূর্ধ্ব ৩০ বৎসর	(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতক ডিগ্রী।
১০৬।	হিসাব সহকারী	..	(ক) ৫০% পদ ক্যাশিয়ার পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	(ক) পদোন্নতির ক্ষেত্রেঃ ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী।
		অনূর্ধ্ব ৩০ বৎসর	(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে কমপক্ষে স্নাতক ডিগ্রী।
১০৭।	ক্যাশিয়ার	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা বোর্ড হইতে বাণিজ্য বিভাগে কমপক্ষে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাস। সরকারী নিয়মানুসারে প্রয়োজনীয় জামানত দিতে হবে।

১	২	৩	৪	৫
১০৮।	ক্যাশ সরকার	..	এম, এল, এস, এস, পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী।
১০৯।	কন্ট্রোলার/ লাইসেন্স ম্যানেজার	..	সহকারী লাইসেন্স অফিসার পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ১৪ (চৌদ্দ) বৎসরের চাকুরী।
১১০।	সহকারী লাইসেন্স অফিসার	..	সুপারিনটেনডেন্ট (লাইসেন্স) ও লাইসেন্স পরিদর্শক পদ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে প্রথমোক্ত পদধারীগণ অগ্রাধিকার	সুপারিনটেনডেন্ট (লাইসেন্স) পদে কমপক্ষে ৬ (ছয়) বৎসরের এবং লাইসেন্স পরিদর্শক পদে ১০ (দশ) বৎসরের চাকুরী।

			পাইবেন।	
১১১।	সুপারিনটেনডেন্ট (লাইসেন্স)	..	লাইসেন্স পরিদর্শক পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ০৪ (চার) বৎসরের চাকুরী।
১১২।	লাইসেন্স পরিদর্শক	..	(ক) ২৫% পদ নিম্নমান সহকারী-কাম-টাইপিষ্ট পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	(ক) পদোন্নতির ক্ষেত্রেঃ ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী।
		অনূর্ধ্ব ৩০ বৎসর	(খ) ৭৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতক ডিগ্রী।
	প্রকৌশল শাখাঃ			
১১৩।	প্রধান প্রকৌশলী	..	(ক) অতিরিক্ত প্রধান প্রকৌশলী/সিনিয়র প্রকৌশলী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	(ক) পদোন্নতির ক্ষেত্রেঃ এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের চাকুরী।

১	২	৩	৪	৫
১১৪।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী/ সিনিয়র প্রকৌশলী	..	(ক) কন্ট্রোলার/ইঞ্জিনিয়ারিং ম্যানেজার এবং ইঞ্জিনিয়ারিং ম্যানেজার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	(ক) পদোন্নতির ক্ষেত্রেঃ এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।
১১৫।	ইঞ্জিনিয়ারিং ম্যানেজার	..	(ক) রক্ষণ প্রকৌশলী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	(ক) পদোন্নতির ক্ষেত্রেঃ ফিডার পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী।
১১৬।	রক্ষণ প্রকৌশলী	..	টেলিভিশন প্রকৌশলী (গ্রেড-১) ও টেলিভিশন প্রকৌশলী (গ্রেড-২) পদ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে	এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে মোট ০৭ (সাত) বৎসরের চাকুরী।

			প্রথমোক্ত পদধারীগণ অগ্রাধিকার পাইবেন।	
১১৭।	টেলিভিশন প্রকৌশলী (গ্রেড-১)	..	টেলিভিশন প্রকৌশলী (গ্রেড-২) পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ০৪ (চার) বৎসরের চাকুরী।
১১৮।	টেলিভিশন প্রকৌশলী (গ্রেড-২)	.. অনূর্ধ্ব ৩০ বৎসর	(ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে, তন্মধ্যে ৪০% পদ উপ-সহকারী প্রকৌশলী/ষ্টুডিও যন্ত্রাদি, উপ-সহকারী প্রকৌশলী এবং ১০% সিনিয়র টেলিভিশন টেকনিশিয়ান পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। (গ) বিধি-৫(৩) অনুসারে গ্রেড-১ এবং গ্রেড-২ উভয়ের মোট পদ একত্রে হিসাব করিয়া উপরোক্ত কোটা নির্ধারণ করিতে হইবে।	(ক) পদোন্নতির ক্ষেত্রেঃ এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী। (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স/ মাইক্রোওয়েভ ইঞ্জিনিয়ারিং -এ ডিগ্রী অথবা কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ বিদ্যা/ফলিত পদার্থ বিদ্যায় প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।

১	২	৩	৪	৫
১১৯।	উপ-সহকারী প্রকৌশলী/ ষ্টুডিও যন্ত্রবিদ এবং উপ-সহকারী প্রকৌশলী	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃতিপ্রাপ্ত পলিটেকনিক ইনষ্টিটিউট হইতে ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং-এ ০৩ (তিন) বৎসরের কোর্সের ডিপ্লোমা।
১২০।	সিনিয়র টেলিভিশন টেকনিশিয়ান		(ক) এই নিয়োগ বিধিমালা জারীর পর শূন্য পদে প্রথমবার নিয়োগের ক্ষেত্রে অপারেটর/সহকারী শব্দধারক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) পরবর্তীতে টেলিভিশন টেকিনিশিয়ান এবং সিনিয়র ইলেকট্রিশিয়ান পদ হইতে পদোন্নতির মাধ্যমে। তবে প্রথমোক্ত পদধারীগণ অগ্রাধিকার পাইবেন।	ফিডার পদে টেলিভিশন টেকনিশিয়ানদের ক্ষেত্রে কমপক্ষে ০৩ (তিন) বৎসর এবং সিনিয়র ইলেকট্রিশিয়ানদের ক্ষেত্রে ০৫(পাঁচ) বৎসরের চাকুরী।

১২১।	টেলিভিশন টেকনিশিয়ান	..	(১) (ক) প্রথমবার নিয়োগের ক্ষেত্রে ১০০% পদ জুনিয়র অপারেটর, সিনিয়র মাষ্ট মেকানিক এবং সিনিয়র বুম অপারেটর ও মেকানিক পদ হইতে পদোন্নতির মাধ্যমে; এবং (খ) পরবর্তীতে- (১) ২০% পদ ইলেকট্রনিক্স নিউজ গেদারিং সহকারী এবং জুনিয়ার টেলিভিশন টেকনিশিয়ান/ টাওয়ার টেকনিশিয়ান পদ হইতে পদোন্নতির মাধ্যমে । তবে প্রথমোক্ত পদধারীগণ অগ্রাধিকার পাইবেন; এবং	(ক) **পদোন্নতির ক্ষেত্রেঃ** ৪ নং কলামের (ক) (১) এর ক্ষেত্রে প্রথমবার পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে এক বা একাধিক ফিডার পদে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী । ৪নং কলামের (খ) এর ক্ষেত্রে ঃ ইলেকট্রনিক্স নিউজ গেদারিং সহকারী পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসর এবং জুনিয়র টেলিভিশন টেকনিশিয়ান/ টাওয়ার টেকনিশিয়ান পদে ০৫(পাঁচ) বৎসরের চাকুরী।
		অনূর্ধ ৩৫ বৎসর	(২) ৮০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে ।	(খ) **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** ক.কোন স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষাবোর্ড হইতে কমপক্ষে মাধ্যমিক (বিজ্ঞান) পরীক্ষায় উত্তীর্ণ এবং ২ (দুই) বৎসরের ফাইনাল ট্রেড সার্টিফিটেসহ ০৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা ।

২১—	২	৩	৪	৫
১২২।	হলেকট্রনিক নিউজ গেদারিং সহকারী	..	আউটডোর ব্রডকাষ্ট এ্যাসিসট্যান্ট পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।	ফিডার পদে কমপক্ষে ০৭ (সাত) বৎসরের চাকুরী ।
১২৩।	জুনিয়র টেলিভিশন টেকনিশিয়ান/ টাওয়ার টেকনিশিয়ান	..	(ক) এই নিয়োগবিধি জারীর পর শূন্য পদে প্রথমবার নিয়োগের ক্ষেত্রে ১০০% পদ মাষ্ট মেকানিক ও বুম অপারেটর পদ হইতে পদোন্নতির মাধ্যমে; এবং (খ) পরবর্তীতে (১) ৫০% পদ ইকুইপমেন্ট ক্লিনার পদ হইতে পদোন্নতির মাধ্যমে; এবং	**পদোন্নতির ক্ষেত্রেঃ** ৪নং কলামের (ক) এবং (খ) (১) এর ক্ষেত্রে ফিডার পদে কমপক্ষে ০৭ (সাত) বৎসরের চাকুরী ।
		অনূর্ধ ৩০ বৎসর	(২) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে ।	**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**

				৪নং কলামের (খ) (২) এর ক্ষেত্রে কোন স্বীকৃতি প্রাপ্ত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ এবং ৫০০ ফুট উচ্চ টাওয়ার আরোহন করার ক্ষমতা ও কাজ করার অভিজ্ঞতা ।
১২৪।	আউডোর ব্রডকাস্ট এ্যাসিসটেন্ট	..	(ক) ৭৫% পদোন্নতির মাধ্যমে, তন্মধ্যে ৫০% ইকুইপমেন্ট ক্লিনার এবং ২৫% পদ এম,এল,এস, এস-দের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।	(ক) **পদোন্নতির ক্ষেত্রেঃ** এক বা একাধিক ফিডার পক্ষে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী।
		অনূর্ধ ৩০ বৎসর	(খ) ২৫% সরাসরি নিয়োগের মাধ্যমে।	(খ) **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** কমপক্ষে ৮ম শ্রেণী পাস। সংশিষ্ট বিষয়ে ২(দুই) বৎসরের অভিজ্ঞতাসহ সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে।

১	২	৩	৪	৫
১২৫।	ইকুইপমেন্ট কিলনার	অনূর্ধ ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃতিপ্রাপ্ত ভকেশনাল ট্রেনিং ইনষ্টিটিউট/টেকনিক্যাল ট্রেনিং সেন্টার (ভি টি আই/ টিটিসি) হইতে (পার্ট-১) ট্রেড কোর্স সার্টিফিকেটধারী ।
১২৬।	সাউন্ড রেকর্ডিষ্ট	..	সিনিয়র টেলিভিশন টেকনিশিয়ান পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।	ফিডার পদে কমপক্ষে ৭(সাত) বৎসরের চাকুরী।
১২৭।	ইঞ্জিনিয়ারিং ম্যানেজার (এয়ারকন্ডিশন)	..	(ক) শীতাতপ রক্ষণ প্রকৌশলী পদ হইতে পদোন্নতির মাধ্যমে । (খ) পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	(ক) **পদোন্নতির ক্ষেত্রেঃ** ফিডার পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী ।
১২৮।	শীতাতপ রক্ষণ প্রকৌশলী	..	সহকারী শীতাতপ রক্ষণ প্রকৌশলী (গ্রেড-১) ও সহকারী শীতাতপ রক্ষণ	এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ৭(সাত) বৎসরের চাকুরী ।

			প্রকৌশলী (গ্রেড-২) পদ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে প্রথমোক্ত পদধারীগণ অগ্রাধিকার পাইবেন।	
১২৯।	সহকারী শীতাতপ রক্ষণ প্রকৌশলী (গ্রেড-১)	..	সহকারী শীতাতপ রক্ষণ প্রকৌশলী (গ্রেড-২) পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ৪(চার) বৎসরের চাকুরী।
১৩০।	সহকারী শীতাতপ রক্ষণ প্রকৌশলী (গ্রেড-২)	..	(ক) ৫০% উপ-সহকারী প্রকৌশলী/শীতাতপ যন্ত্রবিদ/সিনিয়র শীতাতপ টেকনিশিয়ান পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।	(ক) **পদোন্নতির ক্ষেত্রেঃ** এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের চাকুরী
		অনূর্ধ ৩০ বৎসর	(খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। (গ) বিধি ৫(৩) অনুসারে গ্রেড-১ এবং গ্রেড-২ উভয়ের মোট পদ একত্রে হিসাব করিয়া উপরোক্ত কোটা নির্ধারণ করিতে হইবে।	(খ) **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** কোন স্বীকৃতি ইনসটিটিউট হইতে ইলেকট্রিক্যাল বা টেকনিক্যাল বিষয়ে ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রী।
১	২	৩	৪	৫
১৩১।	উপ-সহকারী প্রকৌশলী শীতাতপ যন্ত্রবিদ	অনূর্ধ ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত পলিটেকনিক ইনসটিটিউট হইতে ইলেকট্রিক্যাল অথবা এয়ারকন্ডিশন বিষয়ে পাওয়ার ইঞ্জিনিয়ারিং-এ ডিপোমা
১৩২।	সিনিয়র শীতাতপ টেকনিশিয়ান	..	টেলিভিশন টেকনিশিয়ান/ সিনিয়র ইলেকট্রিশিয়ান/ সিনিয়র পাম্প অপারেটরগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে, তবে টেলিভিশন টেকনিশিয়ানগণ অগ্রাধিকার পাইবেন।	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে রিফ্রেজারেশন এন্ড এয়ারকন্ডিশন ট্রেড কোর্সধারী টেলিভিশন টেকনিশিয়ানদের ক্ষেত্রে ফিডার পদে কমপক্ষে ৪ (চার) বৎসর এবং সিনিয়র ইলেকট্রিশিয়ান ও সিনিয়র পাম্প অপারেটরদের ক্ষেত্রে কমপক্ষে ৫(পাঁচ) বৎসর চাকুরী।
১৩৩।	সিনিয়র ইলেকট্রিশিয়ান	..	ইলেকট্রিশিয়ান পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ৩ (তিন) বৎসরের চাকুরী ।
১৩৪।	ইলেকট্রিশিয়ান	অনূর্ধ ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত ভকেশনাল ট্রেনিং ইনসটিটিউট/ টেকনিক্যাল ট্রেনিং সেন্টার (ভিটিআই/টিটিসি) হইতে

				ট্রেড কোর্স সার্টিফিকেট।
১৩৫।	সিনিয়র পাম্প অপারেটর	..	পাম্প অপারেটর পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী।
১৩৬।	পাম্প অপারেটর	..	(ক) ৫০% পদ ক্যাশ সরকার, ডুপিকেটিং মেশিন অপারেটর এবং লিফট অপারেটর পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	(ক) **পদোন্নতির ক্ষেত্রেঃ** এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের চাকুরী ।
		অনূর্ধ ৩০ বৎসর	(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে ।	(খ) **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** কোন স্বীকৃত ভকেশনাল ট্রেনিং ইনসটিটিউট/ টেকনিক্যাল ট্রেনিং সেন্টার হইতে সংশিষ্ট ট্রেড কোর্স পাস।

১	২	৩	৪	৫
১৩৭।	লিফট অপারেটর	..	গার্ড পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	সংশিষ্ট বিষয়ে অভিজ্ঞতাসহ ফিডার পদে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী ।
	ভান্ডার শাখাঃ			
১৩৮।	সিনিয়র স্টোর অফিসার	..	স্টোর অফিসার পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।	ফিডার পদে কমপক্ষে ৭(সাত) বৎসরের চাকুরী ।
১৩৯।	স্টোর অফিসার	..	উপ-স্টোর অফিসার এবং সিনিয়র স্টোর কিপার পদ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে প্রথমোক্ত পদধারীগণ অগ্রাধিকার পাইবেন।	উপ-স্টোর অফিসার-এর ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন) বৎসরের এবং সিনিয়র স্টোর কিপার এর ক্ষেত্রে ৮(আট) বৎসরের চাকুরী।
১৪০।	উপ-স্টোর অফিসার	..	সিনিয়র স্টোর কিপার পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।
১৪১।	সিনিয়র স্টোর কিপার	..	স্টোর কিপার পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।	ফিডার পদে কমপক্ষে ৪(চার) বৎসরের চাকুরী।
১৪২।	স্টোর কিপার	..	(ক) ৫০% পদ স্টোর এ্যাসিসট্যান্ট পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।	(ক) **পদোন্নতির ক্ষেত্রেঃ** ফিডার পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের চাকুরী।

		অনূর্ধ ৩০ বৎসর	(খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে।	(খ) **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রী ।
১৪৩।	স্টোর এ্যাসিসটেন্ট	অনূর্ধ ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	টাইপিং-এ অভিজ্ঞতাসহ কোন স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
	প্রশাসন শাখাঃ			
১৪৪।	পরিচালক (প্রশাসন)	..	(ক) অতিরিক্ত পরিচালক (প্রশাসন) পদ হইতে পদোন্নতির মাধ্যমে । (খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে ।	(ক) **পদোন্নতির ক্ষেত্রেঃ** ফিডার পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী ।

১	২	৩	৪	৫
১৪৫।	অতিরিক্ত পরিচালক (প্রশাসন)	..	(ক) উপ-পরিচালক (প্রশাসন) পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) পদোন্ন৩৩যোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	(ক) **পদোন্নতির ক্ষেত্রেঃ** ফিডার পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের চাকুরী ।
১৪৬।	উপ-পরিচালক (প্রশাসন)	..	সহকারী পরিচালক (প্রশাসন) গ্রেড-১, ও সহকারী পরিচালক (প্রশাসন) গ্রেড-২ পদ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে প্রথমোক্ত পদধারীগণ অগ্রাধিকার পাইবেন।	এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে মোট ৭ (সাত) বৎসরের চাকুরী ।
১৪৭।	সহকারী পরিচালক (প্রশাসন) গ্রেড-১	..	সহকারী পরিচালক (প্রশাসন) গ্রেড-২ পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ৪(চার) বৎসরের চাকুরী ।
১৪৮।	সহকারী পরিচালক	..	(১) ৭৫% নিম্নলিখিত গ্রুপের পদসমূহ হহতে	(ক) **পদোন্নতির ক্ষেত্রেঃ** সুপারিনটেনডেন্ট

	(প্রশাসন) গ্রেড-২		পদোন্নতির মাধ্যমে, তবে (ক)-তে উলেখিত পদধারী অগ্রাধিকার পাইবেন। (ক) সুপারিনটেনডেন্ট (প্রশাসন) (খ) প্রধান সহকারী/সাঁটলিপিকার	(প্রশাসন) পদের ক্ষেত্রে কমপক্ষে ৬(ছয়) বৎসরের, প্রধান সহকারী/ সাঁটলিপিকার পদের ক্ষেত্রে ৯(নয়) বৎসরের চাকুরী।
		অনূর্ধ ৩০ বৎসর	(২) ২৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে । (৩)বিধি ৫(৩) অনুসারে গ্রেড-১ এবং গ্রেড-২ উভয়ের মোট পদ একত্রে হিসাব করিয়া উপরোক্ত কোটা নির্ধারণ করিতে হইবে।	(খ) **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতক সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।

১	২	৩	৪	৫
১৪৯।	সুপারিনটেনডেন্ট (প্রশাসন)	..	প্রধান সহকারী/সাঁটলিপিকার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। ৫০% প্রধান সহকারী ও ৫০% সাঁটলিপিকার পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী ।
১৫০।	প্রধান সহকারী	..	উচ্চমান সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ৩ (তিন) বৎসরের চাকুরী ।
১৫১।	উচ্চমান সহকারী	..	(ক)৭৫% পদ নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	(ক) **পদোন্নতির ক্ষেত্রেঃ** ফিডার পদে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী ।
		অনূর্ধ ৩০ বৎসর	(খ) ২৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে ।	(ক) **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতক ডিগ্রী।
১৫২।	নিম্নমান সহকারী-কাম-	..	সংস্থাপন মন্ত্রণায় কর্তৃক জারীকৃত (নিম্নমান	

	মুদ্রাক্ষরিক		সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, পেইন পেপার কপিয়ার, ডুপি-কেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপ্যাচ রাইডার, এম,এল,এস,এস (মন্ত্রণালয়/বিভাগ/ সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধি ১৯৮৫ এর নং এসআর ও ১২৭-এল/৮৫, তারিখ ১২-৩-৮৫ ইং এবং নং এস আর ও ১৯৯-আইন/৮৭ সম(এডি-১)/ ১৫৩/৮৬, তারিখ ২০-০৯-৮৭ ইং অনুযায়ী)।	
১	২	৩	৪	৫
১৫৩।	নিম্নমান সহকারী	..	সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত The Lower Division Assistant (Ministries, Divi-sions and Attached Depart-ments) Recruitment Rules, 1979 No. S.R.O. 205-L/79-ED/ (R-11) R-31/78-57, dated 14-7-79.	
১৫৪।	নথিরক্ষক	অনূর্ধ্র ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃতি প্রাপ্ত বোর্ড হইতে কমপক্ষে একটি দ্বিতীয় বিভাগসহ উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
১৫৫।	সাঁটলিপিকার	..	সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত The Steno-graphers and Steno-typists (Ministries/ Divisions and Attached Depart-ments) Recruitment Rules, 1978 No. S.R.O. 109-L/78-ED/ SW111-3-18/78-128 and NO. S.R.O. 57-L/ 86, dated 16-2-86.	

১৫৬।	সাঁট-মুদ্রাক্ষরিক	..	ঐ	
১৫৭।	ডুপিকেটিং মেশিন অপারেটর	..	সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, পেইন পেপার কপিয়ার, ডুপিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপ্যাচ রাইডার, এম,এল,এস,এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধি ১৯৮৫ এর নং এস,আর,ও, ১২৭-এল/৮৫, তারিখ ১২-৩-৮৫ এবং এস,আর, ও ১৯৯-আইন/৮৭সম (এডি-১)১৫৩/৮৬, তারিখ ২০-০৯-৮৭ ইং অনুযায়ী ।	

১	২	৩	৪	৫
১৫৮।	দপ্তরী	..	সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, পেইন পেপার কপিয়ার, ডুপিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপ্যাচ রাইডার, এম,এল,এস,এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধি ১৯৮৫ এর নং এস,আর,ও, ১২৭-এল/৮৫, তারিখ ১২-৩-৮৫ এবং এস,আর, ও ১৯৯-আইন/৮৭সম (এডি-১) ১৫৩/ ৮৬, তারিখ২০-০৯-৮৭ইং অনুযায়ী।	
১৫৯।	এম,এল,এস,এস	..	ঐ	
	নিরাপত্তা শাখাঃ	..		
১৬০।	নিরাপত্তা অফিসার	..	ঊর্ধ্বতন নিরাপত্তা পরিদর্শক ও নিরাপত্তা পরিদর্শক পদ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে প্রথমোক্ত পদধারীগণ অগ্রাধিকার পাইবেন।	ফিডার পদে ঊর্ধতন নিরাপত্তা পরিদর্শক পদে ৬(ছয়) বৎসর, নিরাপত্তা পরিদর্শক পদে ১০(দশ) বৎসরের চাকুরী ।
১৬১।	ঊর্ধ্বতন নিরাপত্তা পরিদর্শক	..	নিরাপত্তা পরিদর্শক পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ৪(চার) বৎসরের চাকুরী।
১৬২।	নিরাপত্তা পরিদর্শক		(ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে, তন্মধ্যে (ক) ২৫% নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক এবং ২৫% সিনিয়র স্টুডিও গার্ড পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।	(ক) **পদোন্নতির ক্ষেত্রেঃ** নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক এর ক্ষেত্রে ৩(তিন) বৎসর, সিনিয়র ষ্টুডিও গার্ডদের ক্ষেত্রে ৬(ছয়) বৎসরের চাকুরী।

		অনূর্ধর্ ৩০ বৎসর	(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	(খ) **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতক ডিগ্রী সম্পন্ন।
১৬৩।	সিনিয়র ষ্টুডিও গার্ড	..	স্টুডিও গার্ড পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।	ফিডার পদে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী।
১৬৪।	ষ্টুডিও গার্ড	..	গার্ড পদ হইতে পদোন্নতির মাধ্যমে	ফিডার পদে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী।
১৬৫।	গার্ড	অনূর্ধর্ ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে ।	কমপক্ষে অষ্টম শ্রেণী পাস এবং সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে।
১	২	৩	৪	৫
২২—	**ন শাখা (রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা)০ঃ**	..		
১৬৬।	সহকারী পরিচালক (যানবাহন)	..	হেড মোটর টেকনিশিয়ান এবং ট্রান্সপোর্ট সুপারিনটেনডেন্ট পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।	ফিডার পদে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী।
	রক্ষণাবেক্ষণ শাখাঃ	..		
১৬৭।	হেড মোটর টেকনিশিয়ান	..	সিনিয়র মোটর টেকনিশিয়ান পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।	ফিডার পদে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী।
১৬৮।	সিনিয়র মোটর টেকনিশিয়ান	..	মোটর টেকনিশিয়ান পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।	ফিডার পদে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী।
১৬৯।	মোটর টেকনিশিয়ান	..	(ক) দুই তৃতীয়াংশ পদ সিনিয়র মোটর মেকানিক ও গাড়ীচালক পদ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে প্রথমোক্ত পদধারীগণ অগ্রাধিকার পাইবেন ।	(ক) **পদোন্নতির ক্ষেত্রেঃ** ফিডার পদে সিনিয়র মোটর মেকানিক পদে কমপক্ষে ০৪(চার) বৎসরের চাকুরী এবং গাড়ীচালক পদে কমপক্ষে ৭(সাত) বৎসরের চাকুরী।
		অনূর্ধর্ ৩০ বৎসর	(খ) এক তৃতীয়াংশ পদ	(খ) **সরাসরি নিয়োগের**

			সরাসরি নিয়োগের মাধ্যমে।	**ক্ষেত্রেঃ** কোন স্বীকৃত ভকেশনাল ট্রেনিং ইনিষ্টিটিউট/ টেকনিক্যাল ট্রেনিং সেন্টার হইতে অটো মোবাইল ইঞ্জিনিয়ারিং-এ ট্রেড-কোর্স সহ ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
১৭০।	সিনিয়র মোটর মেকানিক	অনূধ ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত ভকেশনাল ট্রেনিং ইনষ্টিটিউট/ টেকনিক্যাল ট্রেনিং সেন্টার হইতে অটো মোবাইলস ইঞ্জিনিয়ারিং-এ ট্রেড কোর্স পাস।
১	২	৩	৪	৫
	ব্যবস্থাপনা শাখাঃ	..		
১৭১।	ট্রান্সপোর্ট সুপারিনটেনডেন্ট	..	সিনিয়র ট্রান্সপোর্ট সুপারভাইজার ও ট্রান্সপোর্ট সুপারভাইজার পদ হইতে পদেনানতির মাধ্যমে, তবে প্রথমোক্ত পদধারীগণ অগ্রাধীকার পাইবেন।	সিনিয়র ট্রান্সপোর্ট সুপারভাইজার পদে কমপক্ষে ৪(চার) বৎসর, ট্রান্সপোর্ট সুপারভাইজার পদে ৭ (সাত) বৎসরের চাকুরী।
১৭২।	সিনিয়র ট্রান্সপোর্ট সুপারভাইজার	..	ট্রান্সপোর্ট সুপারভাইজার পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।	ফিডার পদে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী।
১৭৩।	ট্রান্সপোর্ট সুপারভাইজার	..	(ক) ৬৬% পদ গাড়ী চালক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) ৩৪% পদ উচ্চমান সহকারী ও অভ্যর্থক পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	(ক) **পদোন্নতির ক্ষেত্রেঃ** ফিডার পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের চাকুরী। (খ)উচ্চমান সহকারী ও অভ্যর্থক পদ হইতে পদোন্নতির ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী।
১৭৪।	গাড়ী চালক	অনূর্ধ ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কমপক্ষে অষ্টম শ্রেণী পাস। হালকা, মাঝারী ও ভারী যানবাহন চালনায় বৈধ ড্রাইভিং লাইসেন্স সহ গাড়ী চালনায় বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।
১৭৫।	ডেসপ্যাচ রাইডার	..	সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত নিম্নমান	

			সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, পেইন পেপার কপিয়ার, ডুপিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপ্যাচ রাইডার ও এম,এল,এস,এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধি ১৯৮৫ নং এস,আর ও ১২৭-এল/৮৫ তারিখ ১২-৩-৮৫ এবং নং এস,আর ও ১৯৯-আইন/৮৭ সম(এডি-১)-১৫৩/৮৬ তারিখ ২০-৯-৮৭ ইং অনুযায়ী ।	
১	২	৩	৪	৫
	কমন সার্ভিসঃ			
১৭৬।	সহকারী পরিচালক (ক্রয়)	..	ক্রয় কর্মকর্তা পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।	ফিডার পদে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী।
১৭৭।	ক্রয় কর্মকর্তা	..	সিনিয়র ক্রয় সহকারী ও ক্রয় সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে প্রথমোক্ত পদধারীগণ অগ্রাধিকার পাইবেন।	সিনিয়র ক্রয় সহকারী পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসর, ক্রয় সহকারী পদে ৮(আট) বৎসরের চাকুরী ।
১৭৮।	সিনিয়র ক্রয় সহকারী	..	ক্রয় সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।	ফিডার পদে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী।
১৭৯।	ক্রয় সহকারী	..	উচ্চমান সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী।
১৮০।	সিনিয়র কেয়ার টেকার	..	কেয়ার টেকার পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।	ফিডার পদে কমপক্ষে ৪(চার) বৎসরের চাকুরী।
১৮১।	কেয়ার টেকার	..	নিম্নমান সহকারী-কাম-	ফিডার পদে কমপক্ষে

			মুদ্রাক্ষরিক পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।	৩(তিন) বৎসরের চাকুরী।
১৮২।	বাগান সুপারভাইজার	..	সিনিয়র মালি ও মালি পদ হইতে পদোন্নতির মাধ্যমে তবে প্রথমোক্ত পদধারীগণ অগ্রাধিকার পাইবেন।	সিনিয়র মালি পদে ৩(তিন) বৎসর চাকুরী, মালি পদে ৮ (আট) বৎসরের চাকুরী।
১৮৩।	সিনিয়র মালি	..	মালি পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডারে পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের চাকুরী।
১৮৪।	মালি	..	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কমপক্ষে অষ্টম শ্রেণী পাস। সংশিষ্ট বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।

১	২	৩	৪	৫
১৮৫।	হেড জমাদার	..	জমাদার ও সুইপার পদ হইতে পদোন্নতির মাধ্যমে তবে প্রথমোক্ত পদধারীগণ অগ্রাধিকার পাইবেন।	জমাদার পদে কমপক্ষে ৩(তিন) বৎসর এবং সুইপার পদে কমপক্ষে ৮(আট) বৎসরের চাকুরী।
১৮৬।	জমাদার	..	সুইপার পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের চাকুরী।
১৮৭।	সুইপার	..	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কমপক্ষে অষ্টম শ্রেণী পাস।
১৮৮।	ঊর্ধতন টেলিফোন সুপারভাইজার	..	টেলিফোন সুপারভাইজার পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।	ফিডার পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের চাকুরী।
১৮৯।	টেলিফোন সুপারভাইজার	..	অভ্যর্থক পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের চাকুরী
১৯০।	অভ্যর্থক	..	টেলিফোন অপারেটর পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী
১৯১।	টেলিফোন অপারেটর	..	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাস এবং সংশিষ্ট বিষয়ে টি এন্ড টি বোর্ড হইতে সার্টিফিকেট।

	বিজ্ঞাপন শাখাঃ			
১৯২।	পরিচালক (বিজ্ঞাপন)	অনূর্ধ ৩০ বৎসর	(ক) কন্ট্রোলার/সেলস ম্যানেজার পদ হইতে পদোন্নতির মাধ্যমে । (খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ০৫(পাঁচ) বৎসরের চাকুরী।
১৯৩।	কন্ট্রোলার/সেলস ম্যানেজার	..	(ক) বিজ্ঞাপন নির্বাহী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে, প্রেষণে বদলীর মাধ্যমে।	**পদোন্নতির ক্ষেত্রেঃ** ফিডার পদে কমপক্ষে ০৫(পাঁচ) বৎসরের চাকুরী।
১	২	৩	৪	৫
১৯৪।	বিজ্ঞাপন নির্বাহী	..	বিজ্ঞাপন আধিকারিক (গ্রেড-১), বিজ্ঞাপন আধিকারিক (গ্রেড-২) পদ হইতে পদোন্নতির মাধ্যমে তবে প্রথমোক্ত পদধারীগণ অগ্রাধিকার পাইবেন।	এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ৭(সাত) বৎসরের চাকুরী ।
১৯৫।	বিজ্ঞাপন আধিকারিক (গ্রেড-১)	..	বিজ্ঞাপন আধিকারিক (গ্রেড-২) পদ হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ০৪ (চার) বৎসরের চাকুরী ।
১৯৬।	বিজ্ঞাপন আধিকারিক (গ্রেড-২)	..	(ক) ৬০% পদ বিজ্ঞাপন সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) ৪০% সরাসরি নিয়োগের মাধ্যমে। (গ) বিধি ৫(৩) অনুসারে বিজ্ঞাপন আধিকারিক গ্রেড-১ এবং গ্রেড-২ উভয়ের মোট পদ একত্রে হিসাব করিয়া উপরোক্ত কোটা নির্ধারণ করিতে হইবে।	(ক) **পদোন্নতির ক্ষেত্রেঃ** ফিডার পদে কমপক্ষে ১০(দশ) বৎসরের চাকুরী। (খ) **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতক সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী ।
১৯৭।	বিজ্ঞাপন সহকারী	..	(ক) ৫০% পদ উচ্চমান সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে ।	(ক) **পদোন্নতির ক্ষেত্রেঃ** ফিডার পদে কমপক্ষে ০৩(তিন) বৎসরের

(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে ।	চাকুরী। (খ) **সরাসরি নিয়োগের মাধ্যমেঃ** কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতক ডিগ্রী ।

[এসআরও নং-২৫৫ আইন/৯২, তারিখ : ২৬-১১-১৯৯২]

২.২০ বাংলাদেশ টেলিভিশন কর্তৃপক্ষ প্রতিষ্ঠাকল্পে প্রণীত আইন

জাতীয় সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১৭ই জুলাই, ২০০১ (২রা শ্রাবণ, ১৪০৮) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছেঃ

২০০১ সনের ৫৫নং আইন

বাংলাদেশ টেলিভিশন কর্তৃপক্ষ প্রতিষ্ঠাকল্পে প্রণীত আইন

যেহেতু দেশের সম্প্রচার মাধ্যমের সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণকল্পে একটি টেলিভিশন কর্তৃপক্ষ প্রতিষ্ঠা এবং তৎসম্পর্কিত বিধান করা সমীচীন ও প্রয়োজন ;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন :**

(১) এই আইন বাংলাদেশ টেলিভিশন কর্তৃপক্ষ আইন, ২০০১ নামে অভিহিত হইবে।

(২) সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে এই আইন বলবৎ হইবে।

২। **সংজ্ঞা :**

বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে -

(K) ''কর্তৃপক্ষ'' অর্থ ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ টেলিভিশন কর্তৃপক্ষ ;

(L) ''চেয়ারম্যান'' অর্থ কর্তৃপক্ষের চেয়ারম্যান ;

(M) ''টেলিভিশন'' অর্থ বাংলাদেশ টেলিভিশন ;

(N) ''প্রবিধান'' অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান ;

(O) ''বিধি'' অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি ;

(P) ''মহাপরিচালক'' অর্থ কর্তৃপক্ষের মহাপরিচালক ;

(Q) ''সদস্য'' অর্থ কর্তৃপক্ষের কোন সদস্য এবং চেয়ারম্যানও এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবে।

৩। **কর্তৃপক্ষ প্রতিষ্ঠা :**

(১) এই আইন বলবৎ হইবার পর সরকার, যতশীঘ্র সম্ভব, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বাংলাদেশ টেলিভিশন কর্তৃপক্ষ নামে একটি কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করিবে।

(২) কর্তৃপক্ষ একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং এই আইনের বিধানাবলী সাপেক্ষে, ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার ও হস্তান্তর কবিবার ক্ষমতা থাকিবে এবং কর্তৃপক্ষ ইহার নামে মামলা দায়ের করিতে পারিবে এবং উক্ত নামে ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

৪। **প্রধান কার্যালয়, ইত্যাদি :**

কর্তৃপক্ষের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে এবং ইহা, প্রয়োজনবোধে, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশের অন্য যে কোন স্থানে শাখা কার্যালয়, এবং ঢাকাসহ যে কোন স্থানে প্রয়োজনীয় সংখ্যক টেলিভিশন কেন্দ্র স্থাপন করিতে পারিবে।

৫। **কর্তৃপক্ষের গঠন :**

নিম্নবর্ণিত সদস্যগণ সমন্বয়ে কর্তৃপক্ষ গঠিত হইবে, যথাঃ—

(ক) চেয়ারম্যান ;

(খ) উপ- ধারা ৬(১) অনুসারে নিযুক্ত একজন মহিলাসহ ৩ (তিন) জন সদস্য ; এবং

(গ) মহাপরিচালক, পদাধিকারবলে।

৬। **চেয়ারম্যান ও সদস্যগণের নিয়োগ, পদত্যাগ, অব্যাহতি ইত্যাদি**

(১) শিক্ষা, সংস্কৃতি, সাংবাদিকতা, প্রশাসন, টেলিভিশন সম্প্রচার বা ব্যবস্থাপনায় অভিজ্ঞ ব্যক্তিগণের মধ্য হইতে চেয়ারম্যান এবং ধারা ৫(খ) তে উল্লিখিত সদস্যগণ সরকার কর্তৃক নিযুক্ত হইবেন।

(২) কর্তৃপক্ষের চেয়ারম্যানসহ অন্যান্য সদস্য, তবে মহাপরিচালক ব্যতীত, নিম্নবর্ণিত শর্তে কর্মরত থাকিবেনঃ

(ক) চেয়ারম্যান ও উক্ত অন্যান্য সদস্য খন্ডকালীন ভিত্তিতে দায়িত্ব পালন করিবেন ;

(খ) চেয়ারম্যান এবং উক্ত অন্যান্য সদস্যের প্রাপ্য সম্মানী, ভাতা এবং নিয়োগের অন্যান্য শর্তাবলী, এই আইনের বিধান সাপেক্ষে সরকার কর্তৃক স্থিরীকৃত হইবে।

(৩) চেয়ারম্যান এবং অন্যান্য প্রত্যেক সদস্য, তবে মহাপরিচালক ব্যতীত, তাঁহার নিয়োগের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে স্বীয় পদে বহাল থাকিবেন এবং পুনরায় নিয়োগের যোগ্য হইবেনঃ

তবে শর্ত থাকে যে, কোন সদস্যের মেয়াদ শেষ হইবার পূর্বেও সরকার, যে কোন সময় তাঁহাকে তাঁহার দায়িত্ব হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে।

(৪) সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে চেয়ারম্যান বা অন্য যে কোন সদস্য স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন, কিন্তু সরকার কর্তৃক গৃহীত না হওয়া পর্যন্ত উক্ত পদত্যাগ কার্যকর হইবে না।

(৫) চেয়ারম্যানের পদ শূন্য হইলে কিংবা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোন কারণে তিনি তাঁহার দায়িত্বব পালনে অসমর্থ হইলে, শূন্য পদে নবনিযুক্ত চেয়ারম্যান কার্যভার গ্রহণ না করা পর্যন্ত কিংবা চেয়ারম্যান পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত সরকার কর্তৃক মনোনীত কোন সদস্য চেয়ারম্যানের দায়িত্ব পালন করিবেন।

৭। **কমিটি :**

কর্তৃপক্ষ উহার কাজে সহায়তার জন্য, প্রয়োজনবোধে, এক বা একাধিক কমিটি নিয়োগ করিতে পারিবে এবং উক্তরূপ কমিটির সদস্য সংখ্যা, দায়িত্ব এবং কার্যধারা নির্ধারণ করিতে পারিবে।

৮। **কর্তৃপক্ষের কার্যাবলী :**

কর্তৃপক্ষের কার্যাবলী হইবে নিম্নরূপ, যথাঃ

(ক) বাংলাদেশ টেলিভিশনের কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনা, উহার কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন ;

(খ) টেলিভিশন মাধ্যমে সংবাদ প্রচার ও অন্যান্য অনুষ্ঠান সম্প্রচারের মান উন্নয়ন ;

(গ) টেলিভিশন মাধামে সংবাদ প্রচার ও অন্যান্য অনুষ্ঠান সম্প্রচারে সরকার কর্তৃক অনুমোদিত জাতীয় সম্প্রচার নীতিমালা অনুসরণ ও বাস্তবায়ন ;

(ঘ) সংবাদ প্রচার ও অন্যান্য অনুষ্ঠান সম্প্রচারের ক্ষেত্রে নীতি নির্ধারণে সরকারকে সহায়তা প্রদান ;

(ঙ) টেলিভিশন অনুষ্ঠানের মান উন্নয়ন ও শৈল্পিক উৎকর্ষ সাধনের স্বার্থে বিদেশী ও আন্তর্জাতিক গবেষণা, শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সাথে যৌথ কর্মসূচী গ্রহণ করা ;

(চ) অনুষ্ঠানের কারিগরী ও গুণগত মান নিশ্চিতকরণের জন্য প্রয়োজনীয় ভৌত কাঠামো নির্মাণ ও উন্নয়ন ;

(ছ) সরকারের পূর্বানুমোদনক্রমে, টেলিভিশন সেটের লাইসেন্স ফি নির্ধারণ ও আদায়ের ব্যবস্থাকরণ ;

(জ) পবিত্র ধর্মীয় উৎসবসহ জাতীয় গুরুত্বপূর্ণ দিবস, (যেমন শহীদ দিবস- আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, জাতির জনকের জন্মদিন- জাতীয় শিশু দিবস, স্বাধীনতা ও জাতীয় দিবস, জাতীয় শোক দিবস, বিজয় দিবস ইত্যাদি) সম্পর্কিত অনুষ্ঠানমালা গুরুত্বের সহিত টেলিভিশনে প্রচার করা ;

(ঝ) উপরি-উল্লিখিত কার্যাদির সম্পূরক ও প্রাসঙ্গিক অন্যান্য কার্য সম্পাদন।

৯। **কর্তৃপক্ষের কার্যাবলী পরিচালনা ও ব্যবস্থাপনাঃ**

(১) ধারা ৮ এ উল্লিখিত কার্যাবলী সম্পাদন, পরিচালনা ও ব্যবস্থাপনা, এই আইনের বিধান সাপেক্ষে কর্তৃপক্ষের উপর ন্যস্ত থাকিবে।

(২) উক্ত কার্যাবলী সম্পাদন, পরিচালনা ও ব্যবস্থাপনার ক্ষেত্রে কর্তৃপক্ষ জনস্বার্থে, সময় সময় সরকার কর্তৃক, এই আইনের বিধান সাপেক্ষে, প্রদত্ত সাধারণ নির্দেশ ও নির্দেশনা অনুসরণ করিতে বাধ্য থাকিবে।

(৩) কর্তৃপক্ষের উক্ত কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্তে চেয়ারম্যান ও মহাপরিচালক কর্তৃক পালনীয় দায়িত্বসমূহ সরকার সুনির্দিষ্টভাবে নির্ধারণ করিয়া দিতে পারিবে।

১০। **কর্তৃপক্ষের সভা :**

(১) এই ধারার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কর্তৃপক্ষ উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে সভা অনুষ্ঠিত হইবে এবং চেয়ারম্যানের সম্মতিক্রমে মহাপরিচালক এইরুপ সভা আহবান করিবেনঃ

তবে শর্ত থাকে যে, প্রতি দুই মাসে কর্তৃপক্ষের অন্ততঃ একটি সভা অনুষ্ঠিত হইবে।

(৩) চেয়ারম্যান বা তাঁহার অনুপস্থিতির ক্ষেত্রে ধারা ৬ (৫) এ উল্লিখিত সদস্য, এবং অপর ২ (দুই) জন সদস্যের উপস্থিতিতে সভার কোরাম গঠিত হইবে।

(৪) চেয়ারম্যানের অনুপস্থিতিতে ধারা ৬ (৫) এ উল্লিখিত সদস্য কর্তৃপক্ষের সভার সভাপতিত্ব করিবেন।

(৫) উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হইবে এবং ভোটে সমতার ক্ষেত্রে চেয়ারম্যানের দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(৬) শুধুমাত্র কোন সদস্যপদে শূন্যতা বা কর্তৃপক্ষ গঠনে ত্রুটি থাকিবার কারণে কর্তৃপক্ষের কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোন প্রশ্নও উত্থাপন করা যাইবে না।

(৭) কর্তৃপক্ষের প্রতিটি সভার কার্যবিবরণী ও গৃহীত সিদ্ধান্তের অনুলিপি সরকারের নিকট প্রেরণ করিতে হইবে, এবং উক্ত সিদ্ধান্ত এই আইন বা জাতীয় সম্প্রচার নীতিমালার পরিপন্থী হইলে উহা বাতিল বা সংশোধন করার জন্য বা কার্যকর না করার জন্য সরকার নির্দেশ প্রদান করিতে পারিবে এবং তদানুসারে কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

১১। **মহাপরিচালক :**

(১) কর্তৃপক্ষের একজন মহাপরিচালক থাকিবেন।

(২) মহাপরিচালক সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাঁহার চাকুরীর শর্তাদি সরকার কর্তৃক স্থিরীকৃত হইবে।

(৩) মহাপরিচালকের পদ শূন্য হইলে, কিংবা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোন কারণে মহাপরিচালক তাঁহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে শূন্য পদে নবনিযুক্ত মহাপরিচালক কার্যভার গ্রহণ না করা পর্যন্ত কিংবা মহাপরিচালক পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত সরকার কর্তৃক মনোনীত কোন ব্যক্তি মহাপরিচালকরুপে দায়িত্ব পালন করিবে।

(৪) মহাপরিচালক কর্তৃপক্ষের সার্বক্ষণিক মূখ্য নির্বাহী কর্মকর্তা হইবেন; এবং এই আইনের বিধানাবলী সাপেক্ষে, সরকার কর্তৃক নির্দেশিত কার্যাবলী সম্পাদন, ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব সম্পাদন করিবেন।

১২। **কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ :**

ধারা ২১(ঙ) এর বিধান সাপেক্ষে, কর্তৃপক্ষ উহার দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের জন্য প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ করিতে পারিবে এবং তাঁহাদের চাকুরীর শর্তাবলী প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

১৩। **ঋণ গ্রহণ** :

এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, ঋণ গ্রহণ করিতে পারিবে।

১৪। **চুক্তি :**

কর্তৃপক্ষ উহার কার্যাবলী সম্পাদনে প্রয়োজনে চুক্তি সম্পাদন করিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, কোন বিদেশী সরকার বা আন্তর্জাতিক সংস্থার সহিত চুক্তির ক্ষেত্রে সরকারের পূর্ব অনুমোদন গ্রহণ করিতে হইবে।

১৫। **কর্তৃপক্ষের তহবিল :**

(১) কর্তৃপক্ষের একটি তহবিল থাকিবে এবং উহাতে নিম্নবর্ণিত অর্থ জমা হইবে, যথাঃ

(K) সরকার কর্তৃক প্রদত্ত অনুদান ;

(L) কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত ঋণ ;

(M) কর্তৃপক্ষের নিজস্ব আয় ;

(N) কোন স্থানীয় কর্তৃপক্ষ বা অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত অনুদান ;

(O) কোন বিদেশী সরকার, সংস্থা বা কোন আন্তর্জাতিক সংস্থা হইতে প্রাপ্ত অনুদান ;

(P) অন্য কোন উৎস হইতে প্রাপ্ত অর্থ।

(২) এই তহবিলে জমাকৃত অর্থ কোন তফসিলি ব্যাংকে জমা রাখা হইবে এবং প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে উক্ত অর্থ উঠানো যাইবে।

(৩) এই তহবিল হইতে কর্তৃপক্ষের প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করা হইবে।

(৪) কর্তৃপক্ষের তহবিল বা উহার অংশবিশেষ সরকার কর্তৃক অনুমোদিত খাতে বিনিয়োগ করা যাইবে।

(৫) সংশ্লিষ্ট অর্থ বৎসরে কর্তৃপক্ষের ব্যয় নির্বাহের পর কর্তৃপক্ষের তহবিলে উদ্বৃত্ত থাকিলে, সরকারের নির্দেশ অনুসারে উহার সম্পূর্ণ বা অংশবিশেষ সরকারের কোষাগারে জমা করিতে হইবে।

১৬। **বাজেট :**

(১) মহাপরিচালক প্রতি বৎসর সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পরবর্তী অর্থ বৎসরের বার্ষিক বাজেট বিবরণী সরকারের নিকট পেশ করিবেন এবং উহাতে উক্ত অর্থ বৎসরে সরকারের নিকট হইতে কর্তৃপক্ষের কি পরিমাণ অর্থের প্রয়োজন উহার উল্লেখ থাকিবে।

(২) উক্তরূপ বাজেট প্রণয়নের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে এবং প্রস্তাবিত বাজেটে কর্তৃপক্ষের অনুমোদন থাকিতে হইবে।

১৭। **হিসাব রক্ষণ ও নিরীক্ষা :**

(১) কর্তৃপক্ষ যথাযথভাবে উহার হিসাব রক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

(২) মহাহিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহাহিসাব-নিরীক্ষক নামে অভিহিত, প্রতি বৎসর কর্তৃপক্ষের হিসাব নিরীক্ষা করিবেন এবং নিরীক্ষা প্রতিবেদনের একটি করিয়া অনুলিপি সরকার ও কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন।

(৩) উপ-ধারা (২) মোতাবেক হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে মহাহিসাব-নিরীক্ষক কিংবা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি কর্তৃপক্ষের সকল রেকর্ড, দলিল-দস্তাবেজ, নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ জামানত, ভান্ডার এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং কর্তৃপক্ষের চেয়ারম্যানসহ যে কোন সদস্য, কর্মকর্তা ও কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

১৮। **প্রতিবেদন :**

(১) প্রতি আর্থিক বৎসর শেষ হইবার সঙ্গে সঙ্গে কর্তৃপক্ষ উক্ত বৎসরে সম্পাদিত কার্যাবলীর বিবরণসম্বলিত একটি বার্ষিক প্রতিবেদন সরকারের নিকট পেশ করিবে।

(২) সরকার প্রয়োজনমত কর্তৃপক্ষের নিকট হইতে যে কোন সময়ে উহার যে কোন কাজের প্রতিবেদন বা বিবরণী আহবান করিতে পারিবে এবং কর্তৃপক্ষ উহা সরকারের নিকট প্রেরণ করিতে বাধ্য থাকিবে।

১৯। **বিধি প্রণয়নের ক্ষমতা :**

সরকার, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

২০। **প্রবিধান প্রণয়নের ক্ষমতা :**

কর্তৃপক্ষ, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকারের পূর্বানুমোদনক্রমে এবং সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইন বা বিধির সহিত অসংগতিপূর্ণ নহে এইরূপ প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

২১। **বিদ্যমান বাংলাদেশ টেলিভিশন সম্পর্কিত বিধান :**

এই আইন কার্যকর হইবার সংগে সংগে :—

(K) বিদ্যমান বাংলাদেশ টেলিভিশন সংগঠন, অতঃপর বিলুপ্ত সংগঠন বলিয়া উল্লিখিত, বিলুপ্ত হইবে ;

(L) বিলুপ্ত সংগঠনের স্থাবর ও অস্থাবর সকল সম্পত্তি এবং নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ কর্তৃপক্ষের নিকট হস্তান্তরিত হইবে এবং উক্ত সম্পত্তি ও অর্থ কর্তৃপক্ষের সম্পত্তি ও অর্থ হইবে ;

(M) বিলুপ্ত সংগঠনের সকল ঋণ, দায়-দায়িত্ব, উন্নয়ন প্রকল্প, যদি থাকে, কর্তৃপক্ষের ঋণ, দায়-দায়িত্ব এবং প্রকল্প হইব ;

(N) বিলুপ্ত সংগঠন কর্তৃক অথবা উহার বিরুদ্ধে দায়েরকৃত সকল মামলা- মোকদ্দমা কর্তৃপক্ষ কর্তৃক অথবা কর্তৃপক্ষের বিরুদ্ধে দায়েরকৃত বলিয়া গণ্য হইবে এবং সেইভাবে সকল মামলা-মোকদ্দমা পরিচালিত হইবে ;

(O) বিলুপ্ত সংগঠনে, এই আইন প্রবর্তনের অব্যবহিত পূর্বে, যে সকল কর্মকর্তা ও কর্মচারী কর্মরত ছিলেন তাহারা সরকারি কর্মকর্তা ও কর্মচারী হিসাবে কর্তৃপক্ষের নিয়ন্ত্রাধীনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারী বলিয়া গণ্য হইবেন এবং সরকার বা সংশ্লিষ্ট আইন প্রণয়নকারী কর্তৃপক্ষ কর্তৃক তাহাদের ক্ষেত্রে প্রযোজ্য আইন কানুন পরিবর্তিত না হওয়া পর্যন্ত তাহাদের পদোন্নতিসহ চাকুরীর অন্যান্য শর্তাবলী পূর্ববৎ বহাল থাকিবে।

[বাংলাদেশ জাতীয় সংসদ, তারিখ: ১৭ই জুলাই, ২০০১/২রা শ্রাবণ, ১৪০৮]